# জাগোবাংলা

মা মাটি মানুষের পক্ষে সওয়াল

e-paper :www.epaper.jagobangla.in /DigitalJagoBangla /jagobangladigital /jago_bangla www.jagobangla.in


## অচেনা লাচুং

দেশের ২৮টির মধ্যে ২২টি রাজ্য কর রাজস্বের অংশীদারিত্ব বাড়িয়ে ৫০% করার দাবি জানিয়েছে। বর্তমানে ৪১% অংশীদারিত্ব রাজ্যের। কেন্দ্রের ৫৯%। এই হিসেব বদলেই ৫০:৫০ করার দাবি উঠেছে




## জারি হলুদ সতর্কতা



দক্ষিণের জেলায় শুরু বৃষ্টি। হলুদ সতর্কতা জারি ৯ জেলায়। পূর্ব ও পশ্চিম বর্ধমান, মুর্শিদাবাদ, দুই মেদিনীপুর ও দুই ২৪ পরগনায় ঘণ্টায় প্রায় ৫০ কিমি বেগে ঝোড়ো হাওয়া। আর্দ্রতাজনিত কারণে অস্বস্তি থাকবে

## রাজধানীর রাস্তায় শ্যুট-আউট পুলিশকে গুলি, ধৃত ২ দুষ্কৃতী



## প্রয়োজনের তুলনায় কম পুলিশ বেঙ্গালুরুতে পদপিষ্টে মৃত্যু বেড়ে ১২




বর্ষ - ২১, সংখ্যা ১৩ ● ৬ জুন, ২০২৫ ● ২২ জ্যৈষ্ঠ ১৪৩২ ● শুক্রবার ● দাম - ৪ টাকা ● ১৬ পাতা ● Vol. 21, Issue - 13 ● JAGO BANGLA ● FRIDAY ● 6 JUNE, 2025 ● 16 Pages ● Rs-4 ● RNI NO. WBBEN/2004/14087 ● KOLKATA


## মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে লাগাতার কুৎসা-অপপ্রচার-মিথ্যাচার

# প্রতিবাদে আজ রাজপথে তৃণমূল মহিলা কংগ্রেস

**প্রতিবেদন :** মুখ্যমন্ত্রী তথা দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে কুৎসা ও ঘৃণ্য মিথ্যাচারের প্রতিবাদে পথে নামছে তৃণমূল মহিলা কংগ্রেস। আজ, শুক্রবার সংগঠনের সভানেত্রী চন্দ্রিমা ভট্টাচার্যের নেতৃত্বে পথে প্রতিবাদে গর্জে উঠবেন মহিলারা। বিকেল সাড়ে ৩টেয় তাঁরা ট্রায়াঙ্গুলার পার্ক থেকে প্রতিবাদ মিছিল করে যাবেন হাজরা মোড় পর্যন্ত। কংগ্রেসের বিরুদ্ধে রাজনৈতিকভাবে লড়াই করতে না পেরে ব্যক্তিকুৎসায় নেমেছে বাম-বিজেপি-কংগ্রেসের একদল নিকৃষ্ট শ্রেণির লোকজন। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের শৈশবের একটি ছবি, যেখানে তাঁর বাবা অমিত বন্দ্যোপাধ্যায় এবং মা লতা বন্দ্যোপাধ্যায় রয়েছেন। সেই ছবি তুলে ধরে সোশ্যাল মিডিয়ায় বিকৃত প্রচার চালাচ্ছে অতৃপ্ত আত্মার দল। এর বিরুদ্ধে আগেও প্রতিবাদে গর্জে উঠেছে তৃণমূল কংগ্রেস। এবার প্রতিবাদ আরও জোরালো হচ্ছে।



এই পরিকল্পিত কুৎসার বিরুদ্ধে বৃহস্পতিবারও ফের একবার প্রতিবাদ করা হল দলের তরফে। কারণ বিজেপির মাথা মোড়ানো এক স্বঘোষিত নেতা ও আরও কিছু বিকৃত মানসিকতার তথাকথিত রাজনৈতিক কারবারিরা কুৎসা-মিথ্যাচার ও অপপ্রচার চালিয়ে যাচ্ছে। এর বিরুদ্ধে এবার শুধু মুখে নয়, রাস্তায় নেমে প্রতিবাদ করবে তৃণমূল কংগ্রেস। চন্দ্রিমা ভট্টাচার্য জানান, আমাদের দলনেত্রী বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে যেভাবে নোংরা ভাষা ব্যবহার করা হচ্ছে ও কুৎসা-অপপ্রচার-মিথ্যাচার করা হচ্ছে তার বিরুদ্ধেই আমরা মহিলারা রাস্তায় নামছি।

একজন মহিলা মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে এ-ধরনের কুৎসা ও অপপ্রচার করা যায় কি? প্রশ্ন চন্দ্রিমার। বিষয়টি নিয়ে আগেও প্রতিবাদ করেছেন দলের রাজ্য সাধারণ সম্পাদক ও মুখপাত্র কুণাল ঘোষ। এদিন ফের তীব্র প্রতিবাদ করে কুৎসাকারীদের ধুয়ে দিয়ে তিনি বলেন, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে তাঁর বাবা-মায়ের ছবি নিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়কে জড়িয়ে যে বিকৃত মানসিকতার উদাহরণ দেখা যাচ্ছে তা নিন্দনীয়। তৃণমূল কংগ্রেস এর প্রতিবাদ করেছে, করবেও। অনেকে কুৎসা করে মামলার ভয় পাচ্ছেন। কিন্তু একজন মহিলা মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে কুৎসা, অপপ্রচার করবেন আর মামলার (এরপর ১০ পাতায়)



## মুখ্যমন্ত্রীর কথা ও সুরে গান গাইলেন এবার রূপঙ্কর

**প্রতিবেদন :** ফের গান লিখলেন মুখ্যমন্ত্রী। এবার পরিবেশ দিবসকে সামনে রেখে কলম ধরেছেন তিনি। সেই গান ও ভিডিও বৃহস্পতিবার সোশ্যাল মিডিয়ায় পোস্টও করেছেন। মমতা বন্দ্যোপাধ্যায় শুভেচ্ছা জানিয়ে লিখেছেন— **'সবুজ বাঁচাও, সবুজ জাগাও। সবুজের মাঝে, পরিবেশ বাঁচাও।'**

## বিশ্ব পরিবেশ দিবসে সবুজ বাঁচাওয়ের ডাক

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে আমার কথা ও সুরে, সংগীত শিল্পী রূপঙ্কর বাগচীর কণ্ঠে— সবুজের আহ্বানে সবুজের গান।'

মুখ্যমন্ত্রীর লেখা ও সুর-করা পুজোর একাধিক গান সুপার ডুপার হিট। নামীদামি শিল্পীরা তাঁর লেখা গান গেয়েছেন। এবার গাইলেন রূপঙ্কর। নিশ্চিতভাবেই এই গানও সুপারহিট হতে চলেছে।

৫ জুন বিশ্ব পরিবেশ দিবস। ১৯৭২ সালের ৫ জুন, সুইডেনের মানব পরিবেশের উপর জাতিসংঘের সম্মেলন অনুষ্ঠিত হয়। এই দিনটিকে স্মরণীয় করে রাখতেই ১৯৭৩ সাল থেকে প্রতি বছর ৫ জুন দিনটিতে পালন করা হয় বিশ্ব পরিবেশ দিবস।

## দিনের কবিতা

'জাগোবাংলা'য় শুরু হয়েছে নতুন সিরিজ— 'দিনের কবিতা'। মমতা বন্দ্যোপাধ্যায়ের কবিতাবিতান থেকে একেকদিন এক-একটি কবিতা নির্বাচন করে ছাপা হবে দিনের কবিতা। সমকালীন দিনে যার জন্ম, চিরদিনের জন্য যার যাত্রা, তা-ই আমাদের দিনের কবিতা।



### জীবন-নদী

স্রোতস্বিনী নদীর মতো
জীবন-নদীও এক বহতা ধারা
যার শুরু আছে।
শেষ কিনারা?
নীরব কর্কশ দাঁড়কাক
শিশির দর্শন করতে চায়।
চঞ্চল জীবন।
এই আছে এই নেই,
শালুক পাতায় জল,
কলসিগুচ্ছ শ্যাওলায়
আবার দূরভাষ স্বপ্ন।
শরীরের ডালপালাগুলো
শালিক-চিল-চড়াই পাখি।
ঘুমের মধ্যেও হারিয়ে যায়,
অনেক রাত কেটে যায় ঘুমে।
ভোর আসে,
কিন্তু কখনো সখনো
আলোর চিকিমিকি জ্যোৎস্নারাতে
রুপালি বালির ঢেউ ধরে —
জীবন চলে যায়।
সুদূর নীহারিকায়
এক নক্ষত্রের মাটিতে।

## সেনাকে ধন্যবাদ জানিয়ে বিধানসভায় আসছে প্রস্তাব

**প্রতিবেদন :** অপারেশন সিঁদুরে ভারতীয় সেনাবাহিনীর কৃতিত্বের জন্য তাঁদের ধন্যবাদ জানিয়ে রাজ্য বিধানসভায় একটি প্রস্তাব আনা হচ্ছে। আগামী মঙ্গলবার বিধানসভার আগামী অধিবেশনের দ্বিতীয় দিনে এই সরকারি প্রস্তাব নিয়ে দু'ঘণ্টা আলোচনা হবে বলে রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। আগামী সোমবার থেকে বিধানসভার পরবর্তী অধিবেশন শুরু হচ্ছে। সপ্তাহ দুয়েক চলবে অধিবেশন। দ্বিতীয় দিনেই ওই প্রস্তাবের উপর আলোচনা হবে। (এরপর ১০ পাতায়)



অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের ঘরে সর্বদলীয় বৈঠক।

## সিকিমের লাচুং ■ বরফে ঢেকেছে এলাকা



## সরকারি জমিতে দখলদারি তুলে আবাসন প্রকল্প করতে সমীক্ষা

**প্রতিবেদন :** সরকারি জমিতে দখলদারি রুখে আবাসন নির্মাণের কাজে ব্যবহার করতে বড় পদক্ষেপ নিতে চলেছে রাজ্য সরকার। হাউজিং বোর্ড সূত্রে জানা গিয়েছে, দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিম বর্ধমান, জলপাইগুড়ি ও হুগলি—এই চার জেলায় মোট ৬১.০৮৭ একর জমির উপর বিস্তৃত সমীক্ষা চালানো হবে। ইতিমধ্যে 'টপোগ্রাফিক' ও 'কনট্যুর' সমীক্ষার জন্য বিভিন্ন সংস্থার কাছ থেকে দরপত্র আহ্বান করা হয়েছে। এই প্রকল্পের মূল উদ্দেশ্য হল জমির সঠিক ব্যবস্থাপনা, দখলদারিকে প্রতিহত করা এবং আবাসন প্রকল্পের পথ সুগম করা। (এরপর ১০ পাতায়)

## দিল্লি যাচ্ছেন না মুখ্যমন্ত্রী

**প্রতিবেদন :** এখনই দিল্লি যাচ্ছেন না মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কলকাতায় এবং রাজ্যে তাঁর নিত্য-নৈমিত্তিক প্রচুর কাজ রয়েছে। এছাড়া ৯ জুন থেকে রাজ্য বিধানসভার অধিবেশন শুরু হচ্ছে। সবদিক বিবেচনা করে এখনই দিল্লি যাওয়ার কথা ভাবছেন না মুখ্যমন্ত্রী। বাংলার বকেয়া নিয়ে তিনি উদ্বিগ্ন ঠিকই, কেন্দ্রের কাছে একাধিকবার দরবারও করেছেন বকেয়া মেটাতে। প্রয়োজনে ভবিষ্যতেও করবেন। প্রধানমন্ত্রীর কাছেও দরবার করেছেন ফাইল দিয়ে তথ্য-প্রমাণ সহকারে। ফলে তাঁর কাছে আগে বাংলা। বাকি সবকিছু পিছনে। তবে বর্তমান পরিস্থিতিতে দিল্লি যাচ্ছেন না তিনি।


# নানা রকম

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল




## তারিখ অভিধান


**১৯১১ নীহাররঞ্জন গুপ্ত**



(১৯১১-১৯৮৬) অধুনা বাংলাদেশের নড়াইলে জন্ম নেন। পেশায় চিকিৎসক। বাংলা গোয়েন্দা সাহিত্যে তাঁর সংযোজন কিরীটী রায়। পাঁচকড়ি দে-সহ অন্যান্য বাঙালি লেখকের ভক্ত হওয়া এবং লন্ডনে বিশ্বখ্যাত গোয়েন্দা কাহিনির লেখক আগাথা ক্রিস্টির সঙ্গে সাক্ষাৎ ছিল লেখকের অনুপ্রেরণা। কিরীটীর স্রষ্টা পেশায় চিকিৎসক হওয়ায়, চিকিৎসাশাস্ত্রের নানা দিক উঠে এসেছে ‘ক্যাকটাসের বিষ’, ‘মরফিন’, ‘একিমোসিস’ ‘হাইপোডার্মিক নীডল’-এর মতো গল্পে। এমনকী অবচেতন মনের দুঃস্বপ্ন, মৃত্যুভয়, আত্মহত্যাপ্রবণতার মতো মনস্তাত্ত্বিক বিষয়গুলোও যে কত বড় অপরাধের সূত্রপাত ঘটাতে পারে, তা-ও নীহাররঞ্জনের আগে কেউ এভাবে তুলে ধরেনি।



**১৮৬৭ শম্ভুনাথ পণ্ডিত** (১৮২০-১৮৬৭) এদিন সকাল সাড়ে সাতটায় প্রয়াত হন। কলকাতা হাইকোর্টের প্রথম দেশীয় বিচারপতি। বিদ্যাসাগরের সমর্থনে বিধবা বিবাহের আসরেও তিনি হাজির। কপর্দকশূন্য মধুসূদনকে ব্যারিস্টার করে কলকাতা হাইকোর্টে উপার্জনের সুযোগ করে দিয়েছিলেন শম্ভুনাথ। শম্ভুনাথের একটা ফোড়া হয়, যার অনেক মুখ। প্রথমে কবিরাজ দেখিয়েছিলেন। তার পর বেথুনের জোরাজুরিতে প্রেসিডেন্সি হাসপাতালের সার্জন এসে দেখে যান। তিনি জানান শম্ভুনাথের কার্বাঙ্কল হয়েছে। অপারেশন করতে হবে। কিন্তু অপারেশনে শম্ভুনাথ রাজি নন। ফোঁড়া থেকে বিষক্রিয়া ক্রমশ ছড়িয়ে পড়ল শরীরে। তার ফলে মৃত্যু। এখন যেখানে হাসপাতাল, সেখানে আগে ছিল একটি দাতব্য চিকিৎসালয়। আর শম্ভুনাথ থাকতেন এখন যেখানে বাঙুর ইনস্টিটিউট অফ নিউরোলজি, তার উল্টো দিকে। বিকেলের দিকে প্রায়ই দাতব্য চিকিৎসালয়ে এসে বসতেন। গরিব রোগীদের ওষুধ ও পথ্যের ব্যবস্থা করতেন। তাঁর খুব ইচ্ছে ছিল, এই এলাকায় শুধু ভারতীয়দের জন্য নিখরচায় চিকিৎসার জন্য একটি হাসপাতাল হোক। তাঁর অকালমৃত্যুর পরে তাঁর স্মৃতি রক্ষা কমিটির উদ্যোগে হাসপাতালটি স্থাপিত হয়।



**১৯১৯ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী** (১৮৬৪-১৯১৯) এদিন পরলোক গমন করেন। তিনি সেই পর্বের বাঙালি, যখন এই উপনিবেশে আধুনিক প্রাতিষ্ঠানিক বিজ্ঞানচর্চা সবে খানিকটা অবয়ব ধারণ করছে। বিজ্ঞানে কোনও মৌলিক গবেষণা করে রামেন্দ্রসুন্দর খ্যাতি লাভ করেননি ঠিকই, তবু দেশে বিজ্ঞান শিক্ষার উন্নতি, বিজ্ঞানচর্চার প্রসারের জন্য তার অবদান অবিস্মরণীয়। বিজ্ঞানবিষয়ক বহু বই রচনা করে সাধারণের কাছে তিনি বিজ্ঞানকে সহজলভ্য করে তোলেন। ১৯০৫ সালের বঙ্গভঙ্গের তিনি ঘোর বিরোধী ছিলেন। বঙ্গভঙ্গের বিরোধিতায় সে বছর তাঁর আহ্বানে একদিন সমগ্র বাংলাদেশে অরন্ধন দিবস পালিত হয়।

**১৮৮২ বোম্বে সাইক্লোন**

আছড়ে পড়েছিল আরব সাগরের তীরে বোম্বাই (অধুনা মুম্বই) শহরে। মার্কিন সংবাদপত্রের প্রতিবেদনে লেখা হয়েছিল, সেই সাইক্লোন ছিল টর্নেডোর মতো। বাতাসের গতি ছিল ঘণ্টায় ১১০ মাইল। ঢেউয়ের উচ্চতা পৌঁছেছিল ১৮ ফুটে। এক লক্ষেরও বেশি মানুষ প্রাণ হারান। আবহাওয়াবিদদের গবেষণায় অবশ্য উঠে এসেছে অন্য তথ্য। তাঁদের মতে, এমন কিছু নাকি ঘটেনি এদিন। সে-বছর ৪ জুন বোম্বেতে প্রবল ঝড়বৃষ্টি হয়। তার বেশি কিছু হয়েছিল, এমন নথি তাঁরা পাননি। তাঁদের ভাষ্য অনুযায়ী, উনিশ শতকে সবচেয়ে বড় প্রাকৃতিক বিপর্যয় বোম্বে দেখছিল ১৮৫৪-তে। সেবার হাজারখানেক মানুষ মারা পড়েছিলেন। অর্ধেক মিলিয়ন পাউন্ড স্টার্লিং সম্পত্তির ক্ষয়ক্ষতি হয়েছিল সেবার।



**১৯২৯ সুনীল দত্ত** (১৯২৯-২০০৫) অধুনা পাকিস্তানের ঝিলামে জন্ম নেন। চলচ্চিত্র অভিনেতা, প্রযোজক, পরিচালক এবং রাজনীতিবিদ। তিনি মনমোহন সিং-এর সরকারে ‘যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের’ ক্যাবিনেট মন্ত্রী ছিলেন। তাঁর বর্ণময় কেরিয়ারে কুন্দন, কিসমত কা খেল, মাদার ইন্ডিয়া, হম হিন্দুস্তানি, ওয়াক্ত, ছায়া, মেরা সায়া, মিলন, হমরাজ, চিরাগ, হিমালয় সে উঁচা, পাপী, পড়োশন, মুকাবলা, ল্যায়লা, ওয়তন কে রখওয়ালে, ফুল, পরম্পরা এবং মুন্নাভাই এমবিবিএস-এর মতো হিট ছবিতে অভিনয় করেছেন। তিন সন্তান— সঞ্জয়, নম্রতা ও প্রিয়াকে নিয়ে স্ত্রী নার্গিস বেড়াতে চলে গেলে কিছুটা বিষণ্ণ হয়ে পড়েছিলেন অভিনেতা সুনীল দত্ত। বাড়ি ফিরে পরিবারকে দেখতে না পাওয়া এক ব্যক্তিকে নিয়েই তাই ছবি তৈরি করেছিলেন তিনি। নাম, ‘ইয়াদেঁ’। ১৯৬৪-র এই হিন্দি ছবিটি পরিচালনা করেছিলেন তিনি নিজেই। তাঁর পরিচালিত প্রথম হিন্দি ছবি এটিই। কিন্তু, এ-সবের থেকেও বেশি যে কারণের জন্য ‘ইয়াদেঁ’ স্মরণীয় হয়ে রয়েছে, তা হল ছবির শুরু ও শেষে ক্রেডিট টাইটেলের একটি লেখা। ‘দুনিয়ার প্রথম একজন অভিনেতা অভিনীত সিনেমা’। পরবর্তীতে রবার্ট অল্টম্যানের ‘সিক্রেট হরর’, অ্যান্ডি ওয়ারহোলের ‘স্লিপ’-এর পাশাপাশি সুনীল দত্তের ‘ইয়াদেঁ’কেও জায়গা দেয় গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ডস।

**১৯৭১ লাবণ্যপ্রভা দত্ত** (১৮৮৮-১৯৭১) এদিন প্রয়াত হন। ১৯০৬ সালে স্বদেশি আন্দোলনে যুক্ত হন। স্বদেশি কাজে যুক্ত ছেলেদের অর্থ দিয়ে সাহায্য করতেন। তিনি নিজের স্বামীকে প্রভাবিত করেছিলেন স্বদেশিভাবাপন্ন করতে। ১৯৩০ সালে তিনি ‘আনন্দমঠ’ নামে একটি প্রতিষ্ঠান গঠন করে দেশসেবার কাজে নিজেকে নিয়োজিত করেন। ১৯৩৩ সালে ‘নারী সত্যাগ্রহ সমিতি’ গঠন করেন। আইন অমান্য আন্দোলনে অংশ নেওয়ার জন্য তিনি গ্রেফতার হন ও তিনমাস জেল খাটেন।

**১৯০৩ হীরালাল সেন** এদিন ‘জবাকুসুম হেয়ার অয়েল’ আর ‘এডওয়ার্ডস টনিক’-এর ওপর বিজ্ঞাপনী ছবি তৈরি করেন। তিনিই ভারতের সর্বপ্রথম বিজ্ঞাপন-বিষয়ক চলচ্চিত্র তৈরি করেছিলেন।

## পার্টির কর্মসূচি



বিশ্ব পরিবেশ দিবসে নানা কর্মসূচির সঙ্গে বৃক্ষরোপণ ও প্লাস্টিকমুক্ত সমাজ গড়ার প্রয়াস নেয় বারাসত পুরসভা। জেলা পুলিশের সহযোগিতায় ২১ নম্বর ওয়ার্ডের বাদু পুলিশ আউটপোস্টের কর্মসূচিতে রয়েছেন তৃণমূল কাউন্সিলর ডাঃ বিবর্তন সাহা।


বৃক্ষরোপণের মধ্য দিয়ে বিশ্ব পরিবেশ দিবস উদযাপন করল ফকির চাঁদ কলেজের তৃণমূল ছাত্র পরিষদের ছাত্রছাত্রীরা। ফকির চাঁদ কলেজ এ-বছর ৭৭তম বর্ষে পদার্পণ করল। ডায়মন্ড হারবার বিধানসভার তৃণমূলের পর্যবেক্ষক সামিম আহমেদের উদ্যোগে ছাত্রছাত্রীরা এদিন কলেজ প্রাঙ্গণ ও হুগলি নদীর তীরবর্তী এলাকায় ৭৭টি বৃক্ষরোপণ করে।



■ তৃণমূল কংগ্রেস পরিবারের সহকর্মীদের প্রতি : আপনার এলাকায় কোনও কর্মসূচি থাকলে তা আগাম জানান। এবং কর্মসূচি পালনের পর ছবি-সহ প্রতিবেদন পাঠান।

ই মেল : jagabangla@gmail.com
editorial@jagobangla.in

## শব্দবাংলা-১৪০৪



**পাশাপাশি :** ১. ভোজনরসিক গ্রিক দার্শনিক ৬. সূর্য ৮. উপায়, সহায় ৯. ভূমিষ্ঠ হওয়া ১০. স্বর্গ ১২. সেতুর পাশের রেলিং ১৩. অসংখ্য ১৫. আমির খসরু রচিত চারটি গজল সংকলন গ্রন্থের অন্যতম।

**উপর-নিচ :** ২. একধরনের ঘূর্ণিঝড় ৩. রাজপ্রতিনিধি ৪. সমিতি, পরিষদ ৫. খাজাঞ্চির জাবদায় ৭ রামানন্দ রায়ের এক বংশধর প্রবর্তিত কীর্তন ১১. প্রকৃতি ১২. কিছু সাদৃশ্য ১৪. সেইসময়, সে কাল।

■ শুভজ্যোতি রায়

**সমাধান ১৪০৩ : পাশাপাশি :** ১. আভিজাতিক ৫. ফুল্লাধর ৬. দামাল ৭. নরবলি ৯. পাটাতন ১২. খোকন ১৩. শাদরজা ১৪. চামড়া তোলা। **উপর-নিচ :** ১. অফুরান ২. আরদালি ৩. জামালকোটা ৪. কল্লোল ৮. বড়খোবড়া ৯. পানশালা ১০. নবজাত ১১. খরচা।

## ৫ জুন কলকাতায় সোনা-রুপোর বাজারদর

| | |
|---|---|
| পাকা সোনা (২৪ ক্যারেট, ১০ গ্রাম), | ৯৭৫৫০ |
| গহনা সোনা (২২ ক্যারেট, ১০ গ্রাম), | ৯৮০৫০ |
| হলমার্ক গহনা সোনা (২২ ক্যারেট, ১০ গ্রাম), | ৯৩২০০ |
| রুপোর বাট (প্রতি কেজি), | ১০২৭৫০ |
| খুচরো রুপো (প্রতি কেজি), | ১০২৮৫০ |

সূত্র : ওয়েস্ট বেঙ্গল বুলিয়ন মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন। দর টাকায় (জিএসটি),

## মুদ্রার দর (টাকায়)

| মুদ্রা | ক্রয় | বিক্রয় |
|---|---|---|
| ডলার | ৮৬.৬৯ | ৮৫.৩৯ |
| ইউরো | ৯৯.৪৮ | ৯৭.৭৭ |
| পাউন্ড | ১১৮.১৪ | ১১৬.০৬ |

## নজরকাড়া ইনস্টা



■ শিল্পা শেঠি



■ তাপসী পান্নু

সম্পাদক : শোভনদেব চট্টোপাধ্যায়
● সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের পক্ষে ডেরেক ও'ব্রায়েন কর্তৃক তৃণমূল ভবন, ৩৬জি, তপসিয়া রোড, কলকাতা ৭০০ ১০০ থেকে প্রকাশিত ও প্রতিদিন প্রকাশনী প্রাইভেট লিমিটেড, ২০ প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা ৭০০ ০৭২ থেকে মুদ্রিত।
সিটি অফিস : ২৩৪/৩এ, এজেসি বোস রোড, পঞ্চম তল, কলকাতা ৭০০ ০২০

Editor : SOBHANDEB CHATTOPADHYAY
Owned by ALL INDIA TRINAMOOL CONGRESS, Published by Derek O'Brien from Trinamool Bhavan, 36G Topsia Road, Kolkata 700 100 and Printed by the same from Pratidin Prakashani Pvt. Ltd., 20 Prafulla Sarkar Street, Kolkata 700 072
Regd. No. WBBEN/2004/14087
● Postal No. Kol RMS/352/2012-2014 DL. No. 15 dt 19/7/21
City Office : 234/3A, A. J. C Bose Road, 4Th Floor, Kolkata 700 020

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

আমারশহর

৩
৬ জুন
২০২৫
শুক্রবার

6 June, 2025 • Friday • Page 3 || Website - www.jagobangla.in

হুগলি নদীতে স্নান করতে গিয়ে তলিয়ে গেল দুই যুবক। মহেশতলা পুরসভার ৭ নং ওয়ার্ডের রবীন্দ্রনগর থানার আকরা তারামা ফোর্ট ঘাটের ঘটনা। তল্লাশি শুরু করেছে পুলিশ



বৃহস্পতিবার সন্ধ্যায় চোখের চিকিৎসা করে এসএসকেএম হাসপাতাল থেকে বেরিয়ে আসছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।



বিধাননগর কর্পোরেশনের মেয়র কৃষ্ণা চক্রবর্তীর উদ্যোগে পালিত হল বিশ্ব পরিবেশ দিবস। মেয়র সকলের কাছে প্লাস্টিক বর্জনের আবেদন জানান। ছিলেন দমকলমন্ত্রী সুজিত বসু, বিধায়ক তাপস চট্টোপাধ্যায়-সহ মেয়র পারিষদ ও কাউন্সিলররা।

## কলকাতা ক্লাইমেট অ্যাকশন প্ল্যান

# পরিবেশ রক্ষায় কলকাতা পুরসভার সচেতনতা প্রচার

**প্রতিবেদন :** সেই ২০২২ সালে যাত্রা শুরু। শহর কলকাতার পরিবেশকে আরও সবুজ, আরও নির্মল করে তোলার অঙ্গীকার নিয়ে 'কলকাতা ক্লাইমেট অ্যাকশন প্ল্যান (কে-)'-এর ভাবনাচিন্তা শুরু করেছিল কলকাতা পুরসভা। দূষণরোধে কিছু পরিকল্পনার মাধ্যমে এগিয়ে চলার প্রথম ধাপ। তারপর থেকে দূষণ কমিয়ে শহরের বাতাসকে আরও বিশুদ্ধ করতে একের পর এক কর্মসূচি নিয়েছে পুরসভা। বিভিন্ন পদক্ষেপে শহরের বাতাস আরও পরিশুদ্ধ হয়েছে। বারবার দেশের মেট্রো শহরগুলির মধ্যে কলকাতার দূষণমুক্ত হওয়ার গুনমান বিশেষ বাহবা পেয়েছে। শহরের এয়ার কোয়ালিটি উন্নয়নে দৃষ্টান্তমূলক কাজের জন্য 'উৎসাহ ভাতা'ও পেয়েছে পুরসভা। বৃহস্পতিবার বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে প্রকাশিত হল সেই 'কলকাতা ক্লাইমেট অ্যাকশন প্ল্যান'-এর খসড়া পরিকল্পনা। এদিন টাউন হলে এই নিয়ে বিশেষ আলোচনাসভায় উপস্থিত ছিলেন মেয়র ফিরহাদ হাকিম, মেয়র পারিষদ দেবাশিস কুমার-সহ অন্য আধিকারিকরা। সাংবাদিকদের মুখোমুখি হয়ে মহানাগরিক বলেন, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় আজ একটা মাইলস্টোন সৃষ্টি হল। আজ কলকাতা ক্লাইমেট অ্যাকশন প্ল্যান-এর উদঘাটন করলাম। কীভাবে আমরা আগামী দিনে জঞ্জাল সাফাই ব্যবস্থা, রাস্তাঘাটের সংস্কার, বৃক্ষরোপণ, স্প্রিংকলার মেশিনের সাহায্যে কীভাবে ধুলোবালি নির্মূল করার মাধ্যমে কলকাতা ও সংলগ্ন এলাকার এয়ার কোয়ালিটি ঠিক রাখা যায়; সেইসব নিয়ে বিস্তারিত প্ল্যান তৈরি করা হয়েছে। কলকাতা পুরসভার ওয়েবসাইটে সেই প্ল্যান দেওয়া রয়েছে শহরবাসীদের জন্য। পুর-কর্তৃপক্ষ সূত্রে খবর, এরপর দেশের বিশিষ্ট পরিবেশবিদ ও বিশেষজ্ঞদের সাহায্য নিয়ে বিশেষ গাইডলাইনও তৈরি করা হবে।

এদিন বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে বিশেষ কর্মসূচিরও আয়োজন করে কলকাতা পুরসভা। পুরসভার কেন্দ্রীয় ভবনের সামনে স্কুল ছাত্রছাত্রীদের নিয়ে মেয়র পারিষদ স্বপন সমাদ্দারের উদ্যোগে আয়োজিত হয় পরিবেশ সচেতনতা কর্মসূচি। খুদে স্কুলপড়ুয়াদের সঙ্গে পরিবেশ সচেতনতায় যোগ দেন মেয়র ফিরহাদ হাকিমও। চ্যাপলিন স্কোয়ারে বৃক্ষরোপণও করেন মহানাগরিক। উপস্থিত ছিলেন চেয়ারপার্সন মালা রায়, মেয়র পারিষদ দেবাশিস কুমার, বৈশ্বানর চট্টোপাধ্যায়, সন্দীপরঞ্জন বক্সি, অসীমকুমার বসু-সহ অন্য পুরপ্রতিনিধিরা। পুরসভার সামনে থেকে কলেজ স্কোয়ার পর্যন্ত মিছিলেরও আয়োজন করা হয়। ২০৪০ সালের মধ্যে প্লাস্টিকমুক্ত পরিবেশ গড়ে তোলার শপথ নিয়ে এই শোভাযাত্রায় অংশ নেয় বিভিন্ন বরো থেকে আসা পরিবেশ সচেতনতামূলক ট্যাবলো।



পুরভবনের উল্টোদিকে চ্যাপলিন স্কোয়ারে বৃক্ষরোপণে মেয়র ফিরহাদ হাকিম, চেয়ারপার্সন মালা রায়, মেয়র পারিষদ স্বপন সমাদ্দার, দেবাশিস কুমার, বৈশ্বানর চট্টোপাধ্যায়, সন্দীপরঞ্জন বক্সি, অসীমকুমার বসু, কাউন্সিলর তারকেশ্বর চক্রবর্তী, চৈতালি চট্টোপাধ্যায়-সহ অন্যরা। বৃহস্পতিবার।

# ভারী যান বহনে চালু হল ভেসেল পরিষেবা

**সংবাদদাতা, ডায়মন্ড হারবার :** রায়চক থেকে যাত্রীবাহী ভেসেলের পাশাপাশি এবারে ভারী যানবাহন বহন ক্ষমতাসম্পন্ন ভেসেল পরিষেবা চালু হবে। দক্ষিণ ২৪ পরগনা, মেদিনীপুরের সঙ্গে জলপথে যোগাযোগের মাধ্যম হুগলি নদী। একপ্রান্তে ডায়মন্ড হারবারের রায়চক, অন্যদিকে মেদিনীপুরের কুকুড়াহাটি। মানুষের পারাপারের জন্য দীর্ঘদিন ধরে চলে আসছে ভেসেল পরিষেবা। এবারে যাত্রীদের পারাপারের পাশাপাশি বড় বড় যানবাহন, ট্রাক, পর্যটকদের গাড়ি পারাপারের জন্য নতুন ভেসেল পরিষেবা চালু হতে যাচ্ছে। এই প্রকল্পের প্রথম পর্যায়ে রায়চক ও কুকুড়াহাটি এলাকা পরিদর্শন করেছেন পরিবহণমন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী। এছাড়াও ছিলেন পরিবহণ দফতরের প্রতিমন্ত্রী দিলীপ মণ্ডল, ডায়মন্ড হারবার পুরসভার চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ার ডিপার্টমেন্টের ইঞ্জিনিয়াররা। এই নতুন ভেসেল পরিষেবা চালু হলে পর্যটকদের জন্য দিঘা ও জগন্নাথ মন্দিরে সরাসরি পৌঁছানোর সুযোগ সৃষ্টি করবে। এর ফলে দিঘা ও তার আশপাশের পর্যটন কেন্দ্রগুলোর সঙ্গে যোগাযোগ আরও সহজ ও দ্রুত হবে। এই নতুন ভেসেল পরিষেবা এবং মন্দিরের উন্নয়ন প্রকল্পের ফলে দিঘা ও তার আশপাশের পর্যটন কেন্দ্রগুলোর উন্নয়ন ও পর্যটকদের সুবিধা বৃদ্ধি পাবে। পাশাপাশি অর্থনৈতিকভাবে ডায়মন্ডহারবার-সহ বিভিন্ন এলাকার অর্থনৈতিকভাবে অনেকটাই পরিবর্তন হবে। প্রথম পর্যায়ে এলাকায় ঘুরে দেখে এই পরিষেবা জন্য খুব শিগগিরই কাজ শুরু হবে, এমনটাই জানান মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী। তিনি বলেন, ফলতা অর্থনৈতিক বাণিজ্যকেন্দ্র একদিকে, অন্যদিকে হলদিয়ার বাণিজ্যকেন্দ্র। ফলে ট্রাক যাতায়াত করতে পারবে, পাশাপাশি যে কোনও চার চাকা ছোট-বড় গাড়ি পারাপার হতে পারবে, তারই যে পরিকল্পনা নেওয়া হয়েছে তা খুব শীঘ্রই বাস্তবায়িত হতে চলেছে।



ভেসেল পরিষেবার উদ্বোধনে পরিবহণমন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী। বৃহস্পতিবার।



বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে ১১১ নং ওয়ার্ডের আতাবাগানে 'নাগরিক উদ্যান' ও 'সবুজ বাঁচাও মঞ্চ'-র উদ্বোধন করেন মন্ত্রী অরূপ বিশ্বাস। স্থানীয় কাউন্সিলর সন্দীপ দাসের উদ্যোগে আতাবাগান অঞ্চলে এদিন ২০০ আতাগাছ ও ওয়ার্ড জুড়ে ২০০০ বৃক্ষরোপণ করা হয়।

# ডব্লুবিসিএস-এ সাফল্য সংখ্যালঘু দফতরের

**প্রতিবেদন :** ডব্লুবিসিএস ২০২২-এর নিয়োগ তালিকা প্রকাশ করেছে পিএসসি। প্রকাশিত ডব্লুবিসিএস এগজ়িকিউটিভ ও গ্রুপ এ পদে জায়গা করে নিয়েছেন ১৫৩ জন। এর মধ্যে ৬ জন রাজ্য সংখ্যালঘু দফতরের অধীনস্থ সংস্থার মাধ্যমে স্টাডি করেছিলেন বলে জানা গিয়েছে। পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্তনিগম এবং পশ্চিমবঙ্গ হজ হাউস আয়োজিত প্রস্তুতি প্রশিক্ষণ নিয়ে ডব্লুবিসিএস এগজ়িকিউটিভ পদে জায়গা করে নিয়েছেন শেখ মনজুর আহমেদ, ইয়ামিন শেখ, আরিফ মণ্ডল ও সাদ আহমেদ। এছাড়া গুলরেজ আনোয়ার ও মহম্মদ ইরফানুল হক যথাক্রমে হজ হাউস ও আলিয়া বিশ্ববিদ্যালয় থেকে প্রশিক্ষণ নিয়ে জায়গা করে নেন ফুড অ্যান্ড সাপ্লাইস সার্ভিসেস-এর গ্রুপ এ আধিকারিক পদে। এই নিয়োগে খুশি দফতরের আধিকারিকরা। মুখ্যমন্ত্রীর উদ্যোগে সংখ্যালঘু দফতরের অধীনস্থ সংস্থাগুলি নিখরচায় ডব্লুবিসিএস-সহ বিভিন্ন সরকারি চাকরি পরীক্ষার প্রশিক্ষণ দিয়ে থাকে।

# পরিবেশ দিবস পালিত

**সংবাদদাতা, কোন্নগর :** বৃহস্পতিবার বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে হুগলি জেলার মূল অনুষ্ঠানটি হয় কোন্নগরে। আয়োজক ছিল কোন্নগর পুরসভা। এই উপলক্ষে এদিন সকালে ছাত্রছাত্রীরা 'পরিবেশ বাঁচাও', 'পরিবেশ রক্ষা করো' সম্বলিত পোস্টার-ব্যানার নিয়ে কোন্নগরের পথ পরিক্রমা করে। এই প্রসঙ্গে কোন্নগরের পুরপ্রধান স্বপন দাস জানান, আমরা কোন্নগর পুরসভার উদ্যোগে পরিবেশ দিবসের বিভিন্ন কর্মসূচি পালন করেছি। অবনীন্দ্রনাথ ঠাকুরের বাগানবাড়িতে সকাল থেকে নাচ, গান, কবিতা, নাটক সেমিনারের মাধ্যমে কী করে পরিবেশকে রক্ষা করা যায় এবং আগামী প্রজন্মের শিশুরা যাতে বুক ভরে নিঃশ্বাস নিতে পারে সেই বিষয়ে মানুষকে সচেতন করা হয়।



সম্পাদকীয়

6 June, 2025 • Friday • Page 4 || Website - www.jagobangla.in

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

## মাইলফলক

সরকারি জমি অনেক ক্ষেত্রেই দেখা গিয়েছে বিভিন্নভাবে কব্জা করা হয়েছে। অবৈধভাবে দখল করে রাখা হয়েছে। রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছে, এই দখলদারি রুখতে রাজ্য সরকার জমিগুলি নিজেদের কব্জায় নিয়ে আবাসন নির্মাণের কাজে ব্যবহার করবে। এই দায়িত্ব দেওয়া হয়েছে হাউজিং বোর্ডকে। আপাতত ৪টি জেলায় সমীক্ষা চালানো হবে। এগুলি হল— দক্ষিণ ২৪ পরগনা, জলপাইগুড়ি, পশ্চিম বর্ধমান ও হুগলি। মোট ৬১ একর জমির উপর সমীক্ষা হবে। বিভিন্ন সংস্থার কাছ থেকে দরপত্র আহ্বান করা হচ্ছে। মূল লক্ষ্য হল, জমির সঠিক ব্যবস্থাপনা, দখলদারি বন্ধ করা এবং আবাসন প্রকল্পের পথ মসৃণ করা। প্রকল্পে আধুনিক প্রযুক্তি ব্যবহার হবে। টোটাল স্টেশন ও ডিফারেন্সিয়াল জিপিএস ব্যবস্থার সাহায্যে নির্ভুল ম্যাপিং ও কনট্যুর ম্যাপ তৈরি হবে। ড্রেনেজ পরিকাঠামোর জন্য আউটফল পয়েন্টও সমীক্ষায় উঠে আসবে। জমির খতিয়ান ও মৌজা ম্যাপের সঙ্গে মিলিয়ে যেকোনও নির্মাণকাজের বিস্তারিত নথিভুক্ত করা বাধ্যতামূলক করা হয়েছে। রাজ্য সিদ্ধান্ত নিয়েছে, তিন মাসের মধ্যে এই সমীক্ষা শেষ হবে। অব্যবহৃত জমিগুলি চিহ্নিত করার পর হাউজিং বোর্ডের দায়িত্ব হল নতুন আবাসন গড়ে তোলা। রাজারহাট-নিউ টাউন এলাকাতে ৩৪টি ফাঁকা জমি কীভাবে ব্যবহার করা হবে, তা হাউজিং বোর্ডের উপর ছেড়ে দেওয়া হয়েছে। নিঃসন্দেহে প্রশাসনিক ক্ষেত্রে এই পদক্ষেপ একটি মাইলফলক।

## e-mail থেকে চিঠি

### বলা হচ্ছে বিশ্বের চতুর্থ দেশ অথচ ভাল নেই আম আদমি

প্রচার চলছে। সর্বত্র। জাপানকে ছাপিয়ে গিয়েছি আমরা। ৫ লক্ষ কোটি ডলারের অর্থনীতির প্রতিশ্রুতি আমাদের শ্রদ্ধেয় মোদিজি রাখতে পারেননি। সে সব ঢাকা পড়ে গিয়েছে। ৫ লক্ষ কোটি নিয়ে আর কোনও উচ্চবাচ্যও হচ্ছে না। বরং পুরো প্রচারেরই অভিমুখ জাপানের দিকে। কারণ, তাদের অর্থনীতি ৪,১৮৬.৪৩ বিলিয়ন ডলার এবং ভারতের ৪,১৮৭.০২ বিলিয়ন ডলার। অর্থাৎ, আমেরিকা, চিন, জার্মানির পরই এবার নাম ভারতের। ফারাক সামান্য। তাতে কী? মাধ্যমিকে এক নম্বরের পার্থক্যে ছেলেমেয়েরা ১০-১৫ র‍্যাঙ্ক পিছনে চলে যায়! আর এ তো দেশের অর্থনীতির ব্যাপার। প্রশ্নটা অন্যত্র। অর্থনীতির ভাষায় জিডিপি এবং জিডিপি পার ক্যাপিটার মধ্যে শুধু দুটো শব্দ নয়, একেবারে আকাশ-পাতালের তফাত। জিডিপি হল কোনও রাষ্ট্রের জাতীয় গড় উৎপাদন। আর জিডিপি পার ক্যাপিটা বললেই সেটা মাথাপিছু হিসেব চলে আসে। অর্থাৎ, প্রত্যেক দেশবাসীর ভূমিকা এবং প্রাপ্তি। জিডিপির নিরিখে ভারত চার নম্বরে থাকলেও, জিডিপি পার ক্যাপিটার হিসেবে আমরা কিন্তু ১৪০ নম্বরে। কারণ, চার লক্ষ কোটি ডলারের অর্থনীতিতে ভারতবাসীর মাথাপিছু গড় আয় হল বছরে ২ হাজার ৮৮০ ডলার। টাকার অঙ্কে প্রায় ২ লক্ষ ৪৪ হাজার টাকা। মাসে ২০ হাজার টাকার আশপাশে। এটাও কিন্তু ফাঁকা কলসির মতোই হিসেব। কেন? আসল অঙ্কটা শুরু এখানেই। কারণ, দেশের ৪০ শতাংশের বেশি সম্পদ রয়েছে মাত্র ১ শতাংশ ভারতীয়র কাছে। অর্থাৎ, আম্বানি, আদানি প্রমুখ। আর যদি দেশের ৫ শতাংশ ধনীর হিসেব নেওয়া হয়, তাহলে দেখা যাবে, তাঁরাই ভারতের ৬২ শতাংশ সম্পদ নিয়ন্ত্রণ করছেন। তাহলে বাকি থাকল কত? ৩৮ শতাংশ। মানে দেড় লক্ষ কোটি ডলারের খানিক বেশি। এই অঙ্কটাকে ১৪০ কোটি দিয়ে ভাগ করলে বেরবে সঠিক মাথাপিছু হিসেব। এখন আমরা দেখতে পাব, ভারতীয়দের মাথাপিছু আয় ১ হাজার ৭৪ ডলারের আশপাশে। টাকার অঙ্কে প্রায় ৯১ হাজার টাকা। বছরে। অর্থাৎ মাসে ৭ হাজার ৬০০ টাকা। গড়ে এই টাকাতেই আম ভারতবাসীকে সংসার চালাতে হয়। মোদির ভারতে এটাই সত্যি। এটাই নিউ নর্মাল।

**— প্রণীল চট্টোপাধ্যায়, বাগুইআটি, কলকাতা**

■ চিঠি এবং উত্তর-সম্পাদকীয় আপনিও পাঠাতে পারেন :
jagabangla@gmail.com / editorial@jagobangla.in

# হচ্ছেটা কী!

যা দাবি করা হচ্ছে সেটা বাস্তবের তথ্যের সঙ্গে মিলছে না। এটা হচ্ছে কেন? জানতে চাইছেন **অনির্বাণ সাহা**

মিথ্যে কথা বলার একটা লিমিট আছে। এরা তো দেখছি, সব সীমা ছাড়িয়ে গেছে!

কথাগুলো আমাদের পুরোনো পাড়ার নিরু পিসির পেটেন্ট ডায়ালগ। সাধারণত উদ্দিষ্ট ব্যক্তি কোনও দোকানদার কিংবা সবজি বিক্রেতা। কিন্তু এবার পিসির টার্গেট মোদি সরকার।

কারণটা কী? হঠাৎ কী হল!

খোঁজ নিয়ে যা যা জানলাম, সেটা জ্ঞাত হওয়ার পর চক্ষুচড়কগাছ। অক্কা পাওয়ার জোগাড় আমাদের সক্কলেরই।

বাজারে শুনছিলাম, আপাতত পঞ্চম বৃহত্তম অর্থনীতি। তারপর আগামী তিন বছরের মধ্যেই তৃতীয় বৃহত্তম অর্থনীতির রাষ্ট্রে পরিণত হবে ভারত। নীতি আয়োগ সম্প্রতি জানিয়েই দিয়েছে যে, এখনই নাকি জাপানকে পিছনে ফেলে ভারত চতুর্থ বৃহত্তম অর্থনীতি।

আর এখন জানছি, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের প্রেসিডেন্টের কাছ থেকে জানতে পারছি, আন্তর্জাতিক ব্যাঙ্ক অথবা আর্থিক সংস্থাগুলি থেকে ঋণ নিয়ে উন্নয়নের প্রবণতা আগের মতোই অব্যাহত। বস্তি উন্নয়ন, নিকাশি, পরিবহণ উন্নতি, পরিকাঠামোর সংস্কার, পানীয় জলের পাইপলাইন ইত্যাদি নগরোন্নয়ন প্রকল্পে বহু বছর ধরেই ভারত সরকার এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের থেকে ঋণ নিয়ে এসেছে।

> ২০২০-২১ আর্থিক বছরে ৯ হাজার কোটি টাকা ব্যাঙ্ক-ঋণ অনুমোদিত হয়। ২০২২-২৩ অর্থবর্ষে সেটা দ্বিগুণ হয়ে দাঁড়িয়েছিল ১৮ হাজার কোটি টাকায়। কিন্তু তারপর থেকে সেই অঙ্ক কমতে শুরু করেছে। এখন সর্বনিম্ন!

২০২৫ সালে এসে প্রধানমন্ত্রীর প্রতিটি ভাষণে যেখানে বিকশিত ভারতের স্লোগান, সেখানে ফের ঋণ নেওয়ার পথেই বজায় থাকছে। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক থেকে ১ হাজার কোটি ডলার ঋণ নিচ্ছে ভারত। ৫ বছরের সময়সীমায় যে ঋণ দেওয়া হবে, সেটি কাজে লাগানো হবে শহুরে পরিকাঠামো, মেট্রো রেলের নতুন কাঠামো নির্মাণ, নতুন রিজিওনাল র‍্যাপিড ট্রানজিট সিস্টেম, ট্রান্সপোর্ট করিডর ইত্যাদি প্রকল্পে। একইসঙ্গে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক বেসরকারি লগ্নিতেও সহায়তা করবে। আরবান চ্যালেঞ্জ ফান্ড প্রকল্পে দেশের ১০০টি শহরকে চিহ্নিত করে নগরোন্নয়ন এবং পানীয় জল ও নিকাশি প্রকল্পে টাকা দেওয়া হবে। পাশাপাশি এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক রাজ্য এবং পুরসভাগুলির প্রকল্পেও ৩০ লক্ষ ডলার আর্থিক সহায়তা দেবে। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের সঙ্গে বৈঠকে ভারত জানিয়েছে, ২০৩০ সালের মধ্যে ভারতের মোট জনসংখ্যার ৪০ শতাংশ থাকবে শহরাঞ্চলে। তাই আগামী ৫ বছরের জন্য যুদ্ধকালীন তৎপরতায় শহরাঞ্চলের পরিকাঠামো আমূল বদলে ফেলতে হবে। জল নিকাশি, আবাসন এবং কর্মসংস্থান প্রধান টার্গেট। ভারত ১১ লক্ষ কোটি টাকা পরিকাঠামো খাতে ব্যয় করবে বলে বিগত দুই বাজেটেই ঘোষণা করা হয়েছে। সেই টাকা কি এভাবে আন্তর্জাতিক ব্যাঙ্ক এবং আর্থিক সংস্থা থেকে নেওয়ার পরিকল্পনাই করা হয়েছে? তাহলে বাজেটে যে ১১ লক্ষ কোটি টাকা ঘোষণা করা হচ্ছে সেটা কী কারণে? বুলেট ট্রেনের ব্যয়ও আসছে জাপানের ঋণে। ডেডিকেটেড ফ্রেট করিডরের নির্মাণ ব্যয় চলছে জাপানের আর্থিক সংস্থার ঋণে।

ভারত একদিকে বলছে তারা দ্রুত হবে তৃতীয় বৃহত্তম অর্থনীতি, আবার অন্যদিকে এখনও নগরোন্নয়নের মতো মূলগত উন্নয়ন প্রকল্পেও এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের ঋণ ভরসা? দুটি বিষয়ে তো সামঞ্জস্য নেই।

তাহলে হচ্ছেটা কী!

এখানেই শেষ নয়, আরও আছে।

সকলেই জানি, বৃহৎ লগ্নি, উৎপাদন সেক্টরের বৃদ্ধিহার, এফডিআই, কর্মসংস্থান, আমদানি-রপ্তানি বাণিজ্য তো রয়েছেই। সেসবের পাশাপাশি দেশের জিডিপি বৃদ্ধির হারের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে থাকে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নতি। সরকারি রিপোর্ট অনুযায়ী, ভারতের জিডিপি বৃদ্ধিহারের সঙ্গে যে যে ফ্যাক্টরগুলি যুক্ত, তার মধ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্পই ৩০ শতাংশ। কারণ, ভারতের বৃহৎ শিল্প উৎপাদনের ওঠাপড়া রয়েছে। সেখানে গ্রাম, মফসসল, ছোট বড় শহরের ক্ষুদ্র ও মাঝারি শিল্পই দেশের অর্থনীতি তথা জিডিপির প্রধান চালিকাশক্তি। কিন্তু নতুন আর্থিক বছরে এসে জানা যাচ্ছে, ওই চালিকাশক্তি এবার ধাক্কা খেয়েছে। সদ্য সমাপ্ত ২০২৪-'২৫ অর্থবর্ষে ক্ষুদ্র ও মাঝারি শিল্পে ব্যাঙ্ক-ঋণ কমে গিয়েছে প্রায় ৫ হাজার কোটি টাকা। এই পরিসংখ্যানই উদ্বেগ বাড়াচ্ছে।

ক্ষুদ্র শিল্পের ভরসা ব্যাঙ্ক ঋণ। ক্ষুদ্র ও মাঝারি শিল্প সংস্থাগুলি ব্যাঙ্কঋণের জন্য যত বেশি আবেদন করে, ততই বেশি আর্থিক বৃদ্ধি ঘটে। প্রধানমন্ত্রী কর্মসংস্থান বৃদ্ধি প্রকল্পের অধীনে ২০২৩-'২৪ আর্থিক বছরে এই ক্ষেত্রে ব্যাঙ্ক-ঋণ মঞ্জুর হয়েছিল মোট ১৭



হাজার ৫৫৯ কোটি টাকা। কিন্তু পরবর্তী এক বছরে তা অনেক কমে গিয়েছে। ঋণের অঙ্ক এসে দাঁড়িয়েছে ১২ হাজার ৩১৫ কোটি টাকায়। অর্থাৎ প্রায় ৫ হাজার কোটি টাকা কম। কোভিডকালের পর, ২০২১ সাল থেকে ক্রমেই ক্ষুদ্র শিল্পের জন্য ঋণের চাহিদা বেড়েছে। এমনকী ২০২২ থেকে ২০২৪ সালের মধ্যে তা দ্বিগুণ বেড়েছে। সেই প্রবণতাই ধাকাক খেয়েছে সদ্য সমাপ্ত অর্থবর্ষে। শিল্প বাণিজ্য মন্ত্রকের অনুমান, সামগ্রিক বাণিজ্যে মুনাফার প্রবণতা কমেছে। সেই কারণে ব্যাঙ্ক থেকে ঋণ নেওয়ার প্রবণতাও কমে গিয়েছে। ২০২৩-২৪ আর্থিক বছরে যত সংস্থা ব্যাঙ্ক ঋণের আবেদন করেছিল, সেই সংখ্যাও ২০২৪-২৫ অর্থবর্ষে অনেক কম।

এই প্রকল্পের প্রধান লক্ষ্যই ছিল, কর্মীদের যাতে গ্রাম অথবা মফসসল ছেড়ে পরিযায়ী হতে না হয়। সেই লক্ষ্যেই স্বনিযুক্তি প্রকল্পকেও আনা হয়েছিল এর অধীনে। এই প্রকল্পের সুবিধা হল— সরকার প্রথমে কিছু আর্থিক অনুদান প্রদান করে, যাতে ক্ষুদ্র শিল্প অথবা উদ্যোগ শুরু করা যায়। পাশাপাশি ব্যাঙ্ক থেকে প্রদান করা হয় ঋণ। এই প্রথম দেখা যাচ্ছে, সেই ঋণ নেওয়ার প্রবণতা কমে যাচ্ছে। ২০২০-'২১ আর্থিক বছরে ৯ হাজার কোটি টাকা ব্যাঙ্ক-ঋণ অনুমোদিত হয়। ২০২২-'২৩ অর্থবর্ষে সেটা দ্বিগুণ হয়ে দাঁড়িয়েছিল ১৮ হাজার কোটি টাকায়। কিন্তু তারপর থেকে সেই অঙ্ক কমতে শুরু করেছে। এখন সর্বনিম্ন! এরকম একটা পরিস্থিতিতে নিরু পিসিরা তো আর্তনাদ ছাড়বেনই।

হচ্ছেটা কী!



সবুজায়নের পরিকল্পনায় মানুষের হাতে চারাগাছ তুলে দিলেন বৈদ্যবাটির পুরপ্রধান পিন্টু মাহাতো



## মোট ৪১০ কোটি টাকা বরাদ্দ রাজ্যের

# নিকাশি, জঞ্জাল অপসারণ, ধূসর জল ব্যবস্থাপনায় একাধিক প্রকল্প

**প্রতিবেদন** : গ্রামাঞ্চলের নিকাশি, জঞ্জাল অপসারণ-সহ সামগ্রিক পরিকাঠামো উন্নয়নে রাজ্য সরকার মিশন নির্মল বাংলা প্রকল্পে একাধিক কাজ শুরু করছে। নিকাশি, জঞ্জাল অপসারণ এবং ধূসর জল ব্যবস্থাপনার মতো একাধিক খাতে মোট ৪১০ কোটি টাকার প্রকল্প রূপায়ণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রশাসনিক সূত্রে খবর, এই অর্থে গ্রামীণ পরিকাঠামোর দ্রুত উন্নয়নের পাশাপাশি সাধারণ মানুষের মৌলিক নাগরিক সুবিধা পৌঁছে দিতে জোর দেওয়া হচ্ছে।

গত ২০২৪-২৫ অর্থবর্ষে এই খাতে রাজ্যে প্রায় ৮৫০ কোটি টাকার পরিকাঠামো তৈরি হয়েছে। এবছর সেই তুলনায় আরও বেশি কাজের লক্ষ্যমাত্রা নিয়েছে সরকার। চলতি আর্থিক বছরের শুরুতেই ৫০ কোটি টাকার প্রকল্পে কাজ শুরু হয়েছে। এবার নেওয়া হচ্ছে আরও ৪০০ কোটি টাকার নতুন প্রকল্প। এই অর্থের ৬০ শতাংশ দেবে কেন্দ্র এবং ৪০ শতাংশ রাজ্য সরকার। 'বাংলার বাড়ি' প্রকল্পের মাধ্যমে ১২ লক্ষ উপভোক্তাকে পাকা বাড়ি নির্মাণে সহায়তা দেওয়া হয়েছে। এর মধ্যে সাড়ে ৬ লক্ষ বাড়িতে 'মিশন নির্মল বাংলা'র আওতায় শৌচাগার তৈরির লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। প্রথম দফায় ৩৬ হাজার উপভোক্তাকে এই সংক্রান্ত অর্থ বরাদ্দ করা হবে, যার খরচ এই ৪১০ কোটি টাকার প্রকল্প থেকেই মেটানো হবে। পরিবেশ সংক্রান্ত বিষয়ে সচেতনতা বাড়াতে ধূসর জল ব্যবস্থাপনা নিয়ে বিশেষ জোর দিচ্ছে সরকার। পাশাপাশি, আগামী ৮ জুন বিশ্ব মহাসাগর দিবস উপলক্ষে গোসাবায় একটি সচেতনতা শিবিরের আয়োজন করছে পঞ্চায়েত দফতর।

## শর্মিষ্ঠার জামিন

**প্রতিবেদন** : অবশেষে শর্তসাপেক্ষে শর্মিষ্ঠা পানোলিকে অন্তর্বর্তী জামিন দিল কলকাতা হাইকোর্ট। গুরগাঁও থেকে ধর্মীয় উসকানির অভিযোগে ধৃত আইনের ছাত্রী শর্মিষ্ঠার জামিনের আবেদন বৃহস্পতিবার মঞ্জুর করেছেন হাইকোর্টের বিচারপতি রাজা বসুচৌধুরী। ১০ হাজার টাকার ব্যক্তিগত বন্ডে জামিন মঞ্জুর হয়েছে। তবে শর্ত রয়েছে, তাঁকে পাসপোর্ট জমা রাখতে হবে। পুলিশের সঙ্গে তদন্তে সহযোগিতা করতে হবে। রাজ্যের বাইরে যেতে হলে নিম্ন আদালতের অনুমতি নিতে হবে। দেশের বাইরে যাওয়ার প্রয়োজন হলেও অনুমতি নিতে হবে।

## ধৃত ৬ প্রতারক

**প্রতিবেদন** : মুম্বই পুলিশের পরিচয়ে কলকাতার অবসরপ্রাপ্ত সরকারি চিকিৎসককে ডিজিটাল অ্যারেস্ট। ১ কোটি টাকা সাইবার প্রতারণার অভিযোগের তদন্তে নেমে এখনও ৬ জনকে গ্রেফতার করেছে কলকাতা পুলিশের গোয়েন্দা বিভাগ। মুম্বই পুলিশে মামলার হুমকি দিয়ে প্রতারণা করা হয় কলকাতা মেডিক্যাল কলেজের অবসরপ্রাপ্ত চিকিৎসক উৎপলকুমার বিটকে। এই ঘটনায় আগেই তিনজনকে গ্রেফতার করা হয়েছিল। বৃহস্পতিবার লেকটাউন থেকে আরও তিনজনকে গ্রেফতার করা হয়েছে।

## হাজিরা দিলেন

**প্রতিবেদন** : সুস্থ হতেই পুলিশের কাছে হাজিরা দিলেন অনুব্রত মণ্ডল। পুলিশকে হুমকি দেওয়া সংক্রান্ত একটি ভাইরাল অডিও ক্লিপের তদন্তে বৃহস্পতিবার পুলিশের কাছে হাজিরা দেন তিনি। বৃহস্পতিবার সাড়ে তিনটে নাগাদ তিনি বোলপুরের এসডিপিও দফতরে আসেন। ঘণ্টা দু'য়েক পর বেরিয়ে যান। অসুস্থ থাকায় আগের দিন তিনি হাজিরা দিতে পারেননি।



■ চেতলা পার্কে পরিবেশ দিবস উপলক্ষে বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠানে উপস্থিত মেয়র ফিরহাদ হাকিম।



■ পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের উদ্যোগে পালিত হল পরিবেশ দিবস। উপস্থিত ছিলেন মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, রোশনি সেন, ড. কল্যাণ রুদ্র, অজয় কুমার রায়-সহ বিশিষ্টরা। বৃহস্পতিবার বিশ্ববাংলা কনভেনশন সেন্টারে।




■ পরিবেশ দিবসে বৃক্ষরোপণ করলেন কলকাতার নগরপাল মনোজ ভার্মা। বৃহস্পতিবার আলিপুর বডিগার্ড লাইনে।

## বিজেপিকে কড়া বার্তা দিলেন চুঁচুড়ার বিধায়ক

**সংবাদদাতা, চুঁচুড়া:** রাজনীতির দিক থেকে যখন পেরে ওঠা যাচ্ছে না তখনই হিংস্রতাকে হাতিয়ার করছে বিজেপি। বিধানসভার কোদালিয়া-১ গ্রাম পঞ্চায়েতের সিংহিবাগান এলাকায় একটি প্রকল্পের বিধায়কের



নামাঙ্কিত ফলক ভেঙে নিজেদের ঈর্ষান্বিত রূপের পরিচয় দিচ্ছে বিজেপি। এবার এই ঘৃণ্য কাজেরই জবাব দিলেন বিধায়ক অসিত মজুমদার। তিনি বলেন, ১৪ বছর ধরে চুঁচুড়ার বিধায়ক তিনি। এত ফলক তাঁর নামে আছে যে, রোজ সেই ফলক ভাঙলেও আগামী বিধানসভা নির্বাচন পার হয়ে যাবে। ফলক ভেঙে চুঁচুড়ার মানুষের মন থেকে অসিত মজুমদারের নাম মুছে ফেলা যাবে না। একইসঙ্গে তাঁর হুঙ্কার, এবার বিধানসভা নির্বাচনে নরেন্দ্র মোদি যদি চুঁচুড়ায় দাঁড়ান তাঁকেও ২০ হাজার ভোটে হারাব। দু'-একটা ফলক ভেঙে মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নকে স্তব্ধ করা যাবে না। বিজেপির কোনও কাজ নেই। এটাতো সরকারি নিয়ম, এলাকায় কোনও কাজ হলে বিধায়কের নামে ফলক লাগাতে হয়।



■ বিবাহবন্ধনে আবদ্ধ হলেন কৃষ্ণনগরের তৃণমূল সাংসদ মহুয়া মৈত্র। পাত্র ওড়িশার বাসিন্দা ও প্রাক্তন সাংসদ আইনজীবী পিনাকী মিশ্র। কয়েকদিন আগেই জার্মানিতে বিয়ে হয় তাঁদের। বিয়ের খবর সামনে আসতেই সবাই শুভেচ্ছা জানিয়েছেন নবদম্পতিকে।

## প্লাস্টিক মুক্ত পঞ্চায়েতের লক্ষ্যে

**প্রতিবেদন** : দক্ষিণ ২৪ পরগনার মগরাহাট ২নং ব্লকের মোহনপুর গ্রাম পঞ্চায়েত ও স্বেচ্ছাসেবী সংস্থা কাজলা জনকল্যাণ সমিতির উদ্যোগে পালিত হল বিশ্ব পরিবেশ দিবস।



উপস্থিত ছিলেন বিধায়িকা নমিতা সাহা, মগরাহাট-২ নং পঞ্চায়েত সমিতির সভাপতি রুনা ইয়াসমিন, বিডিও তুহিনশুভ্র মহান্তি, জয়েন্ট বিডিও সন্দীপ দাস, মোহনপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান অমৃতকুমার মণ্ডল, উপপ্রধান জুলফিকার আলি মণ্ডল এবং কাজলা জনকল্যাণ সমিতির সহ-অধিকর্তা বিবেকানন্দ সাহু প্রমুখ। এছাড়া ছিলেন মহিলা স্বনির্ভর গোষ্ঠী, ওই স্বেচ্ছাসেবী সংস্থা পরিচালিত 'সবুজ বাহিনী' প্রতিনিধিরা। পরিবেশ দূষণ থেকে পরিচ্ছন্ন গ্রাম গড়তে এলাকায় বিভিন্ন পোস্টার হাতে বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। এরপর চকপরাণ কাঁটাখালি বেলোমণি গার্লস হাইস্কুলে বৃক্ষরোপণ কর্মসূচি করা হয়। সবশেষে 'প্লাস্টিক মুক্ত গ্রাম পঞ্চায়েত গঠন'-এর অঙ্গীকার নিয়ে আলোচনা হয়। প্লাস্টিক মুক্ত গ্রাম গঠনের লক্ষ্যে বিগত কয়েক বছর ধরে জনসচেতনতা বাড়ানোর জন্য নানাবিধ কাজ করে চলেছে গ্রাম পঞ্চায়েত ও কাজলা জনকল্যাণ সমিতি। এর ফলস্বরূপ মোহনপুর গ্রাম পঞ্চায়েত জেলায় প্রথম স্থান অধিকার করেছে বলে জানান বিধায়ক নমিতা সাহা। এদিন আবর্জনা পরিবহণের জন্য একটি হাইড্রোলিক ই-রিকশা এবং সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্ল্যান্টের উদ্বোধন করেন তাঁরা।

# পরিবেশ দিবসে উদ্বোধন প্লাস্টিক বর্জ্য প্রক্রিয়াকরণ কেন্দ্রের

**সংবাদদাতা, সোনারপুর:** বিশ্ব পরিবেশ দিবসে সোনারপুর ব্লকে উদ্বোধন হল প্লাস্টিক বর্জ্য প্রক্রিয়াকরণ কেন্দ্রের। কালিকাপুর ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের নাটাগাছিতে গড়ে উঠল এই কেন্দ্র, যা এই ব্লকের মধ্যে প্রথম। শুধু সোনারপুর নয়, পাশাপাশি জয়নগর ১ ও জয়নগর ২ নম্বর ব্লকের প্লাস্টিক বর্জ্যও এখানে প্রক্রিয়াকরণ করা হবে। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বারুইপুর মহকুমা শাসক চিত্রদীপ সেন, সোনারপুর ব্লকের বিডিও শিঞ্জিনী সেনগুপ্ত, সোনারপুর দক্ষিণের বিধায়ক লাভলি মৈত্র ও সোনারপুর উত্তরের বিধায়ক ফিরদৌসী বেগম। পরিবেশ রক্ষায় এমন উদ্যোগ অত্যন্ত




■ সোনারপুরে প্লাস্টিক বর্জ্য প্রক্রিয়াকরণ কেন্দ্রের উদ্বোধনে রয়েছেন বিধায়ক লাভলি মৈত্র, ফিরদৌসী বেগম-সহ অন্যরা।

জরুরি এবং সাধারণ মানুষকেও এ-বিষয়ে সচেতন হওয়ার বার্তা দেন বিধায়ক।

প্রায় ২৩ কাঠা জমির উপর গড়ে ওঠা এই প্রকল্পে কাজ করছেন স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা। প্রথম ধাপে পরিকাঠামো নির্মাণ এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি কেনার জন্য বরাদ্দ হয়েছে প্রায় ১৬ লক্ষ টাকা। সম্পূর্ণ কেন্দ্রটি গড়ে তুলতে আনুমানিক ৩২ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। কেন্দ্রটি চালু হলে বৃহত্তর এলাকার প্লাস্টিক বর্জ্যকে পুনঃপ্রক্রিয়াকরণ করে পরিবেশকে রক্ষা করা সম্ভব হবে। সরকারি উদ্যোগে প্লাস্টিক সংগ্রহের পাশাপাশি সাধারণ মানুষকেও এতে অংশগ্রহণ করতে আহ্বান জানানো হয়েছে। অনেকেই নিজেদের উদ্যোগে প্লাস্টিক সংগ্রহ করে কেন্দ্রে জমা দেওয়ার আগ্রহ দেখিয়েছেন। এই প্রকল্পের মাধ্যমে একদিকে যেমন পরিবেশের ভারসাম্য রক্ষা হবে, তেমনি স্থানীয় মহিলাদের কর্মসংস্থানও তৈরি হবে। পরিবেশ সচেতনতা এবং জীবিকার এক সুন্দর মেলবন্ধন ঘটল এই কেন্দ্রের মাধ্যমে।

রাজ্য
6 June, 2025 • Friday • Page 6 || Website - www.jagobangla.in

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল



দেবাশিস বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে ধুলাসিমলায় টিম অফ স্পোর্টসের সদস্যদের বৃক্ষরোপণ

## চাল-গম-আটা সরবরাহের সময়সীমায় পরিবর্তন

# রেশন গ্রাহকদের প্রাপ্য সামগ্রী নিশ্চিত করতে জারি নির্দেশিকা

**প্রতিবেদন :** রেশন দোকানে খাদ্যসামগ্রী যাতে নির্ধারিত সময়ের আগেই পৌঁছয় তা নিশ্চিত করতে উদ্যোগী হয়েছে রাজ্যের খাদ্য দফতর। এর অঙ্গ হিসাবে সরবরাহ ব্যবস্থার বিভিন্ন স্তরে সময়সীমা কিছুটা পরিবর্তন করা হচ্ছে। দফতরের এক নির্দেশিকায় বলা হয়েছে, গম ও চালের বরাদ্দ রেশন ডিলারদের হাতে পৌঁছাতে হবে আগের মাসের ২৫ তারিখের মধ্যে। আটার ক্ষেত্রে ৭০ শতাংশ বরাদ্দ আগের মাসের শেষ তারিখের মধ্যে, আর বাকি ৩০ শতাংশ ওই মাসের ৫ তারিখের মধ্যে সরবরাহ করতে হবে। আটার ক্ষেত্রে সংরক্ষণের সীমাবদ্ধতাকেই কম সময়সীমার কারণ হিসেবে উল্লেখ করা হয়েছে। নতুন বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আগেভাগে খাদ্য পৌঁছলে গ্রাহকদের সময়মতো বণ্টন করতে সুবিধা হবে।

খাদ্য দফতরের তিন ধাপের সরবরাহ ব্যবস্থায় প্রথমে খাদ্যশস্য বরাদ্দ হয়, তারপর তা ডিস্ট্রিবিউটর ও হোলসেলারদের মাধ্যমে পৌঁছয় রেশন ডিলারদের কাছে। কেন্দ্রীয় খাদ্যমন্ত্রক সম্প্রতি রাজ্যগুলিকে তিন মাসের খাদ্য মজুত আগাম তোলার নির্দেশ দিয়েছে। সেই অনুযায়ী, জাতীয় খাদ্য সুরক্ষা প্রকল্পের অধীন গ্রাহকদের



জন্য নির্ধারিত খাদ্য অন্তত ৪৫ দিন আগে তুলে নেওয়ার পরামর্শ দিয়েছে রাজ্যের খাদ্য দফতর।

নতুন নির্দেশিকা আসার পরই রেশন দোকানগুলির পরিকাঠামো নিয়ে প্রশ্ন তুলেছেন অল ইন্ডিয়া ফেয়ার প্রাইস শপ ডিলার্স ফেডারেশনের সাধারণ সম্পাদক বিশ্বম্ভর বসু। তাঁর বক্তব্য, খুব বেশি পরিমাণে আগাম খাদ্য পাঠানো হলে মজুত করে রাখার সমস্যা দেখা দিতে পারে। দোকানের পরিকাঠামো সীমিত। বিষয়টি আমরা খাদ্য দফতরকে জানিয়েছি।

# ৯ জেলায় জারি হলুদ সতর্কতা

**প্রতিবেদন :** মঙ্গলবার রাত থেকেই দক্ষিণের জেলায় শুরু হয়েছে বৃষ্টি। এর জেরে হলুদ সতর্কতা জারি করা হয়েছে রাজ্যের ৯ জেলায়। এর মধ্যে রয়েছে মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, উত্তর ২৪ পরগনা এবং দক্ষিণ ২৪ পরগনায় ঘণ্টায় ৪০-৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বইবে। কলকাতা, হাওড়া, হুগলি, ঝাড়গ্রাম, বীরভূম এবং নদিয়া। ৩০-৪০ কিমি বেগে ঝোড়ো বাতাস বইবে। কিন্তু লাগাতার এই বৃষ্টি হলেও বর্ষা এখনই প্রবেশ করছে না দক্ষিণে। বরং নির্ধারিত সময়ের পরেই আসবে বর্ষা। এদিকে আর্দ্রতাজনিত কারণে অস্বস্তি উঠবে চরমে। আগামী কয়েক দিনের তাপমাত্রা বাড়বে। গরম ও শুষ্ক আবহাওয়া বেশ কয়েকটি জেলাতে প্রভাব বিস্তার করবে। আগামী ৩-৪ দিনে অন্তত ৪ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা বাড়তে পারে। ১১ জুন পর্যন্ত উত্তরবঙ্গের ওপরের পাঁচ জেলায় বৃষ্টি জারি থাকবে।

শুক্রবার থেকে দক্ষিণবঙ্গে বৃষ্টির সম্ভাবনা কমবে। শুষ্ক আবহাওয়া সঙ্গে গরম ও অস্বস্তি থাকবে। শনিবার থেকে



শুষ্ক ও গরম হাওয়া বেশি থাকবে কলকাতা, হাওড়া, হুগলি, পূর্ব-পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূমে। অন্যান্য জেলাতেও গরম ও অস্বস্তি থাকবে। উত্তরেও বৃষ্টি কমবে শুক্রবার থেকে, তাপমাত্রা বাড়বে। দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার, কোচবিহার, জলপাইগুড়ি এই পাঁচ জেলাতে বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা থাকবে। তবে ভারী বৃষ্টির সম্ভাবনা নেই আগামী কয়েক দিনের এই উত্তরবঙ্গের জেলাগুলিতেও।

## খোয়া গেল লেন্স ও ৬ লক্ষের যন্ত্র

**প্রতিবেদন :** কাজ দেওয়ার নাম করে চিত্রগ্রাহকের সঙ্গে প্রতারণা। হোটেলের রুম থেকে চুরি চিত্রগ্রাহকের ক্যামেরার লেন্স, ল্যাপটপ, ৬ লাখ টাকার যন্ত্রাংশ। জানা গিয়েছে, হুগলির চুঁচুড়ার বাসিন্দা ওই চিত্রগ্রাহককে একটি হোটেলে ফটো তোলার কাজ আছে বলে ডাকেন বিনীত শর্মা। সেইমতো বেলেঘাটার হোটেলে আসেন চিত্রগ্রাহক। দু'দিনের অনুষ্ঠানের জন্য ২৫ হাজার টাকায় রফা হয়। এরপর চিত্রগ্রাহককে জানানো হয় তাঁর ক্লায়েন্ট জরুরি কাজে পাশেরই একটি পাঁচতারা হোটেলে গিয়েছেন, সেখানে গিয়ে তাঁকে দেখা করতে। সেই কথামতো চিত্রগ্রাহক আগের হোটেলের রুমে নিজের ব্যাগ রেখে দেখা করতে যান পাশের পাঁচতারা হোটেলে। ফিরে দেখেন ব্যাগ উধাও!




■ বেলুড়ে জেলা যুব সভাপতি ও প্রাক্তন কাউন্সিলর কৈলাস মিশ্রের উদ্যোগে নবরূপে সেজে উঠল স্বামী বিবেকানন্দ বাসস্টপ। জিটি রোডের উপর এই সুসজ্জিত বাস স্ট্যান্ড পেয়ে খুশি নিত্যযাত্রী ও পড়ুয়ারা।

## মহেশতলা-কাণ্ডে মুম্বইয়ে ধৃত ৩

**প্রতিবেদন :** মহেশতলায় ১৪ বছরের কিশোরকে উল্টো করে ঝুলিয়ে অত্যাচার, ইলেকট্রিক শকের ঘটনায় অবশেষে মুম্বই থেকে গ্রেফতার মূল অভিযুক্ত শাহেনশা আলম। ধরা পড়েছে তার আরও দুই শাগরেদ। সবমিলিয়ে ধৃতের সংখ্যা বেড়ে দাঁড়াল ৫। তবে এখনও নিখোঁজ নির্যাতিত নাবালক। তার খোঁজে বিভিন্ন জায়গায় চলছে তল্লাশি। উত্তর দিনাজপুরের ইসলামপুর থেকে মহেশতলার কারখানায় কাজ করতে আসা দুই কিশোরের একজনকে উল্টো করে ঝুলিয়ে মারধর ও ইলেকট্রিক শক দেওয়ার নির্মম অত্যাচারের ভিডিও ভাইরাল হয় মঙ্গলবার। কিশোরের বিরুদ্ধে মোবাইল চুরির অভিযোগ তোলা হয়। বুধবার দুই অভিযুক্তকে গ্রেফতার করে পুলিশ। শেষপর্যন্ত মোবাইলের টাওয়ার লোকেশন ট্র্যাক করে মুম্বইয়ে যৌথ অভিযান চালায় রবীন্দ্রনগর থানার পুলিশ এবং ডায়মন্ড হারবার থানার স্পেশাল অপারেশনাল গ্রুপের একটি দল। মুম্বইয়ে ট্রেন থেকে নামতেই গ্রেফতার হয় মূল অভিযুক্ত শামসের আলম ওরফে শাহেনশা, তার ভাই ফিরোজ আলম এবং কারখানার এক কর্মী আমিরুল মহম্মদ ওরফে আশিক। ধৃতদের ট্রানজিট রিমান্ডে কলকাতায় আনা হচ্ছে।

## ধর্ষণে গ্রেফতার

**সংবাদদাতা, বসিরহাট :** নাবালিকাকে ধর্ষণের অভিযোগে গ্রেফতার যুবক। বসিরহাট মহকুমার মিনাখাঁর ধুতুরদহ এলাকার ঘটনা। অভিযোগ নাবালিকাকে ফুসলিয়ে একটি নির্জন জায়গায় নিয়ে গিয়ে ধর্ষণ করে প্রতিবেশী ওই যুবক। বুধবার নাবালিকার বাবা প্রতিবেশী যুবকের বিরুদ্ধে মিনাখাঁ থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগের ভিত্তিতে তদন্তে নেমে ধুতুরদহ থেকে অভিযুক্ত যুবক রাকেশ মণ্ডলকে বৃহস্পতিবার সকালে গ্রেফতার করে পুলিশ।



■ বিশ্ব পরিবেশ দিবসে প্লাস্টিক বর্জনের সচেতনতা বৃদ্ধিতে উদ্যোগ নিল 'দিনান্তে' গার্ডেনরিচ সিনিয়র সিটিজেন্স সোসাইটি। ছিলেন স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়, বরো চেয়ারম্যান রণজিৎ শীল, সমাজসেবী গৌতম পাণ্ডে, উৎপলেন্দু চক্রবর্তী, পার্থ রায়চৌধুরি-সহ অন্যরা।

# হিঙ্গলগঞ্জে রাম-বাম ছেড়ে তৃণমূলে যোগ

**সংবাদদাতা, বসিরহাট :** ফের বিজেপি ও সিপিএমে ভাঙন। '২৬-এর বিধানসভা ভোট যত এগিয়ে আসছে ততই ঘর ভাঙছে রাম-বামের। বৃহস্পতিবার প্রায় এক হাজার বিজেপি ও সিপিএম কর্মী দল ছেড়ে তৃণমূল কংগ্রেসে যোগ দিলেন। হিঙ্গলগঞ্জ বিধানসভার হাসনাবাদ ব্লকের কাটাখালিতে বসিরহাট সাংগঠনিক জেলার নবনিযুক্ত সভাপতি বুরহানুর মোকাদ্দিম ওরফে লিটন, চেয়ারম্যান সরোজ বন্দ্যোপাধ্যায়, হাসনাবাদ ব্লক সভাপতি আমিরুল ইসলাম-সহ বিধায়ক দেবেশ মণ্ডল, সপ্তর্ষি বন্দ্যোপাধ্যায়, রফিকুল ইসলামের উপস্থিতিতে প্রায় ১০০০ বিজেপি ও সিপিএম



■ কর্মীদের হাতে তুলে দেওয়া হচ্ছে দলীয় পতাকা। উপস্থিত জেলা নেতৃত্ব।

কর্মী তৃণমূল কংগ্রেসের যোগদান করলেন।

বিধানসভা নির্বাচন যতই এগিয়ে আসছে ততই বিরোধীদের শক্তিক্ষয় হচ্ছে। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নকে পাথেয় করে বিরোধীরা তৃণমূল কংগ্রেসের সঙ্গে যোগাযোগ করছে বলেই দাবি করেন সভাপতি বুরহানুর মোকাদ্দিম।

## চিড়িয়াখানার দত্তক নিল কোল ইন্ডিয়া

**প্রতিবেদন :** রাজ্যে এই প্রথম গোটা চিড়িয়াখানা দত্তক নেওয়ার নজির। বৃহস্পতিবার বিশ্ব পরিবেশ দিবসে নিউটাউনের চিড়িয়াখানা দত্তক নিল কোল ইন্ডিয়া। পশু-পাখি দত্তক নেওয়া খুব স্বাভাবিক বিষয়। সেক্ষেত্রে ওই প্রাণীর খাদ্য-পানীয়, চিকিৎসা, পরিচর্যা-সহ সমস্ত ভরণপোষণের দায়িত্ব সংশ্লিষ্ট ব্যক্তি বা সংস্থার। তবে গোটা চিড়িয়াখানার দায়ভার নেওয়া ব্যতিক্রমী। এদিন নিউটাউনের মিনি চিড়িয়াখানাটি দত্তক নিতে এক বছরের জন্য চুক্তিবদ্ধ হল কোল ইন্ডিয়া। ২০১৬ সালে ইকোপার্কের একটি অংশে প্রায় ১৫ একর জমিতে ডিয়ার পার্ক গড়ে তুলেছিল হিডকো। ২০২৩ সালে সম্প্রসারণ করে মিনি চিড়িয়াখানা তৈরি করে জু অথরিটি।

## ফেডারেশন-পরিচালক বৈঠক



■ পরিচালক ও ফেডারেশনের বৈঠক। রয়েছেন স্বরূপ বিশ্বাস-সহ অন্যরা।

**প্রতিবেদন :** সাময়িক তৈরি হওয়া দূরত্ব ঘুচিয়ে ফের ফেডারেশনের সঙ্গে পথচলা শুরু করল ডিরেক্টর্স গিল্ড। ফেডারেশন সভাপতি স্বরূপ বিশ্বাসের সঙ্গে বৃহস্পতিবার টেকনিশিয়ান্স স্টুডিওয় ঘরোয়া আলোচনায় বসেন পরিচালকরা। সেখানে খোলামনে দু'পক্ষ সমস্ত সমস্যা নিয়ে আলোচনা করেন। বৈঠক শেষে ফেডারেশন সভাপতি বলেন, দুটি সংগঠনের মধ্যে একটা দূরত্ব তৈরি হয়েছিল। যা কাম্য নয়। আমরা সবাই এদিন সমস্ত বিষয়টা নিয়েই মত বিনিময় করলাম। তাতে পরিষ্কার যে আমাদের মধ্যে একটা পর্দা ছিল। আর তাতেই সমস্যা তৈরি হচ্ছিল। এদিনের আলোচনায় সেটা কেটে গিয়েছে। আগামী দিনে একসঙ্গে চলব এবং কাজ করব। আগামী তিনমাসের মধ্যে আমরা এভাবেই ফের বৈঠকে বসব। পরিচালকদের তরফে জয়দীপ মুখোপাধ্যায়, শ্রীজিত রায়রাও বৈঠকের পর ফেডারেশনের সঙ্গে একসঙ্গে চলার অঙ্গীকার করেন।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল



ধুপঝোরার লোকালয়ে বৃহস্পতিবার উদ্ধার হল প্যাঙ্গোলিন

আমার বাংলা
6 June, 2025 • Friday • Page 7 || Website - www.jagobangla.in



## মালদহের যুবক খুনে এবার কাকা গ্রেফতার



■ গ্রেফতার রহমান নাদাপ।

**সংবাদদাতা, মালদহ :** মালদহের ব্যবসায়ী যুবক খুনে আগেই কাকিমা মৌমিতা হাসানকে গ্রেফতার করেছিল পুলিশ। সন্দেহের তালিকায় ছিল কাকাও। বৃহস্পতিবার মৌমিতা হাসানের স্বামী রহমান নাদাপকেও গ্রেফতার করল ইংরেজবাজার থানার পুলিশ। বৃহস্পতিবার ধৃতকে পেশ করা হল মালদহ জেলা আদালতে। উল্লেখ্য, গত ১৮ মে মালদহের পুখুরিয়া থানা এলাকার সাদ্দাম নাদাপ নামে এক যুবক মালদহ শহর এলাকা থেকে রহস্যজনকভাবে নিখোঁজ হয়ে যান। পেশায় ঠিকাদার সাদ্দাম নাদাপ নিখোঁজের ঘটনায় তাঁর পরিবার গত ২০ মে প্রথমে ইংরেজবাজার থানায় মিসিং ডায়েরি করে। পরবর্তীতে গত ২৩ তারিখ মালদহ শহরের বাসিন্দা মৌমিতা হাসান এবং তার স্বামী রহমান নাদাপের নাম উল্লেখ করে অপহরণের সন্দেহ প্রকাশ করে লিখিত অভিযোগ দায়ের করেন। সেই মতো পুলিশ তদন্ত শুরু করে। তদন্তে নেমে রবিবার ইংরেজবাজার থানার পুলিশ গোটা ঘটনার রহস্যভেদ করে। সাদ্দাম নাদাপকে অপহরণের পর দক্ষিণ দিনাজপুর জেলায় খুন করা হয়েছে। খুন করে দেহ দেওয়ালে গেঁথে বাড়ির গোপন কুঠুরিতে লুকিয়ে রাখার চেষ্টাও করা হয়। কিন্তু তাতে সফল হয়নি। ধৃত মহিলা মৌমিতা হাসান খুনের ঘটনা স্বীকার করার পর দেহ কোথায় রাখা আছে তা পুলিশকে জানায়। বৃহস্পতিবার ধৃতকে পুলিশি হেফাজতে নেওয়ার আবেদন জানিয়ে মালদহ জেলা আদালতে তোলা হয়।

## বিশ্ব পরিবেশ দিবস




■ রায়গঞ্জ পুরসভার উদ্যোগে পালিত হল বিশ্ব পরিবেশ দিবসের অনুষ্ঠান। রায়গঞ্জের পুর শিশু ও বিনোদন উদ্যানে এই অনুষ্ঠান পালন করা হয়। গাছ লাগানোর পাশাপাশি গাছ বাঁচানোর জন্য বিশেষ বার্তা দেওয়া হয়। এছাড়া নিষিদ্ধ প্লাস্টিক ব্যবহার বন্ধের বার্তা দেন পুরপ্রশাসক সন্দীপ বিশ্বাস। শিক্ষাবিদ শুভেন্দু মুখার্জি ছাড়াও ওয়ার্ড কো-অর্ডিনেটর এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানের কর্মকর্তারা উপস্থিত ছিলেন এদিন।

### কর্মী-জিআরপিএফ-আরপিএফ যোগেই কি দুঃসাহস? ■ ৬ বগিতেই চালান

# রেলের কামরায় কাঠ-মাদক পাচার!







■ সর্ষের মধ্যেই লুকিয়ে আছে ভূত! নিউ জলপাইগুড়ি স্টেশনে পাচার হওয়া বামাটিক কাঠ নামানো হচ্ছে বগি থেকে। এই ঘটনায় হইচই পড়ে যায় শিলিগুড়িতে। বৃহস্পতিবার।

**প্রতিবেদন :** সর্ষের মধ্যে ভূত ছাড়া এ-জিনিস অসম্ভব। তাও আবার রেলে! রেলের অভ্যন্তরীণ ছানবিন-নজরদারি যে কোন তলানিতে থেকেছে তা ফের প্রমাণ করল বিশাল চোরাচালান ধরা পড়ায়। মালগাড়ির ছ'টি বগিতে পাচার হচ্ছিল বামাটিক কাঠ এবং মাদক। বৃহস্পতিবার বৃহস্পতিবার সকালে নিউ জলপাইগুড়ি স্টেশনে এই বিশাল পরিমাণ জিনিস ধরা পড়ায় হইচই শুরু হয়েছে রেলের অন্দরে এবং অন্যান্য মহলেও। সকলে বিস্ময়ে হতবাক। ভারতীয় রেলে কাঠ ও মাদক পাচার! সেগুলি উদ্ধার করে পরীক্ষায় পাঠানো হয়েছে। মাদক বলে যা আটক করা হয়েছে তা আসলে কী তাও খতিয়ে দেখা হচ্ছে। রেলের কর্মীদের যোগসাজশ এবং নিরাপত্তারক্ষীদের সাহায্য ছাড়া এই বিশাল পরিমাণ জিনিস চোরাচালান হওয়া কি সম্ভব? সকলেই একমত নিজেদের অভ্যন্তরীণ বোঝাপড়া ছাড়া এ অসম্ভব। এদিন নিউ জলপাইগুড়ি স্টেশনের দু'নম্বর প্ল্যাটফর্মে আসা একটি মালগাড়ির ৬টি বগি থেকে সব ধরা পড়ে।

জানা গিয়েছে অসম থেকে ওই মালগাড়িটি আসছিল। গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে ওই মালগাড়িটি নিউ জলপাইগুড়ি স্টেশনে পৌঁছতেই অভিযান চালায় নিউ জলপাইগুড়ি জিআরপি এবং আরপিএফ। একের পর এক মালগাড়ির ওয়াগন খুলে তল্লাশি চালাতেই চক্ষু চড়কগাছ আরপিএফ এবং জিআরপির। প্রতিটি মালগাড়ির কোচেই প্রায় দুটি-তিনটি করে বামাটিক কাঠের লগ রাখা ছিল। অসম থেকে হাওড়ার দিকে যাচ্ছিল এই মালগাড়িটি। ভারতীয় রেলের কোচে কী করে চোরাই কাঠ উঠল, তা নিয়েই বড়সড় প্রশ্ন উঠেছে। ভারতীয় রেলের কর্মীদের নজর এড়িয়ে মালগাড়ির কোচে এত পরিমাণ কাঠ উঠল কী করে তা নিয়েই প্রশ্ন রয়েছে।

## কেন্দ্রের উদাসীনতায় বর্ষায় দুর্ভোগ হয় উত্তরে : মানস

**সংবাদদাতা, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি :** প্রতিবছর বর্ষায় উত্তরে বিপর্যয়। প্রতিবেশী বন্ধু দেশ ভুটান থেকে ছোট-বড় মিলিয়ে মোট ৭৬টি নদী ডুয়ার্সে প্রবাহিত হয়। ভারত-ভুটান নদী কমিশন গঠন করলে বিষয়টি নিয়ন্ত্রণ করা যেতে পারত। কেন্দ্রকে বারবার এ-বিষয়ে আবেদনের পরও কোনও ফল হয়নি। ইন্দো-নেপাল, ইন্দো-বাংলাদেশ নদী কমিশন রয়েছে, সেখানে ভারত-ভুটান কেন করা হবে না? বৃহস্পতিবার আলিপুরদুয়ার ১ নম্বর ব্লকের সিসামারা নদীর বাঁধ পরিদর্শনে গিয়ে এভাবেই কেন্দ্রকে একহাত নিলেন মন্ত্রী মানস ভুঁইয়া। এদিন, জলপাইগুড়িতে সার্কিট হাউসে রাজ্যের অনগ্রসর শ্রেণিকল্যাণ ও আদিবাসী উন্নয়ন মন্ত্রী বুলুচিক বড়াইক, জলপাইগুড়ির বিভিন্ন বিধানসভার বিধায়করা, জেলাশাসক-সহ অন্যান্য আধিকারিক ও জনপ্রতিনিধিদের নিয়ে বিশেষ বৈঠক করেন। সেই বৈঠকে বিভিন্ন সমস্যা সমাধানের বিষয়ে আলোচনা করা হয়। বৈঠক শেষে মন্ত্রী জানান, ভারতবর্ষ যুক্তরাষ্ট্রীয় পরিকাঠামো হলেও কেন্দ্র সরকার পশ্চিমবঙ্গকে বঞ্চিত করেছে।



■ বাঁধ পরিদর্শনে মানস ভুঁইয়া, সুমন কাঞ্জিলাল, সৌরভ চক্রবর্তী প্রমুখ।

## কোটি টাকা ব্যয়ে পেভার্স ব্লকের রাস্তা

**সংবাদদাতা, আলিপুরদুয়ার :** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে রাজ্যজুড়ে চলছে উন্নয়নের কাজ। প্রত্যন্ত এলাকাতেও পৌঁছে গিয়েছে উন্নয়নের আলো। স্থানীয়দের দীর্ঘদিনের দাবি মেনে পাকা রাস্তা তৈরি হতে চলেছে কুমারগ্রাম ব্লকের লস্করপাড়ায়। লস্করপাড়া গ্যাস গোডাউন থেকে লস্করপাড়া নিউ অ্যাডিশনাল প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত ৯০০ মিটার রাস্তা কংক্রিট পেভার ব্লক দিয়ে তৈরি করা হবে বলে জানা গিয়েছে। উত্তরবঙ্গ উন্নয়ন দফতরের অর্থানুকূল্যে ৯৩ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে সংশ্লিষ্ট রাস্তার কাজের জন্য। বৃহস্পতিবার রাস্তার কাজের শিলান্যাস করেন রাজ্য সভার সাংসদ প্রকাশচিক বড়াইক। শিলান্যাস অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুমারগ্রাম পঞ্চায়েত সমিতির সহকারি সভাপতি জয়প্রকাশ বর্মন, ভল্কা ১ গ্রাম পঞ্চায়েতের প্রধান অণিমা রায়, কুমারগ্রাম পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধ্যক্ষ ধীরেশচন্দ্র রায়, উপপ্রধান রাজীব তির্কি-সহ আরও অনেকেই।



■ শিলান্যাসে প্রকাশ চিক বরাইক।

## জুনে বরফে ঢাকল লাচুং, উপভোগ করতে পারলেন না পর্যটকরা



■ তুষারে ঢাকা লাচুংয়ের স্বর্গীয় সৌন্দর্য

**সংবাদদাতা, শিলিগুড়ি :** জুন মাসে বরফে ঢাকল লাচুং। তবে এই অপূর্ব সৌন্দর্য উপভোগ করতে পারলেন না পর্যটকরা। কারণ দুর্যোগের কারণে লাচুং বন্ধ পর্যটকদের জন্য। বৃহস্পতিবার তিন দফায় ছাটেনে আটকে থাকা ৬৩ জন পর্যটককে উদ্ধার করে পাকইয়ং গ্রিনফিল্ড বিমানবন্দরে নিয়ে আসা হয়। প্রথমে এম-১৭ হেলিকপ্টারে ৩৯ জনকে ছাটেন থেকে উদ্ধার করা হয়। এরপর বায়ুসেনার চিতা হেলিকপ্টার দুর্গম এলাকা থেকে চারজনকে উদ্ধার করে। এরপর ফের এম-১৭ হেলিকপ্টারে আরও ২০ জন পর্যটককে উদ্ধার করে পাকইয়ং বিমানবন্দরে নিয়ে আসা হয়। উদ্ধার হওয়া পর্যটকদের মধ্যে দু'জন বিদেশি। পাকইয়ং বিমানবন্দর থেকে পর্যটকদের সিকিম ন্যাশনালাইজ ট্রান্সপোর্টের বাসে গ্যাংটক ফিরিয়ে আনা হয়।

> দুর্যোগের কারণে লাচুং পর্যটকদের জন্য বন্ধ। বৃহস্পতিবার তিন দফায় ছাটেনে আটকে থাকা ৬৩ জন পর্যটককে উদ্ধার করে পাকইয়ং গ্রিনফিল্ড বিমানবন্দরে নিয়ে আসা হয়।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

# আমার বাংলা

6 June, 2025 • Friday • Page 8 || Website - www.jagobangla.in

## রমনাবাগান জুলজিক্যাল পার্কে ২ চিতাবাঘ, ১৮ দুষ্প্রাপ্য পাখি



■ চিতাবাঘের খাঁচার সামনে স্বপন দেবনাথ, আয়েষা রানি এ প্রমুখ।

**সংবাদদাতা, বর্ধমান :** বর্ধমানের চিড়িয়াখানায় বেশ কিছু নতুন অতিথির আগমন ঘটল। উত্তরবঙ্গের খয়েরবাড়ি অভয়ারণ্য থেকে দুই চিতাবাঘ এই অভয়ারণ্যে এল, আলিপুর চিড়িয়াখানা থেকে আনা হল ৪টি লুটিনো প্যারাকিট ও ১৪টি ককটেল পাখিকে। প্রিয়া, শ্রেয়া ও প্রতাপ— সদ্য-আসা তিন চিতাবাঘের নামকরণ করলেন মন্ত্রী স্বপন দেবনাথ, বৃহস্পতিবার বিশ্ব পরিবেশ দিবসে। পূর্ব বর্ধমানের রমনাবাগানে বন বিভাগ পরিবেশ দিবস পালন করল। বিভাগীয় বনাধিকারিক সঞ্চিতা শর্মা জানান, দক্ষিণ খয়েরবাড়ি থেকে আসা মেয়ে চিতাবাঘ দুটির নামকরণ করা হয়েছে শ্রেয়া আর প্রিয়া। মন্ত্রী চিড়িয়াখানার অন্য সাবালক চিতাবাঘটির নামকরণ করেছেন প্রতাপ। এদিন একটি সাইকেল র‍্যালি, বৃক্ষরোপণ উৎসব, কনফারেন্স হলের উদ্বোধন হল। একইসঙ্গে নতুন চিতাবাঘ ও পাখিদের নিয়ে তৈরি পাখিরালয় খুলে দেওয়া হল সাধারণের জন্য। ছিলেন জেলাশাসক আয়েষা রানি এ, পুলিশ সুপার সায়ক দাস, পুর চেয়ারম্যান পরেশ সরকার। সদস্য বাড়ায় আকর্ষণ বাড়বে রমনাবাগান জুলজিকাল পার্কের। আরও দুটি চিতাবাঘ আসায় বাঘের সংখ্যা দাঁড়াল পাঁচ। দুদিন আলাদা এনক্লোজারে রাখা হয়েছিল তাদের। আগে তিনটি চিতাবাঘ ছিল। সঞ্চিতা শর্মা জানিয়েছেন, পুরনো মাদি চিতাবাঘ কালীর বয়স হয়ে যাওয়ায় তাকে আর প্রদর্শন করা হবে না। নতুন পাখিরালয় তৈরি হয়ে গেল। রয়েল বেঙ্গল টাইগার, সিংহ, জলহস্তির জন্য আবেদন জানানো হয়েছে, এলে আকর্ষণ আরও বহুগুণ বাড়বে।

## সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্রকল্পের সূচনা হল কাঁকসায়

**সংবাদদাতা, কাঁকসা :** বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে বৃহস্পতিবার সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্রকল্পের সূচনা হল কাঁকসার রাজবাঁধ চটি এলাকায়। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাঁকসার বিডিও পর্ণা দে, কাঁকসা পঞ্চায়েত সমিতির সভাপতি ভবানী ভট্টাচার্য, কর্মাধ্যক্ষ নবকুমার সামন্ত, কুলদীপ সরকার, আমলাজোড়া গ্রাম পঞ্চায়েত প্রধান কণিকা বাগদি, উপপ্রধান নাসিম আলি মির, বিশিষ্ট সমাজসেবী রাজেশ কোনার প্রমুখ। এদিন ফিতে কেটে অনুষ্ঠানের সূচনার পাশাপাশি ওই এলাকায় বেশ কিছু বৃক্ষ রোপণ করেন বিডিও ও বিশিষ্টজনেরা।

সমিতির সভাপতি জানিয়েছেন, জায়গার অভাবে অনেকটা দেরি হলেও শেষমেশ একটা জায়গা পাওয়া গিয়েছে। যেখানে এলাকায় সমস্ত প্লাস্টিক ও বর্জ্যপদার্থ জড়ো করা হবে। পরে সেগুলিকে রিসাইকেল করা হবে। মুলত পরিবেশ পরিচ্ছন্ন রাখতে ও দূষণ নিয়ন্ত্রণ করতে ও প্লাস্টিকমুক্ত পরিবেশ গড়ে তুলতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি জানিয়েছেন, দুটি পরিবেশবান্ধব গাড়ি এলাকায় ঘুরে মানুষকে সচেতন করবে ও পচনশীল ও অপচনশীল বর্জ্য সংগ্রহ করে তারা ওই স্থানে জমা করবে। এর ফলে এলাকা প্লাস্টিকমুক্ত হলে নিকাশি নালাগুলো আর বন্ধ হয়ে যাবে না। কারণ বেশিরভাগ ক্ষেত্রে প্লাস্টিকের বোতল ও প্লাস্টিকের ক্যারি ব্যাগের কারণেই নালাগুলো বন্ধ হয়ে যায়।



■ অনুষ্ঠানে রয়েছেন পর্ণা দে, ভবানী ভট্টাচার্য, নবকুমার সামন্ত, কুলদীপ সরকার প্রমুখ।

## সালোয়ার-কামিজ পরেই খুন?

## কেন মেয়েদের পোশাক বাছাই হুমায়ুনের, কারণ খুঁজছে পুলিশ



■ আদালতের পথে হুমায়ুন।

**সংবাদদাতা, বর্ধমান :** মেমারিতে বাবা ও মাকে খুনের দায়ে গ্রেফতার ছেলে হুমায়ুনকে বর্ধমান আদালতে তোলা হল বৃহস্পতিবার। ওর হয়ে কোনও আইনজীবী না থাকায় বিচারক ওকেই আত্মপক্ষ সমর্থন করতে বলেন। হুমায়ুন জানায়, 'আপনাদের বিচারে আমি দোষী হলেও, আমি এটাকে দোষ বলে মনে করছি না। কারণ প্রকৃতির ফল, ফুল, পুকুরের মাছ, আপনারা সব বিক্রি করে দিচ্ছেন। গরিব মানুষ সেটা কিনতে পারছে না। আপনারা ৩০% ইনকাম ট্যাক্স নিচ্ছেন, ২৫% জিএসটি নিচ্ছেন, তার প্রতিবাদ আমার রয়েছে। আল্লাহ কি এসব করতে বলেছে? আল্লার কোর্টে আপনাদের বিচার হবে।' বিচারক হুমায়ুনের সওয়াল শুনেও পুলিশ সাতদিনের রিমান্ডের জন্য আবেদন করলে তা মঞ্জুর করেন। ওর আইনজীবী না থাকায় বিচারক ডিএলএস থেকে একজন আইনজীবীকে দিতে বলেন। একজন আইনজীবী নিযুক্ত করা হলে হুমায়ুনের দাবি, এই আদালতে তার হয়ে প্রতিনিধিত্ব করলে তাঁকে পাঁচ ওয়াক্ত নামাজ পড়তে হবে। ইসলাম ধর্মের সমস্ত নির্দেশাবলি মেনে চলতে হবে। সেরকম কাউকে পাওয়া যায় না। হুমায়ুনের অনুশোচনাহীন কাণ্ড দেখে আদালত চত্বরে গুঞ্জন শুরু হয়ে যায়। বৃহস্পতিবার দমদম কেন্দ্রীয় সংশোধনাগার থেকে বর্ধমান আদালতে নিয়ে আসা হয় হুমায়ুন ওরফে আশিককে। আদালতে তোলার পথে সাংবাদিকদের প্রশ্নে সে জানায়, মা-বাবা দোষ করেছিল, তাই শাস্তি। বাবা-মাকে খুনের পর সড়কপথে বনগাঁ গিয়ে হুমায়ুন এক এতিমখানাতেও তাণ্ডব চালিয়েছিল। ছুরিকাহত হন বেশ কয়েকজন। বুধবার ফরেনসিক সায়েন্স ল্যাবরেটরির প্রতিনিধিরা ঘটনাস্থল দেখেন। বিশেষজ্ঞদের অনুমান, সালোয়ার কামিজ পরেই মা ও বাবাকে খুন করেছিল হুমায়ুন। কেন এমন পোশাক বাছল তা খতিয়ে দেখছে পুলিশ। এএসপি অর্ক বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, একটা বস্ত্র উদ্ধার হয়েছে। ফরেনসিক রিপোর্ট পাওয়ার পর বলা যাবে, সেটা পরে খুন করা হয়েছে কিনা।

## প্রাথমিক স্কুলে হঠাৎ ধস, আতঙ্কে সবাই

**সংবাদদাতা, পাণ্ডবেশ্বর :** বর্ষা এলেই খনি অঞ্চলের বিভিন্ন জায়গায় ধসের ঘটনা সামনে আসে। কিন্তু বর্ষা এখনও আসেনি প্রাক্‌ বর্ষাতেই ধসের ঘটনা ঘটল। হরিপুরের একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রাঙ্গণে বড় আকারের গর্ত সৃষ্টি হয়েছে। তড়িঘড়ি এই এলাকার চারপাশ ঘিরে দেওয়া হয়েছে। এই অবস্থাতেই স্কুলের ছোট ছোট ছাত্রছাত্রীরা আতঙ্কের সঙ্গেই স্কুল করছে। শিক্ষক-শিক্ষিকাদের পাশাপাশি আতঙ্কে অভিভাবকরাও। শিক্ষিকা সুজাতা শীল জানান, গত বছর বর্ষায় স্কুলের অদূরে একটা জায়গায় ধস নামে। তখন থেকেই আতঙ্ক ছিল, এবারে স্কুলের প্রাঙ্গণেই অফিসের সামনেই বড় আকারের গর্তের সৃষ্টি হয়েছে। ধস নামে বৃহস্পতিবার দুপুর দুটো নাগাদ। ছোট ছোট




পড়ুয়ারা কিছু না বুঝেই ধসপ্রবণ এলাকার দিকে চলে যেতে পারে, সে কারণেই এলাকা বেড়া দিয়ে ঘেরা হয়েছে। ধসপ্রবণ এলাকা বলে তাদের স্কুলের বেশ কিছু জায়গায় দেওয়ালে ফাটল হয়েছিল। ইসিএল কর্তৃপক্ষ অন্য একটা জায়গায় স্কুল বানিয়ে দিয়েছে তবে সেখানে পুরোপুরিভাবে স্কুল চালু হয়নি। এদিনের ঘটনার পর এক-দুদিনের মধ্যেই ওই স্কুলে বাচ্চাদের সরিয়ে নিয়ে যাওয়া হবে। বন্ধ করে দেওয়া হবে এই স্কুলটি।



তিনি বীরভূমের সাংসদ। সেই বীরভূমবাসীর মঙ্গল কামনায় বৃহস্পতিবার তারাপীঠে পুজো দিলেন সাংসদ শতাব্দী রায়। সঙ্গে ছিলেন দলীয় কর্মী-সমর্থকেরা।

## চালকলের ২০ ট্রাক ছাই দিয়ে গড়া হল প্রাণিজগৎ

**রাজেশ খাঁ • বর্ধমান**

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে বর্ধমানের উদয়পল্লি জোড়াবাঁধ এলাকায় 'নেচার অফ দ্য ক্যানভাস'-এর উদ্যোগে করা হল ল্যান্ড আর্ট ওয়ার্কশপ। থিম 'ফিরিয়ে দাও অরণ্য'। প্রশান্ত দাশগুপ্ত কলেজ অফ এডুকেশনের সহকারী প্রফেসর রঙ্গজীব রায় জানিয়েছেন, এখানে চালকলের ২০ ট্রাক ছাই এনে এদিন বিভিন্ন প্রাণীর রূপ তুলে ধরা হয়েছে। শিম্পাঞ্জি, ডলফিন, ঘড়িয়াল-সহ জীবজগতের বিভিন্ন স্থাপত্য তুলে ধরা হয়েছে ছাইয়ের মাধ্যমে। এছাড়াও রং-তুলি দিয়ে আঁকা প্রকৃতিকেন্দ্রিক বেশ কিছু চিত্রও এখানে প্রদর্শন করা হয়। ১৮ জন শিল্পী অংশ নিয়েছিলেন এই উদ্যোগে। পূর্ব বর্ধমানের পাশাপাশি নদিয়া, কলকাতা, পশ্চিম বর্ধমান, হুগলি, বাঁকুড়া জেলা থেকে শিল্পীরা এসেছিলেন। 'নেচার অফ দ্য ক্যানভাস'-এর সঙ্গে যুক্ত শিল্পীরা মূলত স্যান্ড আর্ট এবং ফেলে দেওয়া সামগ্রী দিয়ে শিল্পকর্ম করে থাকেন।



তথ্যপ্রযুক্তি পার্ক গড়ে তোলার জন্য কাঞ্চাগাছি বাউলির ৪০০ একর জঙ্গল সাফ করার উদ্যোগ নেয় হায়দরাবাদ সরকার। গত এপ্রিলে সেই কাজ শুরু হতেই অসংখ্য গাছ কাটা শুরু হয়। সমস্যায় পড়ে অসংখ্য প্রাণী। সেইসব ছবি সোশ্যাল মিডিয়া ও অন্য প্রচারমাধ্যমে ছড়িয়ে পড়ে। শুরু হয় আন্দোলন, জনমত তৈরির কাজ। অবস্থা এমন পর্যায়ে পৌঁছয়, দেশের সর্বোচ্চ আদালতকে হস্তক্ষেপ করতে হয়। এই ঘটনার কথা মাথায় রেখেই বিশ্ব পরিবেশ দিবসে 'নেচার অফ দ্য ক্যানভাস'-এর উদ্যোগে এদিনের কর্মশালা করা হয়েছে।

পরিবেশ দিবসে ঝাড়গ্রামে সাঁকরাইল ব্লকের রোহিণীতে গাছ লাগানোর মাধ্যমে পরিবেশ সচেতনতা বাড়াতে সক্রিয় হলেন পঞ্চায়েত সমিতির সভাপতি ঝুনু বেরা, কৃষি কর্মাধ্যক্ষ মথুর মাহাত এবং পরিবেশ কর্মাধ্যক্ষ তাপস মাহাত

# জেলাশাসকের উদ্যোগ, নবরূপে সাজছে ঝাড়গ্রামের প্রাচীন বাঘেশ্বর শিবমন্দির

## একাধিক উন্নয়ন প্রকল্পের কাজ পরিদর্শন



ঐতিহ্যবাহী বাঘেশ্বর শিবমন্দির পরিদর্শনে জেলাশাসক সুনীল আগরওয়াল।

**সংবাদদাতা, ঝাড়গ্রাম :** জেলাশাসকের উদ্যোগে নতুনভাবে সেজে উঠছে ঝাড়গ্রামের শতাব্দীপ্রাচীন বাঘেশ্বর শিবমন্দির। গোপীবল্লভপুর ২ ব্লকের সদর বেলিয়াবেড়ার এই ঐতিহ্যবাহী মন্দির পরিদর্শনে গিয়ে নদীভাঙন রোধে জরুরি পদক্ষেপ করেন জেলাশাসক সুনীল আগরওয়াল। মন্দির প্রাঙ্গণের প্রায় ৫০ মিটারের মধ্যে প্রবাহিত খরস্রোতা ডুলিং নদীর ভাঙনে এই মন্দির-সহ বিস্তীর্ণ এলাকা ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা মাথায় রেখেই তিনি সেচ দফতরের আধিকারিকদের সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে তলব করে উপযুক্ত প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন। স্থানীয়দের দাবি অনুযায়ী এই প্রথম কোনও জেলাশাসক প্রাচীন মন্দিরটি পরিদর্শনে আসেন। প্রায় চারশো বছরের পুরনো এই মন্দিরে প্রতি বছর চৈত্রের গাজন ও শ্রাবণ মাস জুড়ে শিবপুজোয় কয়েক হাজার পুণ্যার্থী জড়ো হন। স্থানীয় আম্বি গ্রামের বাসিন্দা হীরালাল সোম বলেন, 'এই প্রথম কোনও জেলাশাসক আমাদের মন্দিরে এলেন। আমরা অত্যন্ত আশাবাদী যে, এবার মন্দিরকেন্দ্রিক উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হবে।' জেলাশাসক মন্দির চত্বরে বসার জায়গা, সৌন্দর্যায়নের পরিকল্পনার কথাও ঘোষণা করেন। তাঁর এই পদক্ষেপে খুশির হাওয়া গোটা এলাকায়। শুধু মন্দির নয়, এদিন গোপীবল্লভপুর ২ ব্লকের আরও একাধিক উন্নয়নমূলক প্রকল্প ঘুরে দেখেন জেলাশাসক। পাশাপাশি বিভিন্ন কাজ নিয়ে বিডিও নীলোৎপল চক্রবর্তীরও প্রশংসা করেন। বিডিওকে সঙ্গে নিয়ে তিনি প্রথমে কানপুর গ্রামে যান। সেখানে ১৩ লক্ষ টাকায় নবনির্মিত আদিবাসী এলাকার অঙ্গনওয়াড়ি কেন্দ্র ঘুরে দেখেন। এরপর মিরালডিহি গ্রামে ১৫ লক্ষ টাকায় নির্মীয়মাণ প্রায় পাঁচশো মিটার দীর্ঘ কংক্রিটের রাস্তার কাজও পরিদর্শন করেন। এছাড়া বেলিয়াবেড়া কলেজ প্রাঙ্গণে বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নেন। ব্লক প্রশাসন আয়োজিত শিশুদের বসে আঁকো প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত হয়ে খুদেদের উৎসাহ দেন। জেলাশাসক সুনীল আগরওয়াল বলেন, 'বাঘেশ্বর মন্দির চত্বরে সৌন্দর্যায়নের পরিকল্পনা নেওয়া হয়েছে। নদীভাঙন রোধে সেচ দফতরকে প্রয়োজনীয় পদক্ষেপও করতে বলা হয়েছে।'

## পঞ্চায়েতের কাজের নিরিখে প্রথম, দ্বিতীয় দুই মেদিনীপুর

**সংবাদদাতা, মেদিনীপুর :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতরের সমস্ত প্রকল্প ঠিকমতো রূপায়ণ এবং সরকারি বরাদ্দ খরচের নিরিখে ও রাজ্যে প্রথম ও দ্বিতীয় স্থান দুটিই অধিকার করেছে পূর্ব ও পশ্চিম মেদিনীপুর। মঙ্গলবার বিকেলে মেদিনীপুর শহরের প্রদ্যোত স্মৃতি সদনে সাংবাদিকদের মুখোমুখি হয়ে এ কথা জানান দফতরের মন্ত্রী প্রদীপ মজুমদার। এই পর্যালোচনা বৈঠকে প্রায় পুরো দফতরের কর্তাদের নিয়ে উপস্থিত হয়েছিলেন মন্ত্রী। ছিলেন দফতরের সচিব, প্রতিমন্ত্রী শিউলি সাহা, বেচারাম মান্না প্রমুখ। মন্ত্রী প্রদীপ মজুমদার বলেন, সার্বিকভাবে পশ্চিম মেদিনীপুর খুব ভাল কাজ করেছে। তার মধ্যেই যে সমস্ত ব্লক একটু পিছিয়ে আছে, সেখানেও যাতে ঠিকমতো কাজ হয়, সেই আলোচনা হয়েছে। জলসম্পদ উন্নয়ন ও সেচমন্ত্রী ডঃ মানসরঞ্জন ভূঁইয়া বলেন, মেদিনীপুর বিধানসভা উপনির্বাচনের জন্য মাঝে সরকারি প্রকল্পের কাজ স্থগিত না থাকলে পশ্চিম মেদিনীপুরই হয়ত প্রথম স্থান পেত।



পর্যালোচনা বৈঠকে মন্ত্রী প্রদীপ মজুমদার।

## অগ্নিকাণ্ড রুখতে প্রশাসনিক বৈঠক

**সংবাদদাতা, পশ্চিম মেদিনীপুর :** কলকাতায় একাধিক অগ্নিকাণ্ডের ঘটনায় মুখ্যমন্ত্রীর নির্দেশে জেলায় জেলায় সচেতন হওয়ার বার্তা দেওয়া হয়েছে নবান্ন থেকে। সেইমতো বুধবার সন্ধ্যায় পশ্চিম মেদিনীপুরের জেলাশাসকের কার্যালয়ে এই নিয়ে বিশেষ বৈঠক করে জেলা প্রশাসন। জেলাশাসক খুরসেদ আলি কাদেরি ছাড়া ছিলেন পুলিশ সুপার ধৃতিমান সরকার, জেলার তিন মহকুমা শাসক, পুরপ্রধান, দমকল বিভাগের আধিকারিক, সিএমওএইচ প্রমুখ। জেলার বড় বড় ফ্ল্যাট, হোটেল, রেস্তোরাঁ, হাসপাতালগুলিতে ফায়ার লাইসেন্স আছে কিনা খতিয়ে দেখা হবে। না থাকলে কী করণীয় জানানো হবে। তারপর মিলবে অনুমতি।

## রনডিহা জলাধারে উদ্ধার তলিয়ে যাওয়া তিন দেহ



খোঁজে বিপর্যয় মোকাবিলা কর্মীরা।

**সংবাদদাতা, বাঁকুড়া :** দামোদর নদের রনডিহা জলাধারে স্নান করতে নেমে তলিয়ে যাওয়া তিন যুবকের দেহই শেষ পর্যন্ত উদ্ধার করতে সক্ষম হল বিপর্যয় মোকাবিলা বাহিনী। প্রসঙ্গত, বুধবার দুপুরে সোনামুখীর রণডিহা জলাধারে স্নান করতে নামে কাঁকসার সাত যুবক। জলের স্রোতে সাতজনই তলিয়ে যায়। স্থানীয় মৎস্যজীবীরা দ্রুত উদ্ধারকাজে নেমে ৪ জনকে উদ্ধার করেন। অপর ৩ জনকে জলের স্রোতে তলিয়ে যায়। ফলে তাদের দেহ উদ্ধার সম্ভব হয়নি। পরে সোনামুখী ও পূর্ব বর্ধমানের বুদবুদ থানার পুলিশ স্থানীয় ডুবুরি নামিয়েও ব্যর্থ হয়ে বিপর্যয় মোকাবিলা বাহিনীতে ডাকে। তারা তল্লাশি শুরু করে গতকাল সন্ধ্যায় জিতু অধিকারীর দেহ উদ্ধার করে। বৃহস্পতিবার সকালে উদ্ধার হয় অভিজিৎ গাইনের দেহ। পরে শেষজন সুরজিৎ বিশ্বাসের দেহও উদ্ধার হয়।

# রবিবারেও সরকারি গ্রন্থাগার খুলে রাখার কথা ভাবছে রাজ্য





গ্রন্থাগার দফতরের বৈঠকে মন্ত্রী-সহ শীর্ষকর্তারা।

**সংবাদদাতা, বর্ধমান :** শুধু সোম থেকে শুক্র নয়, ছাত্রছাত্রী, রিসার্চার, প্রবীণ মানুষদের সুবিধার্থে সরকার পোষিত লাইব্রেরিগুলি এবার রবিবারেও খোলা রাখার চিন্তাভাবনা শুরু করেছে রাজ্য গ্রন্থাগার ও জনশিক্ষা দফতর। বুধবার বর্ধমানে বীরভূম, হুগলি, বাঁকুড়া এবং পশ্চিম ও পূর্ব বর্ধমানকে নিয়ে বৈঠকে এই বিষয়ে আলোচনা হয়েছে বলে জানান গ্রন্থাগার মন্ত্রী সিদ্দিকুল্লাহ চৌধুরি। উপস্থিত ছিলেন দফতরের বিশেষ সচিব হৃদেশ মোহন-সহ অন্য কর্তারা এবং জেলাশাসক আয়েষা রানি এ, অতিরিক্ত জেলাশাসক প্রমুখ। মন্ত্রী জানান, সোম থেকে শুক্রবার গ্রন্থাগারগুলি খোলা থাকে। কিন্তু প্রস্তাব এসেছে রবিবার যদি খোলা রাখা যায় তাহলে অনেকের উপকার হয়। এই প্রস্তাব নিয়ে আলোচনা চলবে। গোটা রাজ্যকে গ্রন্থাগার ও জনশিক্ষা প্রসার দফতর ৬ জোনে ভাগ করেছে। প্রতিটি জোনের কাছে প্রস্তাব চাওয়া হবে। তারপরই সিদ্ধান্ত হবে। তবে রাজ্যের ২৪৮০টি গ্রন্থাগার সম্পর্কে বিশদ জানার সিদ্ধান্ত হয়েছে। তাদের দলিল, পরচা আছে কিনা তা জানতে চাওয়া হবে। রাজ্যের লাইব্রেরিগুলিতে ২ কোটি ৬০ লক্ষ বই রয়েছে। সেগুলির বাস্তব অবস্থা জানাতে প্রতিটি লাইব্রেরিকে রিপোর্ট দিতে বলা হয়েছে ১৭ তারিখের মধ্যে। কোথায় কত বই, কত ভাষার বই, শৌচাগার, পানীয় জলের ব্যবস্থা আছে কিনা তাও জানতে চাওয়া হচ্ছে। গ্রন্থাগারগুলিতে কমপিউটার দেওয়া হয়েছে প্রায় ৭০০। সেগুলির কী অবস্থা সে বিষয়েও জানার চেষ্টা চলছে। দুষ্প্রাপ্য বই ডিজিটালাইজেশন করা হবে। অন্যদিকে, জনশিক্ষা প্রসার দফতরের বিভিন্ন সহকারী প্রকল্প নিয়েও বৈঠকে পর্যালোচনা হয়। এই দফতরের উদ্যোগে চালু স্কুলগুলি দ্বাদশ শ্রেণি পর্যন্ত। এরপর ছেলেমেয়েদের ভবিষ্যৎ কী হবে তা নিয়েও আলোচনা হয়। দফতর একটি কলেজ করতে চায়। ইতিমধ্যেই এ ব্যাপারে মুখ্যমন্ত্রী গ্রিন সিগন্যাল দিয়েছেন এবং জমি খোঁজ চলছে বলে জানান মন্ত্রী।

## বিশ্ব পরিবেশ দিবস

### গাছ কাটায় কড়া নজরদারি প্রশাসনের



**সংবাদদাতা, ডেবরা :** বিশ্ব পরিবেশ দিবস উদযাপন হল ডেবরা পঞ্চায়েত সমিতি, ডেবরা ব্লক প্রশাসন ও ডেবরা সুপার স্পেশালিটি হাসপাতালের উদ্যোগে। কর্মসূচিতে ছিলেন ডেবরার বিডিও প্রিয়ব্রত রাড়ী, জয়েন্ট বিডিও দেবাশিস বিশ্বাস, পঞ্চায়েত সমিতির সভাপতি বাদলচন্দ্র মণ্ডল, ডেবরা সুপার স্পেশালিটি হাসপাতালের সুপার স্বরূপ পাত্র, পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ সিতেশ ধাড়া, ব্লক স্বাস্থ্য অধিকর্তা-সহ অন্যরা। ডেবরা অডিটোরিয়াম হলে শপথবাক্য পাঠের পর সুপার স্পেশালিটি ও গ্রামীণ হাসপাতালে বৃক্ষরোপণ কর্মসূচি হয়। বিডিও বলেন, এলাকায় অবাধে গাছ কাটা এবং গাছ চুরির প্রবণতা নিয়ে সচেতন করছি। প্রয়োজনে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

### অরণ্যশহরে পদযাত্রা





**সংবাদদাতা, ঝাড়গ্রাম :** বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে অরণ্যশহরে অনুষ্ঠিত হল বর্ণাঢ্য র‍্যালি ও বৃক্ষরোপণ কর্মসূচি। রাজ্য বন বিভাগ প্রাথমিক, ইংলিশ মিডিয়াম ও জুনিয়র হাই স্কুলের সঙ্গে যৌথ সহযোগিতায় দিনটি পালন করে বিশেষ আয়োজনের মাধ্যমে। পরিবেশ সংরক্ষণ ও সচেতনতার বার্তা ছড়িয়ে দেওয়া হয়। এরপর বৃক্ষরোপণের মাধ্যমে পরিবেশরক্ষার গুরুত্ব তুলে ধরা হয়। উপস্থিত ছিলেন ঝাড়গ্রামের বনাধিকর্তা মহম্মদ খুরশিদ আলম গাজি, বিট অফিসার সন্দীপ ঘোষ, দীপালি মাহাত, শিক্ষক সুদীপ্ত চক্রবর্তী প্রমুখ।

### পুলিশের বৃক্ষরোপণ



**সংবাদদাতা, আসানসোল :** আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেটের উদ্যোগে ইস্ট জোনের অন্তর্ভুক্ত দুর্গাপুর থানায় বিশ্ব পরিবেশ দিবস পালিত হল বৃক্ষরোপণ ও ট্যাবলো প্রদর্শনের মাধ্যমে। আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেটের ডিসি অভিষেক গুপ্তা জানান, মার্শাল আর্ট কেন্দ্রের শিশুরা অনুষ্ঠানের তাৎপর্য বুঝে আগামী দিনে শহরাঞ্চলকে সুরক্ষিত রাখতে পরিবেশবান্ধব কর্মসূচি নেবে।

আমার বাংলা
জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল
6 June, 2025 • Friday • Page 10 || Website - www.jagobangla.in

# কুকুড়াহাটিতে আট কোটি ব্যয়ে নয়া জেটি, পরিদর্শনে স্নেহাশিস



■ জেটির কাজ পরিদর্শনে স্নেহাশিস চক্রবর্তী ও আধিকারিকরা।

**সংবাদদাতা, হলদিয়া :** হুগলি নদীর পাড়ে পরিবহণ দফতরের নয়া উদ্যোগ। প্রায় আট কোটি টাকা ব্যয়ে অত্যাধুনিক মানের নয়া জেটি নির্মাণ করছে রাজ্য পরিবহণ দফতর। ইতিমধ্যে কাজ শুরু হয়ে গিয়েছে। বৃহস্পতিবার নির্মীয়মাণ সেই জেটিঘাট পরিদর্শনে যান পরিবহণমন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী। নিত্যযাত্রীদের সঙ্গে কথাও বলেন। হলদিয়া থেকে কলকাতা যাওয়ার অন্যতম দ্রুত পথ হিসেবে বহু মানুষ বেছে নেন কুকুড়াহাটি-রায়চক ও কুকুড়াহাটি-ডায়মন্ড হারবার ফেরি সার্ভিসকে। তবে রায়চক এবং ডায়মন্ড হারবার থেকে ভেসেল কুকুড়াহাটিতে আসায় ব্যাপক যানজটের সৃষ্টি হয় কুকুড়াহাটি জেটিঘাটে। একটি মাত্র জেটি থাকায় যাত্রী ওঠানামায় ব্যাপক সমস্যা হয়। এমন পরিস্থিতিতে গত লোকসভা নির্বাচনের আগে ডায়মন্ড হারবারের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় পরিবহণ দফতরের কাছে কুকুড়াহাটিতে নতুন একটি জেটি তৈরির জন্য আবেদন জানান। তাতেই হলদিয়ার কুকুড়াহাটিতে শুরু করা হয়েছে অত্যাধুনিক মানে জেটি তৈরির কাজ। পরিবহণ দফতরের দাবি, দুই থেকে তিন মাসের মধ্যে শেষ হয়ে যাবে জেটি তৈরির কাজ। মুখ্যমন্ত্রী হাত ধরে খুলে যাবে। পুরনো জেটি থেকে ডানদিকে কয়েক মিটার দূরেই তৈরি হয়েছে নতুন জেটি। সংযোগ রয়েছে পুরনোর সঙ্গে। নয়া এই জেটিতে থাকছে বিশ্রামের জায়গা, শৌচাগারও। নির্মীয়মাণ জেটির কাজের পাশাপাশি রায়চক-কুকুড়াহাটির মধ্যে রো-রো সার্ভিস চালুর জন্য জায়গাও পরিদর্শন করেন স্নেহাশিস। ছিলেন প্রতিমন্ত্রী দিলীপ মণ্ডল, বিভাগীয় সচিব, মহকুমা ও ব্লক প্রশাসনের আধিকারিকরা।

## খোয়া যাওয়া টাকা



■ রায়গঞ্জ পুলিশ জেলা ও সাইবার ক্রাইমের উদ্যোগে এদিন ১২ জন উপভোক্তার হাতে তাঁদের খোয়া যাওয়া অর্থ তুলে দেওয়া হল। কর্ণজোড়ায়, জেলা পুলিশ সুপারের দফতরে। অতিরিক্ত পুলিশ সুপার কুন্তল বন্দ্যোপাধ্যায় বলেন, ১২ জন উপভোক্তার হাতে মোট ২৮ লক্ষ টাকার চেক দেওয়া হয়। যাঁদের মধ্যে একজনেরই ২২ লক্ষ টাকা রয়েছে।

## বিস্ফোরণে মৃত ১

■ বোমা ফেটে মৃত হল এক ব্যক্তির। কালিয়াচকের গোলাপগঞ্জ গোপালনগর গ্রামে। মৃতের নাম টিপু সুলতান (৪৫)। বাড়ির পিছনে বাঁশঝাড়ে রাখা ছিল বোমা। সেটি কোনওভাবে ফেটে যায়। মৃত্যু হয় টিপু সুলতানের। কালিয়াচক থানার পুলিশ তদন্ত শুরু করেছে।

## চা-শিল্পেও নজর মুখ্যমন্ত্রীর

# ডাল, সরষেও আনতে হবে না, দাবি কৃষিমন্ত্রীর



**সংবাদদাতা, জলপাইগুড়ি :** পশ্চিমবঙ্গের কৃষিক্ষেত্রে আসতে চলেছে আমূল পরিবর্তন। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সরাসরি নির্দেশে এবার রাজ্যের কৃষিকে আত্মনির্ভর করে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় জানিয়েছেন, ‘‘বাংলার কৃষি এখন থেকে বাইরের রাজ্যের উপর নির্ভর করবে না। ডাল থেকে সরষে, খাদ্যশস্যের বড় অংশই উৎপাদিত হবে রাজ্যের মাটিতে।’’ বিশেষত উত্তরবঙ্গের উর্বর মাটি এবং অনুকূল আবহাওয়াকে কাজে লাগিয়ে সেখানে বিস্তৃত হারে চাষ হবে সরষে ও ডালের মতো গুরুত্বপূর্ণ খাদ্যশস্য। বর্তমানে এই খাদ্যপণ্যগুলির বেশিরভাগই আসে বাইরের রাজ্য থেকে। এই উদ্যোগ সফল হলে, দাম কমবে, রাজ্যের অর্থনীতিতেও আসবে গতি। মুখ্যমন্ত্রী নজর দিয়েছেন উত্তরবঙ্গের চা-শিল্পেও। যদিও বর্তমানে চা-বাগানগুলোর অবস্থা বেশ সঙ্কটজনক। তবুও চা-শ্রমিকদের পাশে দাঁড়িয়েছেন তিনি। চায়ের চাহিদা কমে যাওয়ায় যাতে শ্রমিকদের জীবনে কোনও প্রভাব না পড়ে, সেই জন্য সরকার গড়ে তুলছে বিকল্প কর্মসংস্থানের পথ। চা-বাগান ঘিরে তৈরি হচ্ছে গেস্ট হাউস, পর্যটনকেন্দ্র এবং অন্য পরিকাঠামো। যা আগামী দিনে উত্তরবঙ্গের পর্যটনশিল্পকে নতুন রূপ দেবে এবং চা-শ্রমিকদের জন্য খুলে দেবে নতুন দিগন্ত। আত্মনির্ভর বাংলার পথে এটিও হবে একটি বড় পদক্ষেপ।


# বর্ধমানে বাগদি সম্প্রদায়ের নতুন অফিস



■ অফিস উদ্বোধনে স্বপন দেবনাথ, রবীন্দ্রনাথ চট্টোপাধ্যায়, গার্গী নাহা প্রমুখ।

**সংবাদদাতা, বর্ধমান :** পূর্ব বর্ধমান জেলায় রাজ্য বাগদি কালচারাল বোর্ডের নতুন অফিসের উদ্বোধন করলেন প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী স্বপন দেবনাথ, বৃহস্পতিবার। একইসঙ্গে এদিন দুই বর্ধমান, হুগলি, বাঁকুড়া ও বীরভূম— এই পাঁচ জেলার মাধ্যমিকে বাগদি সম্প্রদায়ের সেরা তিনজন করে ছাত্রছাত্রীকে দেওয়া হল সংবর্ধনা। স্বপন জানিয়েছেন, অনেক আগে এই বোর্ড তৈরি হলেও তার তেমন কোনও কাজ ছিল না। মুখ্যমন্ত্রী সমস্ত সম্প্রদায়ের জন্য আলাদা আলাদা বোর্ড তৈরি করে দিয়েছেন। সংশ্লিষ্ট সম্প্রদায়ের ছেলেমেয়েদের ভবিষ্যৎ উন্নতির জন্য এই বোর্ডগুলি কাজ করছে। এতদিন পূর্ব বর্ধমান জেলায় এই বোর্ডের কোনও অফিস না থাকায় সমস্যা হচ্ছিল। এবার সেই সমস্যা দূর হল। মুখ্যমন্ত্রী যতদিন আছেন, বাগদি বলে হীনম্মন্যতায় ভোগার দিন শেষ হয়েছে। এদিন মাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ পড়াশোনার কথা জেনে তাদের একটি করে ল্যাপটপ ও বইপত্র দেওয়া হয়েছে। বোর্ডের রাজ্য চেয়ারম্যান চন্দনা মাঝি জানিয়েছেন, বাগদি সম্প্রদায়ের মধ্যে ২০০১ সালে শিক্ষার হার ছিল ৪৭ শতাংশ, ২০১১-য় ৬২ শতাংশ। বর্তমানে তা ৭৫ শতাংশ। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন তৃণমূল রাজ্যসভার সাংসদ সামিরুল হক, সহকারী সভাধিপতি গার্গী নাহা, জেলাশাসক আয়েষা রানি এ, অতিরিক্ত জেলাশাসক প্রতীক সিংহ, বিধায়ক রবীন্দ্রনাথ চট্টোপাধ্যায়, নিত্যানন্দ বন্দ্যোপাধ্যায়, শান্তনু কোনার, মালবিকা খাটুয়া, কৃষ্ণেন্দু মণ্ডল প্রমুখ।

# দ্য বর্ধমান সেন্ট্রাল সমবায় ব্যাঙ্কের নতুন শাখা



**সংবাদদাতা, সালানপুর :** সালানপুর ব্লকের দ্য বর্ধমান সেন্ট্রাল সমবায় ব্যাঙ্কের ৪২তম শাখা অর্থাৎ রূপনারায়ণপুর শাখার উদ্বোধন করলেন বারাবনির বিধায়ক তথা মেয়র বিধান উপাধ্যায়। প্রধান অতিথি ছিলেন জেলাশাসক পুন্নবলম এস, বিধায়ক নরেন্দ্রনাথ চক্রবর্তী, বিধায়ক হরেরাম সিং, জেলা পরিষদের সভাধিপতি বিশ্বনাথ বাউড়ি, কৈলাসপতি মণ্ডল, বিদ্যুৎ মিশ্র, মহম্মদ আরমান প্রমুখ। এদিন রূপনারায়ণপুর প্রাথমিক বিদ্যালয়ের একটি নতুন ভবন এবং পূর্ব রাঙামাটিয়া নিম্ন প্রাথমিক বিদ্যালয়ে একটি নতুন শেড, রূপনগর কালীমন্দিরে একটি নতুন শেডের উদ্বোধন করা হয়।

## আজ রাজপথে

(প্রথম পাতার পর)

ভয় পাবেন? তৃণমূল কংগ্রেস এ-ধরনের নোংরা রাজনীতি করে না। আমরাও অনেক কিছু দেখি, শুনি। কিন্তু সেগুলো নিয়ে বিকৃত প্রচার করি না। কুণাল মনে করিয়ে দিয়েছেন, দয়া করে যাঁরা এসব করছেন ‘স্মৃতি থেকে বিস্মৃত হবেন না’। আমরা প্রশ্ন তুলতে পারি মানসী সোনি কে? যাঁরা এসব বলছেন তাঁদের শীর্ষ নেতৃত্ব থেকে বঙ্গ নেতৃত্ব— অনেক মণিমাণিক্য ছড়িয়ে রেখেছেন। আপনাদের দলের অন্দর থেকে অনেক অভিযোগ উঠেছে। আপনাদের লজ্জা করে না, অভিষেকের শৈশবের ছবি নিয়ে রাজনীতি করছেন। আর কাদা ছেটাচ্ছেন মমতা বন্দ্যোপাধ্যায়ের গায়ে। ছিঃ!

## বিধানসভায় আসছে প্রস্তাব

(প্রথম পাতার পর)

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও ওইদিনের আলোচনায় অংশ নেবেন বলে অধ্যক্ষ জানিয়েছেন। বিধানসভার অধিবেশন শুরুর আগে আজ প্রথা মেনে সর্বদলীয় বৈঠকের আয়োজন করা হয়। যদিও প্রধান বিরোধী দল বিজেপি তাদের ঘোষিত অবস্থান অনুযায়ী ওই বৈঠক বয়কট করে। তবে উপস্থিত ছিলেন আইএসএফের একমাত্র বিধায়ক নওশাদ সিদ্দিকি। বিধানসভার অধিবেশনে মুর্শিদাবাদ ও মালদার একাধিক এলাকায় সাম্প্রতিক অশান্তি নিয়ে আলোচনা চেয়ে প্রস্তাব আনার পরিকল্পনা করেছে বিজেপি। এই প্রসঙ্গে অধ্যক্ষকে প্রশ্ন করা হলে তিনি বলেন, বিধিমাফিক প্রস্তাব এলে তা বিবেচনা করা হবে।

এই অধিবেশনে ওবিসি সংরক্ষণ সংক্রান্ত একটি গুরুত্বপূর্ণ বিল পেশ করা হতে পারে। সূত্রের খবর, রাজ্য সরকারের তরফে এই বিল নিয়ে বিস্তারিত আলোচনা হবে। পাশাপাশি, রাজ্যপাল একাধিক গুরুত্বপূর্ণ বিল আটকে রেখেছেন বলে অভিযোগ উঠেছে। এই প্রেক্ষিতে সরকার পক্ষ থেকে একটি সংবিধান সংশোধনী প্রস্তাব আনার কথাও শোনা যাচ্ছে। বিধানসভার একাধিক স্থায়ী কমিটির রিপোর্টও এই অধিবেশনে উপস্থাপিত হবে বলে জানা গিয়েছে। প্রশাসনিক স্বচ্ছতা ও নীতিনির্ধারণ সংক্রান্ত বিভিন্ন বিষয় এই রিপোর্টগুলিতে স্থান পাবে। ফলে এই অধিবেশন রাজনৈতিক মতপার্থক্য ছাড়াও একাধিক বাস্তবমুখী ও প্রশাসনিক আলোচনার ক্ষেত্র হতে চলেছে।

## আবাসন প্রকল্প করতে

(প্রথম পাতার পর)

আটটি মৌজায় এই সমীক্ষা চালানো হবে। এর মধ্যে দক্ষিণ ২৪ পরগনায় দুটি পৃথক জমির পরিমাণ যথাক্রমে ৩.৬৭৭ ও ২৩.০৩৯ একর, পশ্চিম বর্ধমানে ২১.৩৬১ একর, জলপাইগুড়িতে ৮.২২ একর এবং হুগলিতে ৪.৭৯ একর জমির উপর সমীক্ষা হবে। প্রকল্পে আধুনিক প্রযুক্তি ব্যবহার করা হবে—যেমন ‘টোটাল স্টেশন’ ও ‘ডিফারেনশিয়াল জিপিএস’ ব্যবস্থার সাহায্যে নির্ভুল ম্যাপিং ও কনট্যুর ম্যাপ তৈরি করা হবে। ড্রেনেজ ও পরিকাঠামো পরিকল্পনার জন্য আউটফল পয়েন্ট নির্ধারণও এই সমীক্ষার অংশ।

উল্লেখযোগ্য বিষয় হল, জমির খতিয়ান ও মৌজা ম্যাপের সঙ্গে মিলিয়ে যেকোনও নির্মাণকাজের বিস্তারিত নথিভুক্ত করাও বাধ্যতামূলক করা হয়েছে। ভূমি ও ভূমি সংস্কার দফতরের সহযোগিতায় এই কাজ হবে। রাজ্যের তরফে তিন মাসের মধ্যে এই সমীক্ষা শেষ করার পরিকল্পনা নেওয়া হয়েছে, যা এই প্রকল্পের গুরুত্ব ও তৎপরতাকে স্পষ্ট করে।

হাউজিং বোর্ডের এই উদ্যোগের মাধ্যমে অব্যবহৃত জমিগুলিকে গৃহনির্মাণে কাজে লাগিয়ে নতুন আবাসন হাব গড়ে তোলার দিকে এগোচ্ছে রাজ্য। স্থানীয় প্রশাসনের সঙ্গে সমন্বয় এবং যোগাযোগ বৃদ্ধির মাধ্যমে যাতে প্রকল্পে কোনও বিলম্ব না হয়, সেদিকে নজর রাখা হবে। নিউটাউন-রাজারহাট এলাকায় থাকা ৩৪টি ফাঁকা জমি কীভাবে ব্যবহার করা যেতে পারে, তা নির্ধারণ করতে হাউজিং বোর্ড বাজারে চাহিদা, জমির মূল্য বিচার করতে পৃথক সমীক্ষা চালানোর সিদ্ধান্ত নিয়েছে।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

বুধবার রাতে দিল্লিতে সশস্ত্র সমাজবিরোধীরা সরাসরি গুলি চালাল পুলিশকে লক্ষ্য করে। পাল্টা গুলি চালিয়েছে পুলিশও। জখম হয়েছে ২ দুষ্কৃতী। শেখ সরাই রেড লাইট এরিয়ায় অন্তত ৫ রাউন্ড গুলি চালায় পুলিশ



# সংখ্যালঘুদের জিমে প্রবেশে নিষেধাজ্ঞা গেরুয়া রাজ্যে

**প্রতিবেদন:** গেরুয়া মধ্যপ্রদেশের পুলিশের বিরুদ্ধে মধ্যযুগীয় বিদ্বেষের অভিযোগ। বজরংদল সদস্যদের সঙ্গে বসে সংখ্যালঘুদের জিমে প্রবেশের উপর নিষেধাজ্ঞা জারি করলেন পুলিশ অফিসাররা। ইউনিফর্ম পরেই। এই ন্যক্কারজনক ঘটনাটি ঘটেছে ভোপালে। ভাইরাল হয়েছে ভিডিও। পুলিশের এক পদস্থ অফিসার এবং সাব-ইন্সপেক্টর দীনেশ শুক্লাকে দেখা যাচ্ছে বজরংদলের সদস্যদের বলছেন, এখানে কোনও মুসলমান আসবে না, প্রশিক্ষণ নিতেও না, দিতেও নয়। সেই সঙ্গে গেরুয়া বাহিনী পুলিশকে সঙ্গে নিয়ে খাড়া করছে লাভ জেহাদের তত্ত্বও। স্বাভাবিকভাবেই গভীর উদ্বেগের সৃষ্টি করেছে এই ঘটনা। জনরোষের চাপে পড়ে সাময়িকভাবে সরিয়ে দেওয়া হয়েছে এসআই শুক্লাকে। কিন্তু আরেকটি ভিডিওতে দেখা যাচ্ছে হিন্দুত্ববাদীরা জিমে প্রবেশ করে জয় শ্রীরাম ধ্বনি দিচ্ছে। সঙ্গে হুমকি দিচ্ছে জিম মালিককেও। এই ঘটনাকে কেন্দ্র করে নিন্দার ঝড় উঠেছে রাজ্যে।

# পুলিশের পরামর্শে কান দেয়নি সিদ্দারামাইয়ার সরকার

# বেঙ্গালুরু ট্র্যাজেডি, স্বতঃপ্রণোদিত মামলা হাইকোর্টের, এফআইআর মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে

**প্রতিবেদন:** বেঙ্গালুরুতে পদপিষ্ট হয়ে মৃত্যুর ঘটনায় স্বতঃপ্রণোদিত হয়ে মামলা দায়ের করল কর্নাটক হাইকোর্ট। এই ঘটনায় মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়া, উপমুখ্যমন্ত্রী ডিকে শিবকুমারের বিরুদ্ধে এফআইআর করলেন স্নেহময়ী কৃষ্ণ নামে এক সমাজকর্মী। এফআইআর করা হয়েছে কর্নাটক ক্রিকেট অ্যাসোসিয়েশনের কর্মকর্তাদের বিরুদ্ধেও। অবশ্য ম্যাজিস্ট্রেট পর্যায়ের তদন্তে নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। ঘটনার জন্য ক্ষমা চেয়েছেন উপমুখ্যমন্ত্রী। সরকারের রিপোর্ট তলব করেছে হাইকোর্ট। কিন্তু সবচেয়ে তাৎপর্যপূর্ণ বিষয়, পুলিশ পরামর্শ দিয়েছিল, বুধবার নয়, রবিবার আয়োজন করা হোক বিজয়োৎসবের। কিন্তু পুলিশের কথায় কান দেয়নি সরকার। উলটে নিজেদের দোষ ঢাকতে বেঙ্গালুরুর পুলিশ কমিশনারকে সাসপেন্ড করল সিদ্দারামাইয়ার সরকার। লক্ষণীয়, বুধবার চিন্নাস্বামী স্টেডিয়ামে কোহলিদের সেলিব্রেশন দেখতে এসে পদপিষ্ট হয়ে প্রাণ হারান ১২




জন। জখম হন অন্তত ৫০ জন।

বুধবারের এই মর্মান্তিক ঘটনার ব্যাপারে উঠে আসছে বেশকিছু গুরুত্বপূর্ণ তথ্য। তা হল দুর্ঘটনার ঠিক পরে আহতদের প্রথমে হাসপাতালে নিয়ে যাওয়া হয়নি আদৌ। আশ্চর্যজনকভাবে তাঁদের স্টেডিয়ামের বাইরে থেকে নিয়ে যাওয়া হয়েছিল ভেতরে। কালক্ষেপ করা হয়েছে অযথা। ফলে দেরি হয়েছে চিকিৎসায়। কেন এমন হল? দু'টি অ্যাম্বুল্যান্সই ছিল স্টেডিয়ামের ভেতরে। রাস্তায় পড়ে থাকা জখমদের হাসপাতালে পাঠাতে তাই সেই অ্যাম্বুল্যান্সের খোঁজে নিয়ে যাওয়া হয়েছিল চিন্নাস্বামী স্টেডিয়ামের ভেতরে। কিন্তু মাত্র দু'টি অ্যাম্বুল্যান্সে জায়গা হয়নি সকলের। তাই কাঁধে করে জখমদের আবার রাস্তায় নিয়ে আসেন নিরাপত্তারক্ষীরা। কিন্তু সেলিব্রেশনের জন্য রাস্তা বন্ধ থাকায় সেখানেও পাওয়া যায়নি কোনও যানবাহন। কাঁধে করে জখমদের ৫০০ মিটার নিয়ে যাওয়ার পরে কোনওরকমে গাড়ি মেলে। আসলে স্টেডিয়ামের ধারণক্ষমতা ৩৩ হাজার হলেও, প্রবেশের চেষ্টা করেছিল প্রায় ৩ লক্ষ মানুষ। আরও একটি উদ্বেগজনক তথ্য প্রকাশ্যে

- কর্নাটক হাইকোর্টের স্বতঃপ্রণোদিত মামলা
- মুখ্যমন্ত্রী এবং উপমুখ্যমন্ত্রীর বিরুদ্ধে এফআইআর
- পুলিশের পরামর্শ অগ্রাহ্য করেছে কর্নাটক সরকার
- ম্যাজিস্ট্রেট পর্যায়ের তদন্তের নির্দেশ সরকারের
- সাসপেন্ড বেঙ্গালুরুর পুলিশ কমিশনার

এসেছে। কর্নাটক সরকারকে পুলিশ পরামর্শ দিয়েছিল, ফাইনালে জেতার পরদিনই যাতে বিজয়োৎসব না করা হয়। কারণ, তখন মানুষের উচ্ছ্বাস থাকে চরমে। তাছাড়া বুধবার কাজের দিনে বিজয়োৎসব করলে স্কুল-কলেজ, অফিস-কাছারির কারণে রাস্তাঘাটে চাপ থাকবে ভিড়ের। ফলে বিঘ্নিত হতে পারে সাধারণের নিরাপত্তা। সরকারের কাছে পুলিশের অনুরোধ ছিল সেলিব্রেশন হোক রবিবার বা অন্য কোনও ছুটির দিনে। কিন্তু পুলিশের কথায় কান দেয়নি সরকার। এখানেই শেষ নয়, টানা দু'দিন-দু'রাত ধরে একটানা অনুষ্ঠানের প্রস্তুতির ফলে ক্লান্ত-পরিশ্রান্ত হয়ে পড়েছিলেন পুলিশকর্মীরা। ফলে ওই বিশাল উপচে পড়া ভিড় সামলানোর মতো এনার্জি আর ছিল না পুলিশের। তাছাড়া, ভিড়ের তুলনায় অনেক কম ছিল পুলিশকর্মীর সংখ্যাও। স্টেডিয়ামে প্রবেশের পথও ছিল সংকীর্ণ। বৃহস্পতিবার দুপুরে কর্নাটক হাইকোর্টে শুরু হয় স্বতঃপ্রণোদিত মামলার শুনানি। সেখানে পুলিশের পক্ষ থেকে স্পষ্ট জানানো হয়, আমরা কোনও দায় চাপানোর কথা বলতে চাই না। যা ঘটেছিল, আদালতে তুলে ধরতে চাই সেটাই। কিন্তু এম চিন্নাস্বামী স্টেডিয়ামে পদপিষ্ট হয়ে ১২ জনের মৃত্যুর ঘটনায় সুনির্দিষ্ট ধারায় মামলা দায়ের করলেও কোনও ব্যক্তি, সংগঠন বা সংস্থার বিরুদ্ধে কেন এফআইআর করল না বেঙ্গালুরু সিটি পুলিশ, প্রশ্ন উঠেছে তা নিয়ে।

# মেয়েকে গণধর্ষণ করাল বিজেপির মহিলা কর্মী

**প্রতিবেদন:** বিজেপির মহিলা কর্মীর অপকীর্তি। প্রেমিক আর তার সঙ্গীকে দিয়ে গণধর্ষণ করাল নিজের নাবালিকা মেয়েকে। এই ন্যক্কারজনক ঘটনার সাক্ষী বিজেপি শাসিত উত্তরাখণ্ডের হরিদ্বারে। ঘটনার তীব্র নিন্দা করেছে তৃণমূল কংগ্রেস। প্রাথমিক তদন্তের পর পুলিশ জেনেছে, একবার নয়, কয়েকমাস ধরে বারবার যৌননির্যাতন করা হয়েছে ১৩ বছরের ওই মেয়েটিকে। প্রথম ঘটনা চলতি বছরের জানুয়ারিতে। গাড়ির মধ্যেই শ্লীলতাহানি করা হয় নাবালিকার। মায়ের উপস্থিতিতেই। আগ্রা, বৃন্দাবন ও হরিদ্বারে ঘটে গণধর্ষণের ঘটনা।

# খতম মাও-কমান্ডার সুধাকর

**প্রতিবেদন:** বৃহস্পতিবার নিরাপত্তাবাহিনীর অভিযানে ছত্তিশগড়ের বিজাপুর জেলায় অবশেষে নিহত মাওবাদী কমান্ডার তথা মাওবাদীদের কেন্দ্রীয় কমিটির সদস্য সুধাকর। বহুদিন ধরেই শীর্ষস্তরের এই নকশাল নেতার খোঁজে চলছিল জোরদার তল্লাশি। মাথার দাম রাখা হয়েছিল ৪০ লক্ষ টাকা। এদিন ঘটনাস্থল থেকে উদ্ধার হয়েছে প্রচুর অস্ত্র এবং বিস্ফোরক। বৃহস্পতিবার সকালে বিশেষ অভিযান চালায় যৌথবাহিনী।

# আদালত লক-আপে খুন বন্দি

**প্রতিবেদন:** অভাবনীয় ঘটনা। খাস রাজধানীর একটি আদালতে ২ বন্দির মধ্যে তুমুল সংঘর্ষ, রক্তারক্তি। আদালতের লক আপের মধ্যেই খুন হয়ে গেলেন আমন নামে এক বন্দি। বৃহস্পতিবার সকালে দিল্লির সাকেত আদালতে এই ঘটনাকে কেন্দ্র করে তুমুল উত্তেজনা দেখা দেয়। প্রশ্ন ওঠে গেরুয়া পুলিশের ভূমিকা নিয়ে। কী করছিলেন কোর্ট ইন্সপেক্টর? প্রথমে তাঁর সঙ্গে কথাকাটি শুরু হয় লক-আপেরই অন্য এক বন্দির। কিছুক্ষণের মধ্যেই জীতেন্দর এবং জয়দেব নামে ২ বন্দি ঝাঁপিয়ে পড়ে আমনের উপরে। দু'জনকেই আবার গ্রেফতার করা হয়েছে এই ঘটনায়।

# মার্কিন নিয়ন্ত্রণে পাক বিমানঘাঁটি


**প্রতিবেদন:** পাকিস্তানের প্রতিরক্ষা বিশেষজ্ঞ ইমতিয়াজ গুলের স্বীকারোক্তি রাওয়ালপিন্ডির নুরখান বিমানঘাঁটি নিয়ন্ত্রণ করছে আমেরিকা। সেখানে অধিকার হারিয়েছে পাকিস্তান। পাকসেনার হেড কোয়ার্টার্সে এই বিমানঘাঁটি। একটি ভিডিওতে প্রকাশিত তথ্যের দাবি, এই বিমানঘাঁটি সামরিক কাজে ব্যবহার করছে আমেরিকা। ভিডিওর ভিত্তিতে ইমতিয়াজের এই বিস্ফোরক অভিযোগে রীতিমতো শোরগোল পড়ে গেছে।

# যোগীরাজ্যে গণধর্ষণ ৩ বছরের শিশুকে

**প্রতিবেদন:** লজ্জা! যোগীরাজ্যের লখনউয়ে গণধর্ষণের শিকার হল ৩ বছরের এক শিশু। আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে মৃত্যুর সঙ্গে লড়ছে নির্যাতিতা। ঘটনাটি ঘটেছে আলমবাগ এলাকায় বৃহস্পতিবার। তাকে ধর্ষণ করে ফেলে রেখে চম্পট দেয় দুষ্কৃতীরা।

# সন্ত্রাস মোকাবিলায় কাশ্মীরি তরুণ-তরুণীদের জন্য সামরিক প্রশিক্ষণ

**প্রতিবেদন :** বছরের পর বছর মৃত্যুমিছিলের পর অবশেষে উপলব্ধি হল কেন্দ্রের স্বরাষ্ট্র দফতরের। পহেলগাঁও হত্যাকাণ্ড নিয়ে বিশ্বব্যাপী সমালোচনার ঝড় ওঠার পর চোখ খুলল মোদি-শাহর। ভূস্বর্গে সন্ত্রাসবাদীদের প্রতিরোধের জন্য গ্রামবাসীদের হাতে অস্ত্র তুলে দেওয়ার সিদ্ধান্ত নিল সরকার। বিশেষ করে পাক সীমান্তবর্তী অঞ্চলগুলিতে জঙ্গিদের নির্মূল করার জন্য স্থানীয় তরুণদের এবারে অত্যাধুনিক প্রশিক্ষণ দিচ্ছে বিএসএফ। অপারেশন সিঁদুরের পর বড় পদক্ষেপ বিএসএফের। অবৈধ অনুপ্রবেশ এবং কারও সন্দেহজনক গতিবিধি দেখলেই সেই তথ্য দ্রুত বিএসএফের কাছে পৌঁছে দিতে কাশ্মীরি তরুণদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।



আপৎকালীন পরিস্থিতির মোকাবিলা করতে মহিলাদেরও বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। ভিলেজ ডিফেন্স গার্ড বা গ্রামরক্ষী বাহিনীর আওতায় এই প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

বিএসএফের তরফে জানানো হয়েছে, স্থানীয় তরুণদের সামরিক প্রশিক্ষণ দেওয়ার পাশাপাশি অনুপ্রবেশ বন্ধ, ড্রোন ব্যবহার করে চোরাচালান-সহ সীমান্ত এলাকায় একাধিক অবৈধ কাজ রুখতে বিএসএফকে সাহায্য করবে এই প্রশিক্ষণরত তরুণরা। জঙ্গি মোকাবিলায় দেওয়া হচ্ছে অস্ত্র প্রশিক্ষণও। এদিকে এনআইএ বৃহস্পতিবার জঙ্গিদের খোঁজে সারাদিন ধরে চিরুনি তল্লাশি চালায় জম্মু-কাশ্মীরের বিভিন্ন জায়গায়।




ত্রিপুরার বনমালীপুর বিধানসভা কেন্দ্রের শ্রীলঙ্কা বস্তির বাসিন্দা কিষাণ দাসের পুত্র ৩ বছরের শিশু আবির দাস বিজেপি দুষ্কৃতীদের বাইকের নিচে চাপা পড়ে প্রাণ হারিয়েছে। অভিযুক্ত গেরুয়া শিবিরের হওয়ায় আইনি ব্যবস্থা নিতে গড়িমসি শুরু করেছে রাজ্যের বিজেপি প্রশাসন। এর প্রতিবাদে এবং দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে পূর্ব আগরতলা থানায় যুব তৃণমূল সভাপতি শান্তনু সাহার নেতৃত্বে স্মারকলিপি দেওয়া হল।

# দেশ বিদেশ

6 June, 2025 • Friday • Page 12 || Website - www.jagobangla.in

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

মার্কিন যুক্তরাষ্ট্রের বিচারবিভাগ আদানি গোষ্ঠীর বিরুদ্ধে নিষেধাজ্ঞা উপেক্ষা করে ইরান থেকে পেট্রোকেমিক্যাল পণ্য আমদানির অভিযোগে তদন্ত শুরু করছে। জানিয়েছে মার্কিন সংবাদমাধ্যম ওয়াল স্ট্রিট জার্নাল

## ভারত-পাক সংঘাত আলোচনায় পুতিন ও ট্রাম্প

**প্রতিবেদন:** ভারত ও পাকিস্তানের মধ্যে হওয়া সংঘাত নিয়ে কথা বললেন পুতিন ও ট্রাম্প। বুধবার মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ফোনে এক ঘণ্টারও বেশি সময় ধরে বিভিন্ন আন্তর্জাতিক সংকট নিয়ে আলোচনা করেছেন। ভারতীয় নিরাপত্তা পরিমণ্ডলের দৃষ্টিকোণ থেকে, এই আলোচনার তাৎপর্য উপেক্ষা করার সুযোগ নেই, কারণ এর কেন্দ্রে ছিল ভারত-পাকিস্তান সংঘাতের অবসান এবং তা নিয়ে ট্রাম্পের ব্যক্তিগত অংশগ্রহণের উদ্যোগ।

ক্রেমলিনের পক্ষ থেকে ইউরি উশাকভ জানিয়েছেন, পুতিন ও ট্রাম্প ফোনালাপে শুধু মধ্যপ্রাচ্যের পরিস্থিতি কিংবা ইউক্রেন যুদ্ধ নয়, সরাসরি ভারত ও পাকিস্তানের সাম্প্রতিক সশস্ত্র সংঘাত নিয়েও আলোচনা করেন। এই বক্তব্যটি রুশ সংবাদ সংস্থা তাস নিশ্চিত করেছে। যদিও উশাকভ বিস্তারিত জানাতে সম্মত হননি, তবুও এই স্বীকারোক্তি ভারতের ভূরাজনৈতিক বাস্তবতায় এক গুরুত্বপূর্ণ ইঙ্গিত বহন করে। বিশেষত যখন ট্রাম্প নিজেই পরে ‘ট্রুথ সোশ্যাল’-এ একাধিকবার দাবি করেছেন যে ভারত-পাকিস্তান সংঘাত তাঁর সক্রিয় মধ্যস্থতায় বন্ধ হয়েছে।

পহেলগাঁওতে প্রাণঘাতী জঙ্গি হামলার পরপরই দক্ষিণ এশিয়ায় যুদ্ধ পরিস্থিতির সূচনা হয়। পর্যটননির্ভর অঞ্চল হওয়া সত্ত্বেও, এই হামলায় ২৬ জন অসামরিক নাগরিকের মৃত্যু ভারতের জনমনে তীব্র ক্ষোভ সৃষ্টি করে। ভারত সরকার সরাসরি পাকিস্তান-সমর্থিত জঙ্গিদের দায়ী করে ৭ মে ‘অপারেশন সিঁদুর’ নামক একটি সামরিক অভিযান শুরু করে, যার লক্ষ্য ছিল পাকিস্তান ও পাকিস্তান-অধিকৃত কাশ্মীরে অবস্থিত জঙ্গিঘাঁটি। এর প্রতিক্রিয়ায় পাকিস্তান পাল্টা সামরিক অভিযান চালায়। মাত্র তিনদিনের মধ্যে, ১০ মে, উভয় দেশ আনুষ্ঠানিকভাবে যুদ্ধবিরতি ঘোষণা করে। এই দ্রুত



জানাল ক্রেমলিন

যুদ্ধাবসানের পেছনে যদি ট্রাম্পের দাবি অনুযায়ী তাঁর ব্যক্তিগত ভূমিকা থেকে থাকে, তবে তা আন্তর্জাতিক রাজনীতিতে তাঁর প্রভাবের এক নতুন দৃষ্টান্ত তৈরি করেছে বলা যায়। যদিও ইতিমধ্যেই ভারতের বিদেশ মন্ত্রক সংঘাত থামাতে ট্রাম্পের মধ্যস্থতার দাবি অস্বীকার করেছে।

এদিকে পুতিন ও ট্রাম্পের আলোচনার আরও একটি গুরুত্বপূর্ণ দিক ছিল ইউক্রেন যুদ্ধ। ট্রাম্প উল্লেখ করেন, সাম্প্রতিক রুশ বিমানবন্দরে ইউক্রেনের ড্রোন হামলা ও পাল্টা প্রতিক্রিয়ার কৌশল নিয়ে পুতিনের সঙ্গে বিস্তর আলোচনা হয়েছে। যদিও আলোচনাটি তাৎক্ষণিকভাবে শান্তি আনেনি, তবুও এর মাধ্যমে দুই প্রভাবশালী নেতার মধ্যে যুদ্ধ পরিস্থিতি সম্পর্কে একটি সমঝোতা তৈরির ইঙ্গিত মিলেছে। তাঁদের আলোচনায় ইরান প্রসঙ্গও উঠে আসে, বিশেষ করে ইরানের পারমাণবিক কর্মসূচির ভবিষ্যৎ নিয়ে। ট্রাম্পের ভাষ্যমতে, পুতিন একমত হয়েছেন যে ইরান পারমাণবিক অস্ত্র অর্জন করতে পারবে না, এবং রাশিয়া এই বিষয়ে আলোচনায় সক্রিয়ভাবে অংশ নিতে প্রস্তুত। এই অবস্থান ইঙ্গিত দেয়, ইরান প্রশ্নে যুক্তরাষ্ট্র ও রাশিয়ার মধ্যে একধরনের কৌশলগত বোঝাপড়া গড়ে উঠতে পারে, যার প্রতিক্রিয়া পড়তে পারে পশ্চিম এশিয়ার ক্ষমতাবিন্যাসে। তবে একদিন পরেই যখন রাশিয়া ঘোষণা করে যে, ইউক্রেন ও তার মিত্রদের দায়ী করে তারা ড্রোন হামলার জবাবে সামরিক পদক্ষেপ বিবেচনা করছে, তখন স্পষ্ট হয় যে এই আলোচনাগুলি শান্তির পথ যতটা খুলেছে, ততটাই উত্তেজনার নতুন দ্বারও তৈরি করেছে। ভারত-পাকিস্তান সীমান্তে সাময়িক যুদ্ধবিরতি ঘোষণার মাধ্যমে কিছুটা স্বস্তি মিললেও, বৃহত্তর ভূরাজনৈতিক বাস্তবতা থেকে ভারত সরে আসতে পারছে না। এই প্রেক্ষাপটে ভারতের জন্য জরুরি হয়ে দাঁড়িয়েছে— বিশ্বশক্তিগুলির অভ্যন্তরীণ সমঝোতার প্রবাহে নিজেকে উপযুক্তভাবে সংযুক্ত রাখা, যাতে দক্ষিণ এশিয়ার নিরাপত্তা সংকট শুধু বাইরের ইচ্ছার ওপর নির্ভরশীল না হয়ে নিজস্ব কূটনৈতিক দক্ষতার ভিত্তিতে পরিচালিত হতে পারে। পুতিন-ট্রাম্প আলোচনার নেপথ্য কাহিনি যেমন একটি অস্থির বিশ্ব বাস্তবতার দিকে ইঙ্গিত দেয়, তেমনই ভারতের জন্য তুলে ধরে এক নতুন বাস্তবতা: যুদ্ধ আর শান্তির রাশ অনেক সময় রাজধানী নয়, ফোনালাপের ওপাশে থাকে।

## নিরাপত্তার স্বার্থে ১২ দেশে নিষেধাজ্ঞা

### আমেরিকায় প্রবেশ

**প্রতিবেদন:** কয়েকটি দেশ থেকে মানুষ এসে আমেরিকার ক্ষতি করতে চায়। দেশের নিরাপত্তার কথা মাথায় রেখে নয়া নিষেধাজ্ঞা লাগু করে একথা জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বিশ্বের ১২টি দেশের নাগরিকদের আমেরিকায় প্রবেশের নিষেধাজ্ঞা জারি করা হল। আগামী ৯ জুন থেকে আমেরিকায় প্রবেশ করতে পারবেন না আফগানিস্তান, মায়ানমার, চাদ, কঙ্গো, গিনি, এরিত্রিয়া, হাইতি, ইরান, লিবিয়া, সোমালিয়া, সুদান ও ইয়েমেনের নাগরিকরা। এছাড়াও বুরুন্ডি, কিউবা, লাওস, সিয়েরা লিওনে, টোগো, তুর্কিমেনিস্তান ও ভেনেজুয়েলার মতো দেশগুলির ক্ষেত্রে আংশিক বিধিনিষেধও চালু করা হয়েছে।

## আওয়ামি লিগের বিরুদ্ধে সক্রিয় রাষ্ট্রসংঘ?

### প্রতিনিধি লুইসের পক্ষপাতদুষ্ট মন্তব্যে তারই ইঙ্গিত

**প্রতিবেদন:** বাংলাদেশের অন্যতম বড় দল আওয়ামি লিগকে পরবর্তী নির্বাচনে অংশ নিতে না দিলেও নির্বাচন প্রক্রিয়া ‘অংশগ্রহণমূলক’ থাকবে বলে মনে করেন সেদেশে রাষ্ট্রসংঘের আবাসিক প্রতিনিধি গোয়েন লুইস। তাঁর এই মন্তব্য হাসিনা-পরবর্তী বাংলাদেশে রাষ্ট্রসংঘের ভূমিকা ঘিরে সংশয় ও বিতর্ক তৈরি করেছে। বাংলাদেশ ইস্যুতে রাষ্ট্রসংঘ ইউনুস সরকারের স্বরই প্রতিধ্বনিত করছে কি না এবং আদৌ তাদের ভূমিকা নিরপেক্ষ কি না তা নিয়ে গুরুতর প্রশ্ন উঠে গিয়েছে।

বুধবার ঢাকায় এক অনুষ্ঠানে রাষ্ট্রসংঘের প্রতিনিধির মন্তব্যে বিস্মিত রাজনৈতিক মহল। প্রশ্ন তুলছে মানবাধিকার এবং রাজনৈতিক অধিকার নিয়ে কাজ করা প্রতিষ্ঠানগুলিও। তাদের বক্তব্য, রাষ্ট্রসংঘের মতো একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের লক্ষ্য যেখানে সমস্ত পক্ষের বাধাহীন অংশগ্রহণের মাধ্যমে গণতন্ত্রের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত



করা সেখানে আওয়ামি লিগকে বাদ দিয়ে নির্বাচন করার কথা কীভাবে বলতে পারেন সংস্থার কোনও নেতৃস্থানীয় ব্যক্তি? তাঁর এই মন্তব্য রাষ্ট্রসংঘের নিরপেক্ষ ভূমিকা নিয়েই প্রশ্ন তুলে দিয়েছে। প্রসঙ্গত, বাংলাদেশে ইউনুস নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার আওয়ামি লিগের যাবতীয় কার্যক্রম নিষিদ্ধ ঘোষণা করে বিজ্ঞপ্তি জারি করেছে। এরপর বাংলাদেশ নির্বাচন কমিশন সরকারি নিষেধাজ্ঞাকে হাতিয়ার করে আওয়ামি লিগের নিবন্ধন বাতিল করে দিয়েছে। ফলে মুক্তিযুদ্ধের সংগঠক প্রধান দলটিরই এই মুহূর্তে বাংলাদেশের ভোটে অংশ নেওয়ার সুযোগ নেই। এই পরিস্থিতিতে রাষ্ট্রসংঘের প্রতিনিধি হিসাবে লুইস সরকারের এই একতরফা, গণতন্ত্রবিরোধী সিদ্ধান্তের প্রতিবাদ না করে উল্টে আওয়ামি লিগকে ছাড়াই নির্বাচনকে বৈধতা দেওয়ার বলেছেন। তাঁর কথায়, রাষ্ট্রসংঘ মনে করে জনগণের অংশগ্রহণই আসল। পার্টির নয়। গোয়েন লুইসের এই বক্তব্য নিয়ে রাজনৈতিক মহলে তীব্র বিতর্ক শুরু হয়েছে। অনেকেই মনে করছেন, আন্তর্জাতিক প্রতিষ্ঠানের প্রতিনিধির এমন মন্তব্য নির্বাচনী গণতন্ত্রের বিপরীত অবস্থান। পাশাপাশি বাংলাদেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতিতে সরাসরি নাক গলানোর চেষ্টা। প্রত্যাশিতভাবেই আওয়ামি লিগ গোয়ান লুইসের বক্তব্যের তীব্র নিন্দা করেছে। হাসিনার দল বলেছে, বাংলাদেশ আওয়ামি লিগ গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে বাংলাদেশে রাষ্ট্রসংঘের আবাসিক প্রতিনিধি গোয়েন লুইস বাংলাদেশে কোনও বিশেষ ব্যক্তি বা গোষ্ঠীর রাজনৈতিক অ্যাজেন্ডাকে বাস্তবায়িত করছেন। আগামী নির্বাচনে আওয়ামি লিগের থাকা-না থাকা নিয়ে তাঁর মন্তব্য বিস্ময়কর এবং সরাসরি রাষ্ট্রসংঘের অবস্থানের বিপরীত। আমরা মনে করি, এটি গোয়েন লুইসের ব্যক্তিগত বক্তব্য, এটা রাষ্ট্রসংঘের পর্যবেক্ষণ বা মন্তব্য নয়। রাষ্ট্রসংঘ নিশ্চিতভাবে কোনও দেশের অভ্যন্তরীণ বিষয়ে এরকম পক্ষপাতিত্বমূলক মন্তব্যকে সমর্থন করতে পারে না। আওয়ামি লিগের অভিযোগ, লুইস দীর্ঘদিন ধরে বাংলাদেশের অভ্যন্তরে বহির্শক্তির আধিপত্য প্রতিষ্ঠায় সক্রিয়। নির্বাচন ইস্যুতে তাঁর পক্ষপাতদুষ্ট মন্তব্য আবার তা প্রমাণ করল।

## সায় উত্তরপ্রদেশেরও

## দেশের ৫০% করের অংশীদারিত্ব চায় ২২টিরও বেশি রাজ্য

### জানালেন অর্থ কমিশনের চেয়ারম্যান

**প্রতিবেদন:** ১৬ তম অর্থ কমিশনের চেয়ারম্যান অরবিন্দ পানাগারিয়া জানিয়েছেন যে, দেশের ২৮টি রাজ্যের মধ্যে ২২টিরও বেশি রাজ্য তাদের কর রাজস্ব বিতরণের অংশীদারিত্ব বাড়ানোর সুপারিশ করেছে। এক সাংবাদিক সম্মেলনে ভাষণ দেওয়ার সময় পানাগারিয়া বলেন যে বেশিরভাগ রাজ্যই তাদের বর্তমান ৪১% অংশীদারিত্ব বাড়িয়ে ৫০% করার দাবি জানিয়েছে। বর্তমানে মোট কর রাজস্বের ৫৯% কেন্দ্রীয় সরকারের কাছে থাকে।

পানাগারিয়া উল্লেখ করেছেন যে, কর রাজস্বের এই বর্তমান বিভাজন পূর্ববর্তী অর্থ কমিশন দ্বারা নির্ধারিত হয়েছিল। ২০২৩ সালে গঠিত ১৬তম অর্থ কমিশনকে ২০২৬ সালের এপ্রিল থেকে ২০৩১ সালের মার্চ পর্যন্ত পাঁচ বছরের জন্য কর রাজস্বের একটি নতুন বিভাজনের সুপারিশ করার দায়িত্ব দেওয়া হয়েছে। এই প্রক্রিয়ার অংশ হিসাবে কমিশন বর্তমানে রাজ্যভিত্তিক পরামর্শ সভা পরিচালনা করছে। পানাগারিয়া বলেছেন, অন্যান্য বেশিরভাগ রাজ্য সরকারের মতোই



উত্তরপ্রদেশও তাদের অংশীদারিত্ব বর্তমান ৪১% থেকে ৫০% এ উন্নীত করার দাবি জানিয়েছে। কমিশন তার চূড়ান্ত রিপোর্টে রাজ্যগুলির জন্য ৫০% অংশীদারিত্বের সুপারিশ করবে কি না জানতে চাইলে পানাগারিয়া বলেন, বাস্তবিকভাবে বলতে গেলে, কমিশন কী করবে তা আমি বলতে পারি না, কারণ এটি কমিশনের পূর্ণ সদস্যদের সিদ্ধান্ত এবং আমিও এখনও জানি না। তবে, আমি যা অনুমান করতে পারি তা হল এটি ৫০% হবে না, কারণ এটি একটি বিশাল উল্লম্ফন হবে এবং এত বড় উল্লম্ফন অনেক ভারসাম্য নষ্ট করে। সংবাদসংস্থাকে পানাগারিয়া আরও উল্লেখ করেছেন যে অতীতে কেন্দ্রীয় সরকার অর্থ কমিশনের সুপারিশগুলি সম্পূর্ণরূপে গ্রহণ করেছে।

**মুক্তি পেল ইন্দ্রদীপ দাশগুপ্তর ছবি 'গৃহপ্রবেশ'-এর ট্রেলার। কিংবদন্তি চলচ্চিত্র পরিচালক ঋতুপর্ণ ঘোষকে শ্রদ্ধা জানাতে তাঁর প্রয়াণ দিবসকেই বেছে নিয়েছিলেন ট্রেলার লঞ্চের জন্য**



# কর্পূর

বর্ণে-গন্ধে-ছন্দে-গীতিতে দোলা দিয়ে ভীষণভাবে বেঁচে থাকা কোনও মানুষ যদি আচমকা 'কর্পূর'-এর মতো উবে যায়, চিরস্থায়ী চর্চার বিষয় হয়ে যায় বইকি! দীপান্বিতা রায়ের উপন্যাস 'অন্তর্ধানের নেপথ্যে'র আধারে অরিন্দম শীল তাঁর নতুন সিনেমা 'কর্পূর'-এ সচল করতে চলেছেন এমনই এক উবে-যাওয়া মানুষের জীবন, বাংলা-রাজনীতিতে একসময় যা হইচই ফেলে দিয়েছিল। বিশদ জানাচ্ছেন **প্রীতিকণা পালরায়**



সে এক সময় ছিল। যখন রোদের রং আরও সোনালি ছিল। ফুলের রং গাঢ়। পাখিরা আরও সুরেলা। বাতাস তাজা। আর মানুষজন পবিত্র, নির্মল, নিষ্পাপ! অনেকটা এভাবেই এক প্রজন্ম আরেক প্রজন্মকে নিজেদের সময়ের কথা বলে। বরাবর। স্মৃতি বড় শৌখিন! আবার খানিক স্বার্থবাজও! হল্লা করে এমন অনেক বিষয় নিয়ে যাদের সঙ্গে নিজেও এক সময় সহবাস করেছে! এসব যাঁরা ফ্রন্ট লাইন থেকে প্রত্যক্ষ করেন, তাঁরা পেশায় সাংবাদিক! আর এসব পড়ে-ফেলা মাত্র যাঁরা ফ্রেম বাই ফ্রেম দেখতে পেয়ে যান তাঁরা চিত্রপরিচালক! অরিন্দম শীল এভাবেই আচমকা পড়ে ফেলেছিলেন সাংবাদিক-লেখিকা দীপান্বিতা রায়ের থ্রিলার 'অন্তর্ধানের নেপথ্যে'। 'ওঠ ছুঁড়ি' গতিতে বাকি কাজ। লেখিকার থেকে রাইটস কেনা। প্রযোজক ফিরদউসল হাসান (ফ্রেন্ডস কমিউনিকেশন) ও আদীপ্ত মজুমদার (কাহাক স্টুডিও)-এর সঙ্গে কথা বলা এবং প্রধান চরিত্র 'মৌসুমি সেন'-এর জন্য ঋতুপর্ণা সেনগুপ্তকে রাজি করিয়ে ফেলা! অরিন্দমের কথায়, "প্রত্যেকেই উত্তেজিত। আমি নিজেও। কারণ অনেকগুলি বাণিজ্য-সফল থ্রিলার বা রহস্য ছবি বানানোর পরেও বলছি, 'কর্পূর'-এর মতো পলিটিকাল থ্রিলার আমি এই প্রথম বানাব।"

কথা হল পরিচালক যাঁর লেখা পড়ে এত থ্রিলড সেই থ্রিলার-লেখিকা দীপান্বিতা রায়ের সঙ্গেও। উপন্যাসটি দীপান্বিতা লিখেছিলেন গত বছর শারদীয় নবপত্রিকা'য়। দে'জ পাবলিশিং থেকে বই হয়ে যা বেরোয় এই বছর বইমেলায়। দীপান্বিতা জানালেন, তিরিশ বছর সাংবাদিকতার সূত্রে নানা ধরনের খবর, খবরের ভেতরের খবরের সঙ্গে ওঠা-বসা করতে হয়েছে। এর পাশাপাশি অন্য লেখালিখি করলেও সেখানেও কাজে লাগিয়েছি সাংবাদিকের অভ্যস্ত অনুসন্ধিৎসা, ইন্সটিঙ্কট। থ্রিলারের চাহিদা বেশি বলেই মেটেরিয়াল খুঁজতে গিয়ে একটি ঘটনার কথা মনে পড়ে। ১৯৯৭ সালে ঘটা মনীষা মুখার্জি অন্তর্ধান রহস্য। প্রায় রোজ 'স্টোরি' হত এ নিয়ে। ব্যস এ নিয়ে রিসার্চ শুরু করি। জড়ো হয় প্রচুর তথ্য। সেসব 'এলিমেন্ট'-এর সঙ্গে নিজের কল্পনা মিশিয়ে একটি পরিপূর্ণ থ্রিলার লিখে ফেলতে পারি! যেহেতু সংবাদের শিরোনাম হত 'অন্তর্ধান রহস্য', তাই দীপান্বিতা নাম রেখেছিলেন, 'অন্তর্ধানের নেপথ্যে', অরিন্দম যা পাল্টে করেছেন, 'কর্পূর'। তা সে 'গোলাপকে যে নামেই ডাকা হোক না কেন', স্মৃতির তল থেকে উঠে আসবেন, মনীষা মুখার্জি! যাঁর রহস্যময় 'হারিয়ে যাওয়া' নিয়ে আজও চর্চা হয়।

অরিন্দম বললেন, ঘটনাটা যে সময়ের, সেসময় রাজ্যে ছিল অন্য সরকার। মনীষা মুখার্জি ছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন সহকারী পরীক্ষা নিয়ামক। বাড়ি থেকে বেরোনোর সময়, মাকে, ফিরতে দেরি হবে, বলে আর ফেরেননি। রাজনৈতিক চাপান-উতোর প্রচুর হয়েছে। বলা হয় মনীষা তৎকালীন শিক্ষা দুর্নীতির সঙ্গে জড়িয়ে পড়েছিলেন, ব্ল্যাঙ্ক মার্কশিট পাওয়া গিয়েছিল তাঁর বাড়ি থেকে, বড় স্ক্যাম চাপা দিতেই তাঁর 'কর্পূর'-এর মতো উবে যাওয়া! ঘটনাটি থ্রিলারের মতো করেই উপন্যাসে ধরা আছে, আমিও



আমার মতো করেই থ্রিলার বানাব। হলিউডে যেমন দারুণ সব বাস্তবধর্মী পলিটিকাল থ্রিলার বানানো হয়, আমাদের এখানে সেটা হয় না। আমি সেই ট্রেন্ডটা চালু করতে চাইছি।

অরিন্দমের ভাবনার জাদুতে সাহিত্য যখন সিনেমায় সফল কথা বলেছে তেমনই রিয়েলিস্টিক থ্রিলারও যে দর্শকের মন জয় করবে সে-বিষয়ে আশাবাদী হওয়াই যায়। ছবির সময়কাল অরিন্দম দু'ভাগে ভাগ করতে চলেছেন। ১৯৯৭ ও ২০১৯। রাজ্য-রাজনীতির পালা-বদলের কথা থাকলেও রাজনীতি নাকি শুধু কাহিনির দাবি মেনেই আসবে! জীবিত, মৃত, অন্তর্হিত কারও সঙ্গে মিল খোঁজা আমার উদ্দেশ্য নয়। আমি চাইছি টানটান এক থ্রিলার তৈরি করতে যার পরতে পরতে রহস্য লুকিয়ে আর সেই রহস্য উন্মোচনে উদ্যোগী এক সাংবাদিক (অর্পণ ঘোষাল) ও এক ইন্টার্ন (লহমা ভট্টাচার্য)। দীপান্বিতা নিজের পেশাদারি অভিজ্ঞতা দিয়ে যে চরিত্রগুলি রক্ত-মাংসের করে গড়েছেন। থাকছেন একজন দুঁদে হোমিসাইড অফিসারের চরিত্র যে ভূমিকায় অভিনয় করবেন মন্ত্রী-নাট্যকার ব্রাত্য বসু। থাকছে ঝকঝকে এক রাজনীতিক, সাহেব চট্টোপাধ্যায় যে চরিত্রে আর আছে তাঁর পার্টির রাজ্য সম্পাদক। এইখানে রয়েছে এক বিশেষ চমক। এই চরিত্রটিতে প্রথমবার সিনেমায় অভিনয় করতে চলেছেন সাংবাদিক-রাজনীতিক কুণাল ঘোষ। অরিন্দম আশাবাদী মাল্টি-ট্যালেন্টেড কুণাল নতুন ভূমিকাতেও সফল হবেন কারণ কুণাল নিজেই ভীষণ উৎসাহী চরিত্রটিতে রূপদান করতে। নিয়মিত ওয়ার্কশপও করছেন। সংবাদপত্রের এডিটরের ভূমিকায় আছেন কাউন্সিলর অনন্যা বন্দ্যোপাধ্যায়। মৌসুমির স্বামীর চরিত্রে অরিন্দম স্বয়ং।

ছবিতে আর যাঁরা অভিনয় করবেন, তাঁরা হলেন, রুমকি চট্টোপাধ্যায়, কণাদ মৈত্র, সঞ্জীব সরকার, সন্দীপ ভট্টাচার্য, প্রদীপ্ত রায়, অভিষেক বিশ্বাস, পায়েল রায়, তপস্যা দাশগুপ্ত। ছবির ডিওপি অনির্বাণ চ্যাটার্জি। চিত্রনাট্য লিখেছেন শুভাশিস গুহ। সম্পাদনা করবেন সংলাপ ভৌমিক। মিউজিক রথীজিৎ ভট্টাচার্য আর কার্যনির্বাহী প্রযোজকের দায়িত্ব পালন করবেন দীপক বাজাজ। ছবির শ্যুটিং শুরু হবে জুলাই মাসে। মূলত কলকাতার বিভিন্ন অঞ্চল জুড়েই চলবে 'কর্পূর'-এর শ্যুটিং। অরিন্দম নিশ্চিত মানুষের মনে 'কর্পূর' স্থায়িত্ব পাবে!





মাঠে ময়দানে

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

6 June, 2025 • Friday • Page 14 || Website - www.jagobangla.in



শ্রীলঙ্কার প্রাক্তন স্পিনার সচিত্র সেনানায়েকের বিরুদ্ধে ম্যাচ ফিক্সিংয়ের অভিযোগ



জয়সূচক গোলের পর রোনাল্ডোর উচ্ছ্বাস। উয়েফা নেশনস লিগে।

# শাপমুক্ত রোনাল্ডো, ফাইনালে পর্তুগাল

**মিউনিখ, ৫ জুন :** অবশেষে শাপমুক্তি! জামানির বিরুদ্ধে প্রথম জয়ের স্বাদ পেলেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। দীর্ঘ আন্তজাতিক কেরিয়ারে এর আগে জার্মানদের বিরুদ্ধে চারটি ম্যাচ খেললেও, জয় অধরাই ছিল রোনাল্ডোর। সেই খরা কাটল ২২০তম আন্তর্জাতিক ম্যাচে। জামানিকে ২-১ গোলে হারিয়ে উয়েফা নেশনস লিগের ফাইনালে উঠল পর্তুগাল। আর জয়সূচক গোলটি এল চল্লিশের রোনাল্ডোর পা থেকেই। দীর্ঘ ২৫ বছর পর, জামানির বিরুদ্ধে জয় পেল পর্তুগালও। শেষবার জার্মানদের বিরুদ্ধে জয় এসেছিল ২০০০ সালে। এরপর আরও পাঁচবার জার্মানদের মুখোমুখি হয়েও জিততে পারেনি পর্তুগাল। শেষ পর্যন্ত সেই খরা কাটল কিনা জার্মানদের ঘরের মাঠ মিউনিখে!

অথচ ম্যাচের শুরুতে দাপট দেখিয়েছে জামানিই। বিরতির আগেই অন্তত দু'গোলে এগিয়ে যেত পারত জার্মানরা। যদিও পর্তুগিজ গোলকিপার দিয়েগো কোস্তার সৌজন্যে দু'বারই বেঁচে যায় পর্তুগাল। চার মিনিটে লিয়ন গোরেৎজকার শট বাঁচান কোস্তা। এর পর নিক উল্টারমেডেনের শটও বাঁচান তিনি।

তবে দ্বিতীয়ার্ধের শুরুতেই এগিয়ে যায় জামানি। ৪৮ মিনিটে জোশুয়া কিমিখের পাস থেকে গোলটি করেন ফ্লোরিয়ান উইৎজ। গোল শোধের জন্য মরিয়া পর্তুগাল কোচ রবার্তো মার্তিনেজ ৫৮ মিনিটে রুবেন নাভাসকে তুলে নিয়ে মাঠে নামিয়ে দেন ভিতিনিয়াকে। আর পিএসজির হয়ে সদ্য চ্যাম্পিয়ন্স লিগ জেতা ভিতিনিয়া মাঠে নামার পরেই বদলে যায় পর্তুগাল। ৬৩ মিনিটে ১-১ করেন আরেক পরিবর্ত

## উয়েফা নেশনস লিগ

ফুটবলার ফ্রান্সিসকো কনসেইকাও। প্রায় ৩৫ গজ দৌড়ে জার্মান বক্সে পৌঁছে গিয়ে জোরালো শটে জাল কাঁপান তিনি। মজার কথা, ২৫ বছর আগে জার্মানদের বিরুদ্ধে পর্তুগালের শেষ জয়ের নায়ক ছিলেন ফ্রান্সিসকোর বাবা সের্জিও কনসেইকাও। সেদিন তিনি হ্যাটট্রিক করেছিলেন।

এর পাঁচ মিনিটের মধ্যেই রোনাল্ডোর জয়সূচক গোল। বাঁ প্রান্ত থেকে জার্মান বক্সে ক্রস বাড়িয়েছিলেন নুনো মেন্ডেস। নিখুঁত প্লেসিংয়ে ২-১ করে দেন রোনাল্ডো। যা তাঁর ১৩৭তম আন্তর্জাতিক গোল। নিজেকে ক্রমশ ধরাছোঁয়ার বাইরে নিয়ে যাচ্ছেন সিআর সেভেন। এর কয়েক মিনিট পরেই গোলে শোধের সুবর্ণ সুযোগ পেয়েছিল জামানি। কিন্তু করিম আদেয়েমির শট পোস্টে লেগে ফিরে আসে।

ম্যাচের পর রোনাল্ডোকে প্রশংসায় ভরিয়ে দিয়েছেন মার্তিনেজ। পর্তুগাল কোচের বক্তব্য, ''যারা রোজ উন্নতি করতে চায়, শক্তিশালী হতে চায়, সেরাটা দিতে চায়, ক্রিশ্চিয়ানো তাদের কাছে উদাহরণ। নিজের খিদে ও গোটা দলে ছড়িয়ে দিয়েছে।'' সোশ্যাল মিডিয়াতে গোলের পর নিজের উচ্ছ্বাসের ছবি পোস্ট করে রোনাল্ডো লিখেছেন, ''এগিয়ে চলো পর্তুগাল।'' এই নিয়ে দ্বিতীয়বার নেশনস লিগের ফাইনালে উঠল পর্তুগাল। এর আগে ২০১৮-১৯ মরশুমের ফাইনালে নেদারল্যান্ডসকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছিলেন রোনাল্ডোরা।

# বিশ্বকাপ জয়ের স্বপ্ন দেখেন পেপ



**লন্ডন, ৫ জুন :** ক্লাব ফুটবলে তিনি বিশ্বের অন্যতম সফল কোচ। পেপ গুয়ার্দিওলার কোচিংয়ে বার্সেলোনা, বায়ার্ন মিউনিখ, ম্যাঞ্চেস্টার সিটি অজস্র ট্রফি জিতেছে। অথচ আজ পর্যন্ত কোনও জাতীয় দলে কোচিং করাননি স্প্যানিশ কোচ! বছর দেড়েক আগে ব্রাজিলের কোচ হওয়ার প্রস্তাব ফিরিয়ে দিয়েছিলেন ম্যান সিটির সঙ্গে চুক্তি রয়েছে বলে। তবে আন্তর্জাতিক ফুটবলে কোচিং করানোর স্বপ্নটা এখনও বেঁচে রয়েছে। এক সাক্ষাৎকারে গুয়ার্দিওলা বলেছেন, ''কোচ হিসাবে একটা বিশ্বকাপ জিততে পারলে খুশি হব। বা একটা ইউরো। অথবা একটা কোপা আমেরিকা। এই স্বপ্নটা বরাবরই দেখে এসেছি। কিন্তু এটা অনেক কিছুর উপর নির্ভর করছে। যদি স্বপ্নটা সত্যি হয়, তাহলে খুবই ভাল। না হলেও হতাশায় ভেঙে পড়ব না।'' তবে সদ্যসমাপ্ত মরশুমটা একেবারেই ভাল কাটেনি গুয়ার্দিওলার দল ম্যান সিটি। টানা চারবারের প্রিমিয়ার লিগ চ্যাম্পিয়ন সিটি এবার লিগ শেষ করছে তিন নম্বরে।

# ইগাকে ছিটকে দিলেন সাবালেঙ্কা

## ছেলেদের সেমিফাইনালে জকোভিচের সামনে সিনার

**প্যারিস, ৫ জুন :** চারবারের চ্যাম্পিয়ন ইগা সুইয়াটেককে হারিয়ে ফ্রেঞ্চ ওপেনের ফাইনালে এরিনা সাবালেঙ্কা। বৃহস্পতিবার সেমিফাইনালে টানটান উত্তেজনার মধ্যে ৭-৬ (৭/১), ৪-৬, ৬-০ সেটে ম্যাচ জিতে প্রথমবার রোলাঁ গারোর ফাইনালে উঠলেন শীর্ষ বাছাই বেলারুশ তরুণী।

প্রথম সেটেই ইগার বিরুদ্ধে ৪-১ গেমে এগিয়ে গিয়েছিলেন সাবালেঙ্কা। যদিও টানা তিনটি গেম জিতে সেট ৪-৪ করে দেন ইগা। শেষ পর্যন্ত অবশ্য টাইব্রেকারের সেট জিতে নেন সাবালেঙ্কা। অবশ্য দারুণভাবে ঘুরে দাঁড়িয়ে দ্বিতীয় সেট জিতে ম্যাচ ১-১ করে দিয়েছিলেন ইগা। তবে নির্ণায়ক তৃতীয় সেটে সাবালেঙ্কার আগ্রাসী টেনিসের সামনে কার্যত উড়ে যান ইগা।

মেয়েদের দ্বিতীয় সেমিফাইনালে দ্বিতীয় বাছাই কোকো গফ মুখোমুখি হয়েছিলেন এবারের টুর্নামেন্টে চমক লোইস বোয়সনের। বিশ্ব ক্রমতালিকার ৩৬১ নম্বরে থাকা বোয়সন প্রি-কোয়ার্টার ফাইনালে হারিয়েছিলেন তৃতীয় বাছাই জেসিকা পেগুলাকে। কোয়ার্টার ফাইনালে ফরাসি তরুণী হারান ষষ্ঠ বাছাই মিরা আন্দ্রিভাকে। এদিন অবশ্য গফের পাওয়ার টেনিসের



সাবালেঙ্কাকে অভিনন্দন ইগার।

সামনে দাঁড়াতেই পারলেন না বোয়সন। আগাগোড়া প্রাধান্য বজায় রেখে ৬-১, ৬-২ স্ট্রেট সেটে ম্যাচ জিতে ফরাসি প্রতিদ্বন্দ্বীর দৌড় থামিয়ে দিলেন গফ। শনিবার খেতাবি লড়াইয়ে সাবালেঙ্কার মুখোমুখি হবেন গফ।

এদিকে, ২৫তম গ্র্যান্ড স্ল্যাম খেতাব জয়ের পথে এগিয়ে চলেছেন নোভাক জকোভিচ। ৩৮ বছর বয়সি সার্ব টেনিস তারকা গতবারের ফাইনালিস্ট আলেকজান্ডার জেরেভকে হারিয়ে ছেলেদের সিঙ্গলসের সেমিফাইনালে পৌঁছে গিয়েছেন। মজার কথা, এই জেরেভের বিরুদ্ধেই চলতি বছরের শুরুতে অস্ট্রেলিয়ান ওপেনের সেমিফাইনাল ম্যাচ চোটের জন্য মাঝপথেই ছেড়ে দিয়েছিলেন জকোভিচ। এদিনও প্রথম সেট হেরে পিছিয়ে পড়েছিলেন সার্ব তারকা। কিন্তু শেষ পর্যন্ত ৪-৬, ৬-৩, ৬-২, ৬-৪ সেটে ম্যাচ পকেটে পুরে নেন জকোভিচ।

জকোভিচের সামনে এবার বিশ্বের এক নম্বর জানিক সিনার। এই নিয়ে ৫১তম গ্র্যান্ড স্ল্যাম সেমিফাইনালে উঠলেন জকো। প্রথম সেট খোয়ানোর পর, জেরেভের বেসলাইনের জবাবে ড্রপ শট খেলতে শুরু করেন জকোভিচ। আর এই কৌশল বাকি তিন সেটে দারুণভাবে কাজে লেগেছে বলে ম্যাচের পর স্বীকার করে নিয়েছেন জকোভিচ নিজেও। তাঁর বক্তব্য, ''প্রথম সেট হারের পর, নিজের কৌশলে কিছুটা বদল করি। বিশেষ করে, শেষ দুটো সেটে তো টানা ড্রপ শট খেলে গিয়েছি। একদিক থেকে জোরালো হাওয়া বইছিল। তাই দ্বিগুণ জোরে শট মারতে হয়েছে।''

# শেষ আটে সাত্ত্বিকরা, বিদায় নিলেন সিন্ধু

**জাকার্তা, ৫ জুন :** ইন্দোনেশিয়া ওপেনে পুরুষদের ডাবলসের কোয়ার্টার ফাইনালে সাত্ত্বিকসাইরাজ রানকিরেড্ডি ও চিরাগ শেঠি। বৃহস্পতিবার ডেনমার্কের রাসমাস কেজার ও ফ্রেডেরিক সোগার্ডকে তিন গেমের রুদ্ধশ্বাস লড়াইয়ের পর, ১৬-২১, ২১-১৮, ২২-২০ ব্যবধানে হারিয়ে শেষ আটের টিকিট ছিনিয়ে নিলেন ভারতীয় জুটি। তবে এদিনই মেয়েদের সিঙ্গলসের দ্বিতীয় রাউন্ড থেকে ছিটকে গেলেন পিভি সিন্ধু।



ইন্দোনেশিয়া ওপেনে ছন্দে ভারতীয় জুটি।

ড্যানিশ জুটির বিরুদ্ধে প্রথম গেম হেরে পিছিয়ে পড়েছিলেন সাত্ত্বিক ও চিরাগ। দ্বিতীয় গেমেও একটা সময় ১৩-১৪ পয়েন্টে পিছিয়ে ছিলেন ভারতীয় জুটি। যদিও শেষ ১২টি পয়েন্টের মধ্যে ৮টি ছিনিয়ে নিয়ে ২১-১৮ পয়েন্টে গেম জিতে ম্যাচে সমতা ফেরান সাত্ত্বিকরা। নির্ণায়ক তৃতীয় গেমেও হাড্ডাহাড্ডি লড়াই হয়েছে। ১৪-১৭ পয়েন্টে পিছিয়ে থাকা অবস্থা থেকে দুরন্ত কামব্যাকে ২২-২০ পয়েন্টে গেম ও ম্যাচ পকেটে পোরেন ভারতীয় জুটি। অন্যদিকে, সিন্ধু ২২-২০, ১০-২১, ১৮-২১ গেমে হেরেছেন থাইল্যান্ডের পর্নপাউই চোচুওংয়ের কাছে। তৃতীয় গেমে একটা সময় ১৫-১১ পয়েন্টে এগিয়ে থেকেও ম্যাচ হেরে যান জোড়া অলিম্পিক পদকজয়ী ভারতীয় শাটলার। ফলে আরও একটা আন্তর্জাতিক টুর্নামেন্ট থেকে খালি হাতেই ফিরতে হচ্ছে সিন্ধুকে। ম্যাচের পর হতাশ ভারতীয় তারকা বলেছেন, ''এই ম্যাচটা জেতা উচিত ছিল। বিশেষ করে, তৃতীয় গেমে যখন অনেকটা এগিয়ে ছিলাম।''

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

হৃদয়বিদারক ঘটনা বেঙ্গালুরু-কাণ্ডে ব্যথিত আইপিএল ফাইনালের নায়ক ক্রুণাল পান্ডিয়া





## বাদ স্টয়নিস

■ **মেলবোর্ন :** আইপিএলে ভাল খেললেও অস্ট্রেলিয়ার টি-২০ দলে জায়গা হল না মার্কাস স্টয়নিসের। জুলাইয়ে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে পাঁচ ম্যাচের টি-২০ সিরিজের জন্য ১৫ সদস্যের দল ঘোষণা করেছে অস্ট্রেলিয়া। নেতৃত্বে মিচেল মার্শ। বাদ পড়েছেন স্টয়নিস ও জেভিয়ার বার্টলেট ও জেক ফ্রেজার ম্যাকগার্ক। অলরাউন্ডার স্টয়নিস গত চ্যাম্পিয়ন্স ট্রফির ঠিক আগে ওয়ান ডে থেকে অবসর নিলেও জাতীয় দলের হয়ে টি-২০ খেলা চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছিলেন। কিন্তু নির্বাচকরা তাঁকে দলে না রাখার সিদ্ধান্ত নিয়েছেন।

## লিগের বৈঠক

■ **প্রতিবেদন:** কলকাতা লিগে ভূমিপুত্রের সংখ্যা বাড়ানোর জন্য রাজ্য সরকারের ক্রীড়ামন্ত্রকের তরফে আইএফএ-কে চিঠি দেওয়া হয় কয়েকদিন আগেই। তারই পরিপ্রেক্ষিতে শুক্রবার বিকেলে ক্লাবগুলোর প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে বসতে চলেছে আইএফএ। ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস আইএফএ-র কাছে অনুরোধ করেন, লিগের প্রথম একাদশে বাঙালি ফুটবলারের সংখ্যা বাড়ানোর জন্য। কারণ, আইএফএ গতবারের সংখ্যা ৪ থেকে বাড়িয়ে ৫ করে। কিন্তু ক্রীড়ামন্ত্রী চান, সংখ্যাটা আরও বাড়াতে। তার মধ্যেই আর্মি রেড জানিয়েছে তারা এবারের কলকাতা লিগে খেলবে না। ফলে একটি দলের অবনমন হতে পারে।

# শোকের আবহে দেশ, মৃতদের পরিবারপিছু ১০ লক্ষ টাকা আরসিবি-র

## বার্তা কপিলের, সময় নিয়ে প্রশ্ন কিরমানির

**বেঙ্গালুরু, ৫ জুন :** দীর্ঘ আঠারো বছরের খরা কাটিয়ে প্রথমবার আইপিএল ট্রফি জিতেছে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু। ২৪ ঘণ্টার মধ্যে চ্যাম্পিয়নদের বরণ করার মহাআয়োজন করে ফ্র্যাঞ্চাইজি। চিন্নাস্বামী স্টেডিয়ামে বিরাট কোহলিদের সেলিব্রেশন অনুষ্ঠান ঘিরে উচ্ছ্বাস, উন্মাদনা বদলে গিয়েছে শোকে। জয়োল্লাস বদলে গিয়েছে মৃত্যুপুরীতে। কেন এত তাড়াহুড়ো করে বিজয়োৎসবের আয়োজন? প্রশ্ন তুলেছেন বেঙ্গালুরুরই বাসিন্দা ভারতের প্রথম বিশ্বকাপজয়ী দলের তারকা সৈয়দ কিরমানি। '৮৩-র বিশ্বজয়ী অধিনায়ক কপিল দেবের বার্তা, বিজয়োৎসবের চেয়ে জীবন অনেক গুরুত্বপূর্ণ।

কিরমানি কাঠগড়ায় তুলেছেন আরসিবিকে। ভারতের কিংবদন্তি উইকেটকিপার ব্যাটসম্যান বলেন, 'একটা দল আইপিএল চ্যাম্পিয়ন হওয়ার জন্য ১৮ বছর অপেক্ষা করেছে। তাই সেলিব্রেশনের জন্য আরও কয়েকটা দিন অপেক্ষা করাই যেত। তখন এই উন্মাদনা অনেকটাই থিতিয়ে যেত। হাতে সময় নিয়ে অনুষ্ঠান হলে ভালভাবে পরিকল্পনা করা যেত। এই মর্মান্তিক ঘটনাও এড়ানো যেত।' জানা গিয়েছে, বুধবারের অনুষ্ঠান পিছিয়ে রবিবার করতে চেয়েছিল বেঙ্গালুরু পুলিশ। কিন্তু তাদের আপত্তি শোনেনি আরসিবি।

কপিলের সতর্কবার্তা, 'আমার খুব খারাপ লাগছে। ভুল এতবড় হওয়া উচিত নয় যেখানে আনন্দ, মজা হবে এবং একইসঙ্গে জীবনও যাবে। এখান থেকে শিক্ষা নিয়ে পরের বার মানুষকে শান্ত এবং সতর্ক থাকতে হবে। জীবন অনেক বেশি গুরুত্বপূর্ণ সেলিব্রেশনের চেয়ে।'

কপিলের আর এক সতীর্থ মদন লালও কাঠগড়ায় তুলেছেন আরসিবি-কে। তিনি বলেন, 'মানুষ এটা



কখনও ভুলবে না। বিরাট কোহলিরাও। স্টেডিয়ামের বাইরে যখন মানুষের প্রাণ যাচ্ছে, তখন ভিতরে উৎসবের মেজাজ। এটা মর্মান্তিক এবং বেদনাদায়ক। মৃতদের পরিবারের উচিত, আরসিবি এবং রাজ্য সরকারের বিরুদ্ধে ১০০ কোটি টাকার মামলা করা। বোর্ডও দায় এড়িয়ে যাচ্ছে।' এদিন আরসিবি-র তরফে মৃত ১১ জন সমর্থকের পরিবারকে ১০ লক্ষ টাকা আর্থিক সহায়তার কথা ঘোষণা করা হয়েছে। পাশাপাশি আহতদের চিকিৎসার জন্য তৈরি করা হল 'আরসিবি কেয়ার' নামক বিশেষ ফান্ড।

## নতুন গাইডলাইন আনতে পারে বোর্ড

**মুম্বই, ৫ জুন :** গার্ডেন সিটিতে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর বিজয়োৎসবে পদপিষ্টের ঘটনার পর থেকেই বিরাট কোহলিদের ফ্র্যাঞ্চাইজি থেকে দূরত্ব বজায় রাখছে বিসিসিআই। তারমধ্যেই বোর্ড কর্তাদের ভাবনা, ট্রফি জয়ের সেলিব্রেশন নিয়ে নতুন নির্দেশিকা বা গাইডলাইন আনার। এমনিতে টুর্নামেন্ট শেষ হওয়ার পর ফ্র্যাঞ্চাইজি তাদের হোম গ্রাউন্ডে কী করবে, কীভাবে বিজয়োৎসব করবে, তা নিয়ে কোনও ভূমিকা থাকে না বোর্ডের। কিন্তু বেঙ্গালুরুর ঘটনা চোখ খুলে দিয়েছে। তাই আইপিএলে সেলিব্রেশন গাইডলাইনে সংশোধনী আনতে পারে বোর্ড।



রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর ট্রফি সেলিব্রেশনে মর্মান্তিক পরিণতি যে বোর্ডের কাছে সতর্কবার্তা, তা স্পষ্ট করে দিয়েছেন সচিব দেবজিৎ সইকিয়া। তিনি বলেছেন, 'এটা চোখ খুলে দেওয়ার মতো ঘটনা। আমাদের ভাবতে হবে যে, এই ধরনের পরিস্থিতিতে আমাদের কী করা উচিত। প্রতি বছর একটা দল চ্যাম্পিয়ন হবে এবং তাদের নিজের শহরে ট্রফি নিয়ে বিজয়োল্লাস হবে। তাই আমাদের একটা শিক্ষা নিতে হবে, যাতে ভবিষ্যতে আর এমন ঘটনা যাতে না ঘটে। এই ব্যাপারে কী করা যেতে পারে, আইপিএল সেলিব্রেশনের গাইডলাইন নিয়ে নতুন করে ভাবতে বাধ্য করছে বোর্ডকে।'

কলকাতা ও মুম্বইয়ের আগের সেলিব্রেশনের উদাহরণ তুলে বোর্ড সচিব বলেন, 'এটা জনপ্রিয়তার নেতিবাচক দিক। ক্রিকেটারদের জন্য জনতা পাগল হবেই। সংগঠকদের আরও ভাল পরিকল্পনা করা উচিত ছিল। এর আগে কলকাতা ও মুম্বইয়ে লোক হলেও এমন ঘটনা ঘটেনি।'

# নেই শুভাশিস, হংকংয়ে সুনীলরা

## গোল চাই মানোলোর, ভুল শোধরাতে ভিডিও ক্লাস

**প্রতিবেদন :** ছ'বছর আগে থাইল্যান্ডের বিরুদ্ধে মুখোমুখি সাক্ষাতে শেষ দুই ম্যাচ জিতলেও বুধবার ফের হারের গ্লানি নিয়েই মাঠ ছেড়েছে মানোলো মার্কুয়েজ রোকার ভারত। অবসরে চলে যাওয়া চল্লিশোর্ধ্ব সুনীল ছেত্রীকে ফিরিয়ে এনে যে কোনও লাভ হয়নি, তা পরিষ্কার ফলাফলে। ভারতীয় ফুটবলে আঁধার কাটার লক্ষণ নেই। হারের ২৪ ঘণ্টা পর বৃহস্পতিবার ব্যাঙ্কক থেকে হংকং রওনা হয়ে যায় মানোলোর দল। আগামী মঙ্গলবার ১০ জুন অ্যাশলে ওয়েস্টউডের হংকংয়ের বিরুদ্ধে এএফসি এশিয়ান কাপ ২০০৭ যোগ্যতা অর্জন পর্বে খেলবেন সুনীলরা। কঠিন ম্যাচ। কোচ মানোলো হংকংয়ে ২৫ জনের দল নিয়ে গেলেন। চোটের কারণে বাদ পড়লেন শুভাশিস বোস। ফলে হংকং ম্যাচের জন্য ভারতীয় দলে কোনও বাঙালি ফুটবলার নেই। শুভাশিস ছাড়া ২৮ জনের স্কোয়াড থেকে বাদ পড়েছেন মেহতাব সিং এবং ঋত্বিক তিওয়ারি। শোনা যাচ্ছে, মেহতাব ও ঋত্বিকের ভিসা সমস্যা রয়েছে। থাইল্যান্ড ম্যাচের আগে অনুশীলনে চোট পেয়েছিলেন শুভাশিস। গত মরশুমে



আইএসএলের বর্ষসেরা ফুটবলার মোহনবাগান ডিফেন্ডার ব্যাঙ্কক থেকে এদিন শহরে ফিরে আসেন।

থাইল্যান্ড ম্যাচের ভুল থেকে শিক্ষা নিয়ে হংকংয়ের বিরুদ্ধে ভাল ফলের লক্ষ্যে ভারতীয় দল। স্ট্রাইকারদের ব্যর্থতায় হতাশ কোচ মানোলো। স্প্যানিশ কোচ বলেন, 'বাস্তবটা হল, গোল না করতে পারলে ম্যাচ হারতে হবে। থাইল্যান্ডের অনেক ভাল খেলোয়াড় রয়েছে। কিন্তু যদি আমরা সুযোগ কাজে লাগাতে না পারি, তাহলে কাজটা তো কঠিন হবেই। সেটাই হয়েছে।' সুনীলদের কোচের সংযোজন, 'আত্মসমালোচনা ছাড়া উন্নতি করা যায় না। আমরা অবশ্যই ভাল খেলার ক্ষমতা রাখি। কিন্তু শারীরিকভাবে ভারতীয়রা যে পিছিয়ে রয়েছে এটা মানতেই হবে।' অধিনায়ক তথা সিনিয়র ডিফেন্ডার সন্দেশ ঝিঙ্গান বললেন, 'আসল ম্যাচ হংকং। তার আগে থাইল্যান্ডের মতো ভাল দলের বিরুদ্ধে খেলাটা ইতিবাচক দিক। আমাদের এখন ভিডিও রুমে গিয়ে ভুল শুধরে নিতে হবে।

## লিগে যুগ্মজয়ী, শেষ দিনেও তুঙ্গে বিতর্ক

**প্রতিবেদন :** প্রহসনের সিএবি প্রথম ডিভিশন লিগের ফাইনালে শেষ পর্যন্ত যুগ্ম চ্যাম্পিয়ন হল ইস্টবেঙ্গল ও ভবানীপুর ক্লাব। কিন্তু ফাইনালের শেষ দিনেও বিতর্ক পিছু ছাড়ল না। বৃহস্পতিবার ফাইনালের শেষ দিন ফের বিতর্ক। দু'দলের কর্মকর্তাদের মধ্যে রীতিমতো হাতাহাতির পরিস্থিতি তৈরি হয়। যা থামাতে নাজেহাল হতে হয় সিএবি কর্তাদের। বাধ্য হয়ে পুলিশ ডাকতে হয়। ভবানীপুরের ৬৪৩-৬ স্কোরের জবাবে ইস্টবেঙ্গলের স্কোর তখন ৮ উইকেটে ২৪৩। বৃষ্টি নামার পর আম্পায়াররা খেলা বন্ধ করে দেন। দু'দলকেই যুগ্মজয়ী ঘোষণা করা হয়। ভবানীপুর ক্লাবের দাবি, সামান্য বৃষ্টিতেই ম্যাচ বন্ধ করা হয়। ভবানীপুরের জেতার জন্য মাত্র ২ উইকেট তখন দরকার ছিল।

# পরের বছর দ্বিগুণ ভাল খেলব : বৈভব



**জয়পুর, ৫ জুন :** রাজস্থান রয়্যালসের জার্সিতে আইপিএলে অভিষেকেই তাক লাগিয়ে দিয়েছেন ১৪ বছরের বৈভব সূর্যবংশী। টুর্নামেন্টের ইতিহাসে দ্বিতীয় দ্রুততম শতরানকারী হিসেবে রেকর্ড বুকে নামও তুলেছেন বিহারের ওয়ান্ডারকিড। ইংল্যান্ড সফরে যাচ্ছেন বৈভব। তার আগে আইপিএলের মিডিয়া টিমকে দেওয়া সাক্ষাৎকারে বৈভব জানিয়েছেন, এই বছরের ভুল থেকে শিক্ষা নিয়ে পরের বারের আইপিএলে দ্বিগুণ ভাল পারফরম্যান্স করতে চান। যাতে রাজস্থান আইপিএলের ফাইনাল খেলতে পারে।

আইপিএলের তরফে শেয়ার করা ভিডিওতে বৈভব বলেছেন, 'আইপিএলে খেলা প্রত্যেকের কাছেই স্বপ্ন। সেখানে আমার প্রথম মরশুমেই অনেক ইতিবাচক দিক সঙ্গে রয়েছে। দলের জন্য আমি কী করতে পারি, কোথায় উন্নতির জায়গা রয়েছে, এই সব কিছুই আমি বুঝে নিতে পেরেছি।' যোগ করেন, 'এবার যে ভুলগুলো করেছি সেগুলো নিয়ে খাটব। পরের বছর আইপিএলে আরও ভাল করার চেষ্টা করব। শুধু ভাল নয়, এবারের থেকে দ্বিগুণ ভাল করতে হবে যাতে আমার দল আইপিএল ফাইনাল খেলতে পারে এবং দলের জন্য আমি যাতে বড় অবদান রাখতে পারি সেটা মাথায় রেখেই তৈরি হতে চাই।'

# মাঠে ময়দানে

6 June, 2025 • Friday • Page 16 || Website - www.jagobangla.in

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল



মোহভঙ্গ, মেন্টর জাহির খানকে ছেঁটে ফেলতে পারে লখনউ সুপার জায়ান্টস


## রোহিত ও বিরাট অতীত, বুঝিয়ে দিলেন গম্ভীর

# উদাহরণ হতে চান শুভমন

**মুম্বই, ৫ জুন :** বিরাট কোহলি ও রোহিত শর্মার অবসর নিয়ে ভাবার সময় তাঁর নেই। পুরো ফোকাস এখন শুধুই আসন্ন টেস্ট সিরিজে। ইংল্যান্ড উড়ে যাওয়ার আগে স্পষ্ট জানিয়ে দিলেন গৌতম গম্ভীর।

পাঁচ টেস্টের সিরিজ খেলতে ইংল্যান্ড উড়ে যাওয়ার আগে বৃহস্পতিবার মিডিয়ার মুখোমুখি হয়েছিলেন অধিনায়ক শুভমন গিল এবং কোচ গম্ভীর। সেখানেই প্রশ্ন ওঠে, বিরাট, রোহিতের মতো দুই মহাতারকার টেস্ট অবসর ভারতীয় দলের জন্য কতটা চাপের। জবাবে গম্ভীর বলেন, ''আমাদের দলে অনেক ভাল ক্রিকেটার আছে। অভিজ্ঞতা ও তারুণ্যের চমৎকার মিশ্রণ রয়েছে দলে। তরুণদের কাছে এটা আরও একটা সুযোগ। আমাদের জন্য এই সিরিজ খুব গুরুত্বপূর্ণ। দলের সবাই আত্মবিশ্বাসী। আমার সামনের দিকেই তাকাচ্ছি।''

চাপ নিয়ে গম্ভীরের সোজাসাপ্টা জবাব, ''আমি তো সব সময় চাপে থাকি। এটা রেজাল্টের উপর নির্ভর করে না। নিউজিল্যান্ড ও অস্ট্রেলিয়ার কাছে সিরিজ হারের পর যেমন চাপে ছিলাম। তেমনই চ্যাম্পিয়ন্স ট্রফি জেতার পরেও চাপে আছি। তবে এটা আমার অভ্যাস হয়ে গিয়েছে। গোটা দেশ চায় কোচ হিসেবে আমি সব ম্যাচে সফল হই।'' এদিকে, ভারতের টেস্ট অধিনায়ক হিসেবে এটাই ছিল শুভমনের প্রথম সাংবাদিক বৈঠক। নতুন



সাংবাদিক বৈঠকে গিল ও গম্ভীর। মুম্বইয়ে।

চ্যালেঞ্জ নিতে তিনি তৈরি। জানিয়ে শুভমন বলেন, ''একজন নেতা হিসাবে উদাহরণ তৈরি করতে চাই। গড় বা সংখ্যায় খুব একটা বিশ্বাসী নই। তবে অবশ্যই নিজের ব্যাটিং পারফরম্যান্স দিয়ে সতীর্থদের অনুপ্রাণিত করতে চাইব।'' আরও বলেছেন, ''আমার নেতৃত্ব দেওয়ার কোনও নির্দিষ্ট ধরন নেই। আমি সতীর্থদের সঙ্গে আলোচনা করি। ওরা যাতে চাপমুক্ত হয়ে নিজেদের সেরাটা দিতে পারে, ড্রেসিংরুমে তেমন পরিবেশ তৈরি করার চেষ্টা করি।''

ওয়ার্কলোড ম্যানেজমেন্টের জন্য জসপ্রীত বুমরাকে আবার টানা পাঁচ টেস্টে খেলানো যাবে না। এই প্রসঙ্গে গম্ভীরের বক্তব্য, ''বুমরার বিকল্প খুঁজে পাওয়া মুশকিল। তবে আমাদের দলে প্রতিভার অভাব নেই। বুমরাকে কোন কোন ম্যাচে বিশ্রাম দেওয়া হবে, এই নিয়ে এখনও সিদ্ধান্ত নেওয়া হয়নি। পুরোটাই নির্ভর করছে, রেজাল্ট ও পরিস্থিতির উপর।'' বেঙ্গালুরুতে ঘটে যাওয়া মর্মান্তিক ঘটনা নিয়েও এদিন মুখ খুলেছেন গম্ভীর। তাঁর সাফ কথা, ''আমি বরাবরই রোড শো-র বিরুদ্ধে। আমার মতে, ট্রফি জেতার থেকেও ১১টি প্রাণ অনেক বেশি গুরুত্বপূর্ণ। ২০০৭ সালে টি-২০ বিশ্বকাপ জেতার পরেও আমি রোড শো-র বিরুদ্ধে ছিলাম। আশা করি, ভবিষ্যতে এমন ঘটনার আর সাক্ষী থাকতে হবে না।'' তিনি আরও বলেছেন, ''আমি কাউকে দায়ী করতে চাই না। তবে আয়োজকদের আরও সতর্ক হওয়া উচিত ছিল।'' দীর্ঘদিন পর টেস্ট দলে ফেরা করুণ নায়ার প্রসঙ্গে গম্ভীর বলেন, ''করুণের কাউন্টি ক্রিকেট খেলার অভিজ্ঞতা আছে। এছাড়া সদ্য ভারত 'এ' দলের হয়ে ডাবল সেঞ্চুরি করেছে। ওর অভিজ্ঞতা অবশ্যই দলের কাজে লাগবে। আশা করি, ও নিজের যোগ্যতা প্রমাণ করতে পারবে।''

# গিলের কাজটা খুব কঠিন হবে : পন্টিং





**মুম্বই, ৫ জুন :** টেস্ট ব্যাটিংয়ে আরও উন্নতি করতে হবে শুভমন গিলকে। যেহেতু আসন্ন ইংল্যান্ড সিরিজে নেতৃত্বের দায়িত্ব থাকবে শুভমনেরই কাঁধে, তাই কাজটা মোটেই সহজ হবে না। এমনটাই জানাচ্ছেন রিকি পন্টিং।

সংবাদ সংস্থাকে দেওয়া সাক্ষাৎকারে পন্টিং বলেছেন, ''সাদা বলের ফরম্যাটে শুভমনের ফর্ম নিয়ে কোনও প্রশ্ন নেই। তবে টেস্ট ম্যাচে ব্যাটিং নিয়ে ওকে আরও একটু খাটতে হবে। আর আপনি যখন সদ্য অধিনায়ক হয়েছেন, তখন এই কাজটা বেশ কঠিন। কারণ নিজের ব্যাটিংয়ের পাশাপাশি নেতৃত্বের চাপও শুভমনকে সামলাতে হবে।''

তবে এই মুহূর্তে টেস্ট অধিনায়ক হিসাবে শুভমনই যে সেরা বিকল্প, সেটা মেনে নিচ্ছেন পন্টিং। প্রাক্তন অস্ট্রেলীয় অধিনায়ক বলছেন, ''গত গ্রীষ্মে রোহিত যখন সিডনি টেস্ট থেকে সরে দাঁড়িয়েছিল এবং চোটের কারণে বুমরার খেলা নিয়েও অনিশ্চয়তা ছিল, তখন আমিই অধিনায়ক হিসাবে শুভমনের নাম বলেছিলাম।'' পন্টিং আরও বলেছেন, ''আমি শুভমনকে খুব একটা ভালভাবে চিনি না। ওর সঙ্গে হয়তো বার দশেক কথা হয়েছে। তবে গত দুটো বছরে অধিনায়ক হিসাবে ওকে পরিণত হতে দেখেছি। আইপিএলে তো গুজরাট টাইটান্সকে দারুণ নেতৃত্ব দিয়েছে।''

পন্টিংয়ের সংযোজন, ''ওকে দেখে মনে হয়েছে, বাড়তি দায়িত্ব ও উপভোগ করে। শুভমন এমন একজন, যে আগামী ১০ বছর ভারতীয় ক্রিকেটকে ভরসা দিতে পারে। দেখুন, আমি বেশ কয়েকজন গ্রেট টেস্ট ব্যাটারকে দেখেছি, যাদের রক্ষণ ততটা জমাট ছিল না। বীরেন্দ্র শেহবাগ এর আদর্শ উদাহরণ। যদি আপনি নিজের স্ট্রোক প্লে নিয়ন্ত্রণ করতে পারেন, তাহলে রক্ষণ নিয়ে অতটা চিন্তার কিছু নেই। টেস্টে ব্যাট করার সময় শুভমনকে আরও বেশি ফোকাস থাকতে হবে। এটাই ওর বড় চ্যালেঞ্জ।''

# সেরা পেসারদের ছাড়াই হেডিংলিতে স্টোকসরা

## ভারতের বিরুদ্ধে প্রথম টেস্টের দল ঘোষণা ইংল্যান্ডের



**লন্ডন, ৫ জুন :** আশঙ্কাই সত্যি হল! ভারতের বিরুদ্ধে প্রথম টেস্ট থেকে ছিটকে গেলেন গাস অ্যাটকিনসন। ডান পায়ের হ্যামস্ট্রিংয়ে চোট রয়েছে তাঁর। অ্যাটকিনসনের বদলি হিসাবে সুযোগ পেলেন অলরাউন্ডার জেমি ওভারটন। আগামী ২০ জুন থেকে হেডিংলিতে শুরু হচ্ছে ভারত-ইংল্যান্ড টেস্ট সিরিজ। বৃহস্পতিবার প্রথম টেস্টের জন্য ১৪ জনের স্কোয়াড ঘোষণা করেছে ইংল্যান্ড অ্যান্ড ওয়েলস ক্রিকেট বোর্ড (ইসিবি)। প্রত্যাশিতভাবেই অধিনায়ক বেন স্টোকস।

একের পর এক পেসারদের চোট কিছুটা হলেও সমস্যায় ফেলেছে ইংল্যান্ডকে। মার্ক উড ও অলি স্টোন আগেই ছিটকে গিয়েছেন। চোটের কারণে পিছিয়ে গিয়েছে জোফ্রা আর্চারের খেলাও। এবার এই তালিকায় যোগ হল অ্যাটকিনসনের নাম। ফলে চার সেরা পেসারকে ছাড়াই হেডিংলিতে খেলতে হবে ইংল্যান্ডকে। এরই মধ্যে সুখবর, গোড়ালির চোট সারিয়ে দলে ফিরেছেন অভিজ্ঞ পেসার ক্রিস ওকস।

এই পরিস্থিতিতে বড় চমক ৩১ বছরের ওভারটনের নির্বাচন। ইংল্যান্ডের একদিনের দলের নিয়মিত সদস্যের টেস্ট অভিষেক হয়েছিল ২০২২ সালে, নিউজিল্যান্ডের বিরুদ্ধে। ওই টেস্টে ব্যাট হাতে ৯৭ রান করার পাশাপাশি বল হাতে ২ উইকেট নিয়েছিলেন ওভারটন। তারপর থেকে আর টেস্ট খেলার ডাক পাননি তিনি। তবে হেডিংলিতে ওভারটনের খেলা নিয়ে সংশয় রয়েছে। কারণ সম্প্রতি ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে আঙুলে চোট পেয়েছিলেন তিনি। ইসিবি জানিয়েছেন, ওভার্টন আপাতত টিম ফিজিওর নিয়মিত পর্যবেক্ষণের মধ্যে রয়েছেন। এছাড়া দলে রাখা হয়েছে জেকব বেথেল এবং ব্রাইডন কার্সকে। ২১ বছর বয়সি বেথেল নিউজিল্যান্ডের বিরুদ্ধে অভিষেক টেস্ট সিরিজ খেলতে নেমেই নজর কেড়েছিলেন। ওই সিরিজে তিন নম্বরে ব্যাট করতে নেমে, তিনটি হাফ সেঞ্চুরি হাঁকান বেথেল। ফলে হেডিংলিতে অভিজ্ঞ ওলি পোপ না বেথেল, কে তিন নম্বরে ব্যাট করবেন, তা নিয়েও ধোঁয়াশা থাকছে।

**ঘোষিত দল: বেন স্টোকস (অধিনায়ক), হ্যারি ব্রুক, জো রুট, ওলি পোপ, জেকব বেথেল, শোয়েব বশির, ব্রাইডন কার্স, স্যাম কুক, জ্যাক ক্রলি, বেন ডাকেট, জেমি ওভারটন, জেমি স্মিথ, ক্রিস ওকস ও জস টাং।**

## আজ লাল বলে ফিরছেন রাহুল

**নর্দাম্পটন, ৫ জুন :** শুক্রবার থেকে শুরু হচ্ছে ভারত 'এ' দল বনাম ইংল্যান্ড লায়ন্সের দ্বিতীয় বেসরকারি টেস্ট। আর এই ম্যাচ দিয়েই লাল বলের ফরম্যাটে ফিরছেন কে এল রাহুল। আগামী ২০ জুন থেকে শুরু হবে ভারত-ইংল্যান্ড টেস্ট সিরিজ। তার আগে এই ম্যাচ খেলে প্রস্তুতি নেবেন রাহুল। আইপিএলে দুরন্ত ফর্ম থাকা ডানহাতি ওপেনার আগেই বোর্ডের কাছে অনুমতি চেয়েছিলেন ভারত 'এ' দলের হয়ে দ্বিতীয় বেসরকারি টেস্ট খেলার। সেই অনুমতি পাওয়ার পরেই লন্ডনে উড়ে গিয়েছিলেন তিনি। গত কয়েকদিন ধরে ভারত 'এ' দলের নেটে চুটিয়ে প্র্যাকটিসও করেছেন। রোহিত শর্মা ও বিরাট কোহলির অবসরের পর, আসন্ন টেস্ট সিরিজে রাহুলকে বাড়তি দায়িত্ব নিতে হবে। তবে তিনি ওপেন না মিডল অর্ডারে ব্যাট করবেন, তা নিয়ে ধোঁয়াশা রয়েছে। ইংল্যান্ড লায়ন্সের বিরুদ্ধে দ্বিতীয় ম্যাচে রাহুল ছাড়াও টেস্ট স্কোয়াডে থাকা আকাশ দীপ, যশস্বী জয়সওয়াল, করুণ নায়ার, অভিমন্যু ঈশ্বরন খেলবেন।

# প্রস্তুতি কামিন্সদের, ট্রফি চাই মার্করামের

## লর্ডসে টেস্ট ফাইনাল



**লন্ডন, ৫ জুন :** লন্ডন ভেনু অস্ট্রেলিয়ার কাছে ঘরের বাইরে ঘরের মতো। লর্ডসে অনেক সাফল্যের ইতিহাস রয়েছে অস্ট্রেলীয়দের। আগামী সপ্তাহে ১১ জুন লর্ডসে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল খেলতে নামছে অস্ট্রেলিয়া ও দক্ষিণ আফ্রিকা। গতবারের চ্যাম্পিয়ন প্যাট কামিন্সের অস্ট্রেলিয়া খেতাব ধরে রাখতে চায়। সেটা হলে প্রথম দল হিসেবে টেস্টের বিশ্বখেতাব ধরে রাখার নজির গড়বে কামিন্সের দল। অন্যদিকে, টেম্বা বাভুমার নেতৃত্বে দক্ষিণ আফ্রিকা আইসিসি ট্রফি জয়ের খরা কাটাতে মরিয়া। লন্ডন পৌঁছে ইতিমধ্যেই প্রস্তুতি শুরু করে দিয়েছেন প্যাট কামিন্স, স্টিভ স্মিথরা।

দক্ষিণ আফ্রিকার লক্ষ্য, প্রথমবার আইসিসি ট্রফি জয়। এবার ট্রফি খরা কাটানোর ব্যাপারে আশাবাদী প্রোটিয়া ব্যাটার আইদেন মার্করাম। ট্রেন্ড চলছে নতুন চ্যাম্পিয়নদের। পিএসজি প্রথমবার চ্যাম্পিয়ন্স লিগ জিতেছে। বিরাট কোহলির আরসিবি ১৮ বছরের অপেক্ষা শেষে আইপিএল চ্যাম্পিয়ন হয়েছে। মার্করাম বলেছেন, ''আশা করছি এই ট্রেন্ড বজায় থাকবে ডব্লুটিসি ফাইনালে। অনেক বছর ধরে আমরা আইসিসি ট্রফির পিছনে ছুটছি।''